The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 883 | 15 August 2025 | শুক্রবার ৩১ শ্রাবণ ১৪৩২


Mamdani accuses Cuomo of 'conspiring' with Trump
→ Page 18

Jaya Ahasan Engaged for many years

→ Page 19


NCP leaders meet US Chargé d'Affaires
→ Page 19

3,500 Homeless Removing From Street : Mayor

→ Page 18

# প্রবাসী ভোটাররা পাচ্ছেন স্মার্ট কার্ড

মনোয়ারুল ইসলাম

তৈরি হচ্ছে 'বিশেষ অ্যাপস'
এক্সপার্ট টিম আসছে নিউইয়র্কে
এনআইডি/স্মার্ট কার্ড প্রদান অক্টোবরে

প্রবাসীদের জন্য তৈরি হচ্ছে বিশেষ 'অ্যাপ'। এতে একটি প্লাটফর্মে কানেকটেড থাকবেন কোটি প্রবাসী বাংলাদেশি। পাসপোর্ট জটিলতার নিরসন , তাৎক্ষনিক সেবা, ন্যাশনাল আইডি প্রদান ও ভোটাধিকার নিশ্চিতই প্রধান লক্ষ্য। গত মঙ্গলবার ১২ আগষ্ট মঙ্গলবার মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে একটি হোটেলে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির সঙ্গে মতবিনিময়কালে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এ তথ্য প্রদান করেন। তিনি বলেছেন, আগামী নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা হবে।বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় প্রবাসী বাংলাদেশিদের কৃতজ্ঞতাও জানিয়েছেন তিনি। এদিকে কানাডায় বসবাসরত বাংলাদেশি প্রবাসী নাগরিকদের ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) প্রদান কার্যক্রমের উদ্বোধন করতে ২৮ আগস্ট কানাডা আসছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন। উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রবাসী ভোটারদের সঙ্গে একটি সভায়ও অংশ নেবেন তিনি।

তার এ সফরের মূল উদ্দেশ্য হলো টরেন্টো ও অটোয়ায় উদ্বোধনী অনুষ্ঠানগুলোতে যোগদান এবং কানাডায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন কার্যক্রমের সূচনা করা।

স্মাট কার্ড /ভোটার আইডি প্রশ্নে কনসাল জেনারেল মোজাম্মেল হকের দৃষ্টি আর্কষন করলে আজকালকে বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আমরা যোগাযোগ রাখছি। প্রবাসীদের ভোটাধিকার প্রক্রিয়ার প্রধান কাজ হচ্ছে স্মার্ট কার্ড প্রদান। নিউইয়র্কে কয়েক লাখ বাংলাদেশি বসবাস করেন। স্মার্ট ↘এরপর ৩৮ পৃষ্ঠায়



বিবাহভিত্তিক গ্রীণকার্ডে কড়াকড়ি

## ভুয়া স্বামী-স্ত্রী হলেই ডিপোর্ট

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বিবাহভিত্তিক গ্রীনকার্ডের নিয়ম আরও কঠোর করা হয়েছে। মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন সেবা সংস্থা (ইউএসসিআইএস) নতুন এক নির্দেশিকায় জানায়, এখন থেকে পরিবারভিত্তিক অভিবাসন আবেদন-বিশেষ করে দম্পতিদের গ্রীণকার্ড ↘এরপর ৩৯ পৃষ্ঠায়

৫০ হাজার ডলার বোনাস

## আইস পুলিশে ১ লাখ আবেদন



আজকাল রিপোর্ট

আইস পুলিশে চাকুরির জন্য ২ সপ্তাহে ১ লাখ আমেরিকান আবেদন করেছেন। অবৈধ ইমিগ্রান্ট বিতারন, খুনি, গ্যাং সদস্য, শিশু নির্যাতনকারী এবং সন্ত্রাসীদের অপসারণে ট্রাম্পের অভিযানের ↘এরপর ৩৯ পৃষ্ঠায়

## ১৫ আগস্ট উপলক্ষ্যে নিউইয়র্কে নানা আয়োজন



আজকাল রিপোর্ট

আজ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫০তম মৃত্যু-বার্ষিকী। আওয়ামী লীগের শাসনামলে দিনটিকে জাতীয় শোক দিবস হিসেবে পালন করতো। ↘এরপর ৩৬ পৃষ্ঠায়

বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি

## ভোটের আগে অনেক চ্যালেঞ্জ

মাসুদ করিম, *ঢাকা থেকে*



বাংলাদেশে ফেব্রুয়ারিতে নির্বাচনের বিষয় ধীরে ধীরে স্পষ্ট হচ্ছে। অনিশ্চয়তা অনেকটা কেটে গেছে। নির্বাচন কমিশন আগামী সপ্তাহে রোডম্যাপ ঘোষণা করবে। তখন ভোটের বিষয়ে একটা আমেজ সৃষ্টি হবে। কিন্তু ভোটের আগে রয়ে গেছে অনেক প্রশ্ন। জুলাই সনদ প্রণয়নে দলগুলো একমত হওয়া দূরের কথা কাছাকাছিও পৌঁছতে পারেনি। তার বাস্তবায়ন কীভাবে হবে সে বিষয়েও কোনও মতৈক্য হয়নি। নির্বাচনে বাংলাদেশের বড় দল আওয়ামী লীগ অংশ নিতে ↘এরপর ৩৮ পৃষ্ঠায়

## ওয়াশিংটনে ন্যাশনাল গার্ড মোতায়েন

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে পুলিশের ক্ষমতা সংকোচিত করে প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দেশে ন্যাশনাল গার্ড মোতায়েন করা হয়েছে। ওয়াশিংটন ↘এরপর ৩৯ পৃষ্ঠায়

## নিউইয়র্ক সিটি শিক্ষার্থীদের টেস্ট স্কোরে সাফল্য

আজকাল রিপোর্ট

মেয়র এরিক অ্যাডামস এবং নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর চ্যান্সেলর মেলিসা অ্যাভিলেস রামোস নিউইয়র্ক সিটির শিক্ষার্থীদের সাফল্যে মহাখুশি। টেস্ট স্কোরে ↘এরপর ৪৪ পৃষ্ঠায়

ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN
আমরা বাংলায় কথা বলি
CALL NOW (929) 810-2009
(470) 800-9213
MONIR MEHRAN, JD.
ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
$8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
তোফায়েল চৌধুরী
1900 Central Park Ave,Yonkers NY 10710

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
Moin Choudhury, Attorney at Law
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


সামছুদ্দীন আজাদ-এর কলাম
জুলাই সনদ ও সংস্কারের নামে
সন্ত্রাস ও লুটপাটের রাজত্ব
০৫ পৃষ্ঠায়


ইলিয়াস হোসেন-এর
কলাম সামাজিক মাধ্যমে
রাজনীতি
০৭ পৃষ্ঠায়


আজাদুর রহমান চন্দন-এর
কলাম পত্তনে চেনা সেই
মুলোই দেখছি
০৬ পৃষ্ঠায়






# নিউইয়র্কে নাট্যকার ও অভিনেতা মামুনুর রশীদের অভিনয়

আজকাল রিপোর্ট

বাংলা নাট্য বিকাশ ও নাট্য আন্দোলনে অগ্রণী ভূমিকা পালনকারী খ্যাতিমান নাট্যকার, নির্দেশক ও অভিনেতা মামুনুর রশীদ বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। এ উপলক্ষে অভিবাসী নাট্যশিল্পীদের মোর্চা 'থিয়েটার সাপোর্ট গ্রুপ' নিউইয়র্ক, টরন্টো, ক্যালগেরী ও আমুস্তারে তাঁর একক অভিনীত নাটক 'কুয়াত' প্রদর্শনী ও 'অর্গানিক অভিনয়' বিষয়ে একটি ছোট নাট্যকর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়। নিউইয়র্কে গত ৯ আগস্ট নাট্য প্রদর্শনী হয়েছে।

এরপর ২৪ পৃষ্ঠায়

# টেক্সাসে বন্দুকধারীর হামলায় শিশুসহ নিহত ৩

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের টেক্সাস রাজ্যের অস্টিন শহরে একটি দুপারশপে বন্দুকধারীর হামলায় এক শিশুসহ ৩ জন নিহত হয়েছেন। হতাহতদের তাৎক্ষণিকভাবে শনাক্ত করা সম্ভব হয়নি। সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়, গত সোমবার, ১১ আগস্ট স্থানীয় সময় দুপুর ২টা ১৫ মিনিটের দিকে রিসার্চ বুলেভার্ডে অবস্থিত টার্গেট স্টোরের পার্কিং লটে গুলির ঘটনায় তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় সন্দেহভাজন এক হামলাকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

হামলাকারীর মানসিক সমস্যার ইতিহাস রয়েছে জানিয়ে অস্টিনের পুলিশ প্রধান লিসা ডেভিস জানান, তিনি একজন ত্রিশোর্ধ্ব পুরুষ। লিসা ডেভিস জানান, হামলা চালানোর পর নিহতদের মধ্যে একজনের গাড়ি নিয়ে পালিয়ে যান হামলাকারী, অবশ্য কিছু দূরে গিয়ে গাড়িটি দুর্ঘটনার শিকার হয়।

এরপর ৩৯ পৃষ্ঠায়

# নিউইয়র্কে আটক অভিবাসিদের পক্ষে আদালতের নির্দেশ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে অভিবাসি বন্দিদের ইমিগ্রেশন হোল্ডিং সুবিধা উন্নত করার নির্দেশ দিয়েছেন একজন ফেডারেল বিচারক। গত মঙ্গলবার ট্রাম্প প্রশাসনকে কারাবন্দী অভিবাসীদের অভিযোগের ভিত্তিতে এই নির্দেশ দেয়া হয়। আটক থাকা একজন অভিবাসি পরিবেশকে নোংরা, অত্যন্ত দুর্গন্ধযুক্ত এবং উপচে পড়া ভিড় হিসেবে অভিহিত করার পর আদালত ট্রাম্প প্রশাসনকে অবিলম্বে এই নির্দেশ কার্যকর করার কথা বলেছেন বলে গণমাধ্যমে তথ্য প্রকাশিত হয়েছে।



আদালতে শুনানি শেষে 'আইস পুলিশ' কর্তৃক নিউইয়র্কে আটক এক অভিবাসি

বিচারক লুইস এ কাপলান বন্দীদের পক্ষে দায়ের করা একটি মামলায় রায় দিয়েছেন। একটি অস্থায়ী সংযত আদেশ জারি করার জন্য ইউএস ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্টকে ক্ষমতা সীমিত করতে, পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে এবং ম্যানহাটনের সরকারী ভবন ২৬ ফেডারেল প্লাজায় কথিত হোল্ড রুমে স্লিপিং ম্যাট সরবরাহ করতে বলা হয়। গত মাসে একজন বন্দীর দ্বারা রেকর্ড করা সেলফোন ভিডিওতে দেখা গেছে যে, প্রায় দুই ডজন লোককে বিল্ডিংয়ের চারটি হোল্ড রুমের একটিতে গাদাগাদি করে রাখা হয়। অনেকে কম্বল নিয়ে মেঝেতে পড়ে আছে কিন্তু কোনও গদি বা প্যাডিং নেই।

আদালতের নথিতে, আটকরা অভিযোগ করেছিল যে, তাদের কাছে সাবান, টুথব্রাশ বা অন্যান্য স্বাস্থ্যকর পণ্য নেই। তারা বলেছিল যে, তাদেরকে অখাদ্য জল খাওয়ানো হয়েছিল এবং ঘাম, প্রস্রাব এবং মলের অত্যধিক দুর্গন্ধ সহ্য করতে হয়েছিল। কারণ কক্ষগুলিতে খোলা শৌচাগার রয়েছে। মামলাটিতে বলা হয়েছে, 'গিরিফতার হওয়া এক মহিলা

এরপর ৪৫ পৃষ্ঠায়

# সোসাইটির সাবেক নেতৃবৃন্দের মিলনমেলা ২৪ আগস্ট

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির সাবেক কার্যকরি কমিটির সাবেক নেতৃবৃন্দের মিলনমেলা আগামী ২৪ আগস্ট রোববার লাগার্ডিয়া ম্যারিয়টে অনুষ্ঠিত হতে যাচ্ছে। আয়োজকরা জানান, অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি প্রায় শেষের দিকে। সাবেক নেতৃবৃন্দের প্রি রেজিস্ট্রেশন শুরু হয়েছে, এতে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে। সোসাইটির বর্তমান কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক সহ কমিটি অনেক সদস্য ও বোর্ড অব ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, নির্বাচন কমিশনের সাবেক সদস্যদের অনেকে রেজিস্ট্রেশন করেছেন। মিলনমেলা উপলক্ষ্য একটি স্মরণিকা প্রকাশ হবে। এ ছাড়া থাকবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনেকের অনুরোধে মিলন মেলার

এরপর ৩৬ পৃষ্ঠায়



# সিনিয়র সিটিজেন ফোরামের বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

সিনিয়র সিটিজেন ফোরাম অব বাংলাদেশি কমিউনিটির বার্ষিক বনভোজন রোববার ১০ জুলাই ব্রুকলনের ফেরি পয়েন্ট পার্কে অনুষ্ঠিত হলো। হোয়াইট স্টোন ব্রিজের নীচে মনোরম পরিবেশে এ বনভোজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ডা. এনামুল হক। উদ্বোধন করেন ট্রাস্টি বোর্ড সদস্য নাঈম টুটুল ও গেস্ট অনার হিসেবে থাকবেন সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম। ব্রুকলনের উদীয়মান এ সংগঠনটির অন্যতম সংগঠক কাজি রবিউজ্জামানের

এরপর ৩৪ পৃষ্ঠায়

# বন্ধ হতে যাচ্ছে নিউইয়র্কের স্কুল শিক্ষার্থীদের মোবাইল

আজকাল রিপোর্ট

আগামী সেপ্টেম্বর থেকে নিউইয়র্কের স্কুল পড়ুয়াদের মোবাইল ফোন নিষিদ্ধ করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে চ্যান্সেলর অভিলেন রামোস ও গভর্নর হোকুল মোবাইল ও ইলেকট্রনিক ডিভাইস স্কুলে ব্যবহারের নীতিমালা নিয়ে আলোচনা সেরেছেন। শিক্ষার্থীরা নতুন নিয়ম মোতাবেক স্কুলে প্রবেশের পর থেকে ছুটি পর্যন্ত 'বেল-টু-বেল' সময়ে মোবাইল ফোন, স্মার্টওয়াচ, ট্যাবলেট, ব্যক্তিগত ল্যাপটপসহ যে কোনো ইন্টারনেট ডিভাইস ব্যবহার করতে পারবে না। ক্লাস ছাড়াও টিফিন, স্টাডি হল, বিরতি এবং স্কুল প্রাঙ্গণের যে কোনো স্থানে মোবাইল ব্যবহার নিষিদ্ধ থাকবে। তবে স্কুলে যাওয়া ও আসার পথে বিশেষ করে গণপরিবহন ব্যবহারের

এরপর ৪০ পৃষ্ঠায়

# জ্যামাইকায় ছিনতাইকারীর হাতে বাংলাদেশি গুরুতর আহত



আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যামাইকায় অজ্ঞাত এক ছিনতাইকারী বাংলাদেশির গলায় থাকা স্বর্ণের চেইন ছিনিয়ে নেয়ার সময় তিনি বাধা দিলে মারাত্মকভাবে তাকে জখম করা হয়েছে। ঘটনার পরক্ষণেই রক্তাক্ত অবস্থায় পুলিশ তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। তার নাম রতন দে (৫৫)। বাংলাদেশে ব্রাহ্মণবাড়িয়া জেলার বাসিন্দা তিনি। আহত অবস্থায় রতন দে সাপ্তাহিক 'আজকাল'কে জানান, সোমবার রাত ১১.৩০ মিনিটে জ্যামাইকায় নিজ বাড়ির কাছের একটি দোকান থেকে কেনাকাটা শেষে বাসায় ফেরার সময় গলায় থাকা চেইনটি হঠাৎ ধাক্কা দিয়ে ছিনিয়ে নেয় এক ছিনতাইকারী। সে উচ্চতায় তার চেয়ে অনেক লম্বা ও শক্তিশালি। তার বয়স আনুমানিক (৪০)। রতন দে ছিনতাইকারীর কাছ থেকে চেইনটি উদ্ধারের

এরপর ২৪ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন | ব্যাংক্র্যাপসি | ক্রেডিট কার্ড মেটার | ডিভোর্স | চাইল্ড কাস্টডি | চাইল্ড সাপোর্ট | অর্ডার অব প্রোটেকশন | সিটিজেনশিপ | সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# সম্পাদকীয়

## ফেব্রুয়ারির নির্বাচন বাতিলে ডাকসুই হতে পারে হাতিয়ার

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠানে বদ্ধপরিকর। মালয়েশিয়াতেও তিনি তা বলেছেন। ইতোমধ্যে নির্বাচন কমিশনকে চিঠিও দেওয়া হয়েছে। ডিসেম্বরে তফসিল ঘোষণার কথা জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার। তারপরও নির্বাচন ঠেকাতে নানামুখী ষড়যন্ত্র শুরু হয়েছে। ষড়যন্ত্র মোকাবিলা করার জন্য বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কয়েক দিন ধরে সমাবেশগুলোতে সতর্ক থাকার জন্য দলীয় কর্মীদের আহ্বান জানিয়েছেন। এদিকে এনসিপি ঘোষণা দিয়েছে, ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না। নির্বাচনের আগে সব সংস্কার সম্পন্ন করার জন্য অনেকগুলো প্লাটফর্ম ইতোমধ্যে সক্রিয় হয়ে উঠেছে। বিভিন্ন জরিপের নামে নতুন নতুন তথ্য প্রকাশ করা হচ্ছে। সব তথ্যই ফেব্রুয়ারিতে নির্বাচন বাধাগ্রস্ত করার পক্ষে। যারা জরিপ পরিচালনা করছেন তারা অনেকেই পরিচিত আবার কিছু কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠান সংস্কারের পক্ষ নিয়ে কাজ করছে অথচ ঐকমত্য কমিশন সংস্কার বিষয়ে সব রাজনৈতিক দলের সঙ্গে ন্যূনতম সমঝোতায় পৌঁছেছে। ঐকমত্য কমিশনে আরও কিছু কাজ অবশিষ্ট থাকায় কাজগুলো সম্পন্ন করার জন্য ১৫ সেপ্টেম্বর পর্যন্ত মেয়াদ বাড়ানো হয়েছে। এ অবস্থায় একদিকে বিএনপিসহ অধিকাংশ দলের প্রার্থীরা নির্বাচনি মাঠে তৎপরতা শুরু করেছেন, অন্যদিকে যারা ফেব্রুয়ারিতে নির্বাচন চাচ্ছে না তারাও তাদের মতো করে অপতৎপরতা চালিয়ে যাচ্ছে। অনেকে অভিযোগ করছেন, ফেব্রুয়ারিতে নির্বাচন ঠেকানোর জন্য সরকারের ভিতরেও একটি অংশ ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। জাতীয় নির্বাচনের আগে ডাকসু, চাকসু, রাকসু নির্বাচন সেই ষড়যন্ত্রেরই অংশ। নির্বাচনকে কেন্দ্র করে তিনটি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ অশান্ত করে জাতীয় নির্বাচন বানচালের অপচেষ্টা হতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকগণ।

> এতে ফেব্রুয়ারিতে নির্বাচন ঠেকানোর ষড়যন্ত্রকারীরা সুযোগ পাচ্ছে। বর্তমান সরকারের হালুয়া রুটির অংশীদারদের বড় বড় অংশটিই ফেব্রুয়ারিতে নির্বাচনের বিরুদ্ধে মাঠে রয়েছে

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, লন্ডন বৈঠকে নির্বাচন নিয়ে যে যৌথ বিবৃতি দেওয়া হয়েছে তা অনেকের সহ্য হচ্ছে না। এর পর থেকেই ষড়যন্ত্র, শুরু হলো সংঘাত, রক্তপাত। বিভিন্ন কায়দায় ইস্যু সৃষ্টি করে দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরি করা হচ্ছে। এর মাধ্যমে একটি মহল দেখাতে চায়, দেশে নির্বাচনের পরিবেশ নেই। সবকিছুর পেছনে ওই একটি কারণ। তা হলো নির্বাচনকে বিলম্বিত করা। জাতীয় পার্টির (জাফর) চেয়ারম্যান ও ১২ দলীয় জোটের প্রধান মোস্তফা জামাল হায়দার বলেছেন, ফেব্রুয়ারিতে নির্বাচন ঠেকানোর জন্য বিভিন্ন প্রচেষ্টা চলমান এ নিয়ে সন্দেহ নেই। তারেক রহমানের সঙ্গে দুই দিন আগেও বৈঠক হয়েছে। বৈঠকে নির্বাচন নিয়ে তাকে বেশ আশাবাদী দেখা গেছে। তবে বিএনপি বিভিন্ন সমাবেশে তিনি নির্বাচন নিয়ে ষড়যন্ত্রের কথা বলছেন। এটি অমূলক কিছু না। বিভিন্ন অমীমাংসিত বিষয় রয়েছে এগুলো অস্বীকার করা যায় না। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছে ফেব্রুয়ারিতে। নির্বাচন ফেব্রুয়ারিতে হবে না।

ফেব্রুয়ারিতে নির্বাচনের পক্ষের দলগুলো বলছে, অন্তর্বর্তী সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় জাতীয় সংসদ নির্বাচন ব্যাহত করতে নানামুখী ষড়যন্ত্র হচ্ছে। তাদের সন্দেহ, হামলা-সংঘর্ষের মাধ্যমে পরিকল্পিতভাবে আইনশৃঙ্খলার অবনতি ঘটানো, বিএনপির শীর্ষস্থানীয় নেতাদের নিয়ে কটূক্তি এবং দলের বিরুদ্ধে নানা অপপ্রচারও নির্বাচন ঠেকানোর নীলনকশার অংশ। তারা বলছেন, একটি মহলের 'বিপ্লবী সরকার' গঠনের পরিকল্পনা আছে। এরই অংশ হিসেবে সাম্প্রতিক সময়ে নানা অপ্রীতিকর ঘটনা ঘটানোর চেষ্টা চলছে। কয়েকটি রাজনৈতিক দল দেশে এক ধরনের অস্থিতিশীলতা তৈরির চেষ্টা করছে। বর্তমান সরকারের ক্ষমতা দীর্ঘায়িত করা গেলে দেশে তাদের এক ধরনের কর্তৃত্ব থাকবে। নির্বাচন হলে তারা হয়তো ক্ষমতায় যেতে পারবে না- এমনটি ভেবে বিএনপিকে ঠেকানোর অংশ হিসেবে নানা ঘটনার পরিকল্পনা করছে তারা। এ কাজে নতুন একটি দলকে তারা ব্যবহার করছে। এর উদ্দেশ্য হচ্ছে, নির্বাচন ঠেকানো। কারণ নির্বাচন ছাড়াই যারা ক্ষমতার স্বাদ পাচ্ছে, নির্বাচনের পর তাদের সেই ক্ষমতা না-ও থাকতে পারে।

তারা বলছেন, গণতন্ত্রে উত্তরণের পথকে বিঘ্নিত করতে এবং আগামী ফেব্রুয়ারিতে প্রতিশ্রুত জাতীয় সংসদ নির্বাচনকে ব্যাহত করতে মহলটি পরিকল্পিতভাবে মবোক্রেসি, হত্যা, ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজি ইত্যাদি অপরাধমূলক কর্মকাণ্ড বৃদ্ধি পাচ্ছে। এ ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলোর অযোগ্যতা এবং নিষ্ক্রিয়তা পরিস্থিতিকে আরও অবনতির দিকে নিয়ে যাচ্ছে। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টারা গণমাধ্যমে শুধু কথাই বলছেন কিন্তু কার্যকরী পদক্ষেপ নিতে ব্যর্থ হচ্ছেন। এতে ফেব্রুয়ারিতে নির্বাচন ঠেকানোর ষড়যন্ত্রকারীরা সুযোগ পাচ্ছে। বর্তমান সরকারের হালুয়া রুটির অংশীদারদের বড় বড় অংশটিই ফেব্রুয়ারিতে নির্বাচনের বিরুদ্ধে মাঠে রয়েছে।

## জুলাই সনদ ও সংস্কারের নামে সন্ত্রাস ও লুটপাটের রাজত্ব

সামছুদ্দীন আজাদ



জুলাই বিপ্লবের নামে চলছে উন্মাদনা আর আস্ফালন। ২০২৪ সালের জুলাই মাসে কোটা আন্দোলনের নামে আওয়ামী লীগ সরকারকে উৎখাত করার জন্য মাঠে নামে স্বাধীনতা বিরোধী আল বদর, রাজাকার, জঙ্গি - মৌলবাদী, বিএনপি সহ অসংখ্য সংগঠন। মূলত এরা দীর্ঘদিন ক্ষমতার বাইরে থাকার কারণে এক ধরনের আওয়ামী লীগ বিদ্বেষী হয়ে উঠেছে- এখানে উল্লেখ্য যে বিএনপি ছাড়া ওই সব সংগঠনগুলোর অস্তিত্ব শুধু কাগজে-কলমে, বাস্তবে এসব সংগঠনের কোনো অস্তিত্বই নাই।

আগামী একশত বছরেও সংসদের একটি আসনে ও তারা জিততে পারবে না। এমনকি জামাত সর্বশেষ নির্বাচন করে সংসদে মাত্র দুটি আসন পেয়েছিলো। এই জামাতের অস্তিত্ব অনেকটা বিলীন হওয়ার পথে ছিল। বিএনপিতে ভর করেছে দেশবিরোধী রাজাকার খুনি দেশে নাশকতা সৃষ্টিকারী - সব সন্ত্রাসীরা। এরা বিগত ৫৫ বছরে যত অঘটন ঘটিয়েছে এই বাংলাদেশে - সব বিএনপির আশ্রয়ে প্রশ্রয়ে। বিএনপির জন্ম দিয়ে গেছে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আই এস আই, তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট নিক্সন এর পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার। বঙ্গবন্ধুর খুনিরা সবাই জিয়ার আশ্রয় প্রশ্রয়ে - পৃষ্ঠপোষকতায় থেকে বঙ্গবন্ধুকে খুন করে। আবার এই খুনিদের বিদেশে পালিয়ে যেতে সাহায্য করে এই জিয়াউর রহমান। আবার খুনিদের বিচারের পথ ও রুদ্ধ করেছে এই জিয়া - ইনডেমনিটি অধ্যাদেশে সই করে। পরবর্তীতে জিয়ার স্ত্রী ও এই খুনিদের পৃষ্ঠপোষকতা দেয় পররাষ্ট্র মন্ত্রণালয়ে চাকুরী দিয়ে পুরস্কৃত করে। আবার ১৫ ফেব্রুয়ারি ১৯৯৬ তে ভুয়া ভোট করে এক খুনিকে তার সংসদের বিরোধীদলীয় নেতা বানায়। এই বিএনপি ২০০১ সালে নির্বাচন করে কুখ্যাত যুদ্ধাপরাধী রাজাকারদের সঙ্গে নিয়ে - সে সময়ও ভোট ডাকাতি করে জয় লাভ করে যুদ্ধাপরাধীদের মন্ত্রী পরিষদের স্থান দেয়। এই থেকে বাংলাদেশে জঙ্গিবাদের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। বিএনপি, হারকাতুল জিহাদ, হিজবুত তাহেরি, জামাত সহ সব ধর্মভিত্তিক রাজনৈতিক দল ঐক্যবদ্ধ হয়ে দেশে নাশকতা চালায় - আওয়ামীলীগ সরকারের পতন ঘটে। ড. ইউনূসকে ক্ষমতায় বসায় সবাই মিলে - আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করে দেয়ার জন্য, কারণ আওয়ামী লীগ মাঠে থাকলে তারা কোনদিন ভোটে জিততে না-আর ড. ইউনূস সেই কাজটি সফলভাবে করে যাচ্ছেন, তার এই ফ্যাসিবাদী অগণতান্ত্রিক চরিত্র বিশ্বের ইতিহাসে একটি নির্লজ্জ বর্বরতার ঘৃণ্যতম নজির হয়ে থাকবে। আর এই জঙ্গি সন্ত্রাসীরা এবার মাঠে নেমেছে জুলাই সন্ত্রাসের রাষ্ট্রীয় স্বীকৃতি আদায় করার জন্য আর সংস্কারের নামে-মুক্তিযুদ্ধের চেতনায় প্রতিষ্ঠিত বাংলাদেশকে জঙ্গিবাদী তালেবান রাষ্ট্র বানানোর জন্য।

> যুদ্ধাপরাধী-নিজামি, মুজাহেদী, কাদের মোল্লা, সাকা চৌধুরীর মত লোকদের মন্ত্রী বানিয়ে পাকিস্তান নামক পরাজিত শক্তিকে খুশি করেছে। আজ ড. ইউনূস ক্ষমতা দখল করে যুদ্ধাপরাধী রাজাকারদের রাষ্ট্রের গুরুত্বপূর্ণ জায়গায় বসিয়ে দিয়েছে, একইভাবে বিএনপি'র সব অপরাধীদের জেল থেকে মুক্ত করে দিয়ে খালেদা জিয়া ও তারেক জিয়াকে খুশি করেছে

তারা বলতে চায় বাংলাদেশে নাকি তারা সং লোকের শাসন কায়েম করবে আর গণতন্ত্র প্রতিষ্ঠা করবে, দেশে শান্তি -শৃঙ্খলা আর সুখ ফিরিয়ে আনবে। বিগত এক বছরে বাংলাদেশ হয়ে উঠেছে একটি মগের মুল্লুক, সন্ত্রাস, হত্যা, ধর্ষণ, লুটপাট, আওয়ামী লীগ নিধন, মোটকথায়, আদালত সর্বত্র জঙ্গিদের পুনর্বাসন-সব মিলিয়ে বাংলাদেশ হয়ে উঠেছে একটি সন্ত্রাসী জঙ্গি মৌলবাদের আস্তানা। এখানে অপরাধ আর অন্ধকার ছাড়া আর কিছুই নাই। বিগত এক বছরে যে হত্যা ধর্ষণ লুটপাট চুরি ডাকাতি হয়েছে - আমি চেষ্টা করেছি সাধ্যমত তুলে ধরার জন্য। আর গত এক মাসে দেশে যা ঘটেছে - সামাজিক যোগাযোগ মাধ্যমে যতটুকু পেয়েছি আমি লিপিবদ্ধ করে রেখেছি - শুধুমাত্র এক মাসের চিত্রই এখানে তুলে ধরছি -আর এসব থেকে প্রমাণিত হবে জুলাই বিপ্লব ছিলনা- ছিল জঙ্গি সন্ত্রাসী হামলা আর সংস্কার মানে বাংলাকে পুরোপুরি পাকিস্তান বানিয়ে ফেলা। নিম্নে ড. ইউনূস - এনসিপি, জামাত, বিএনপির সন্ত্রাসের নমুনা তুলে ধরা হলো। সাদেক হোসেন খোকার ছেলে ইশরাকের নগর ভবন দখল, ৪০ দিন পর পিছু হটলো। ফরিদপুরে জামাত নেতার বাসা থেকে মাদক, ইয়াবা, আপত্তিকর ভিডিও, পর্নোগ্রাফি সামগ্রী সহ অবৈধ জিনিসপত্র উদ্ধার। ফেনীতে জামাত নেতার আপত্তিকর ভিডিও প্রকাশ। দিনে বিএনপি নেতা, রাতে ডাকাত সর্দার সেজে ডাকাতি- সেনাবাহিনীর হাতে আটক। প্রকাশ্য দিবালোকে পিটিয়ে হত্যা করা হচ্ছে আওয়ামী লীগ নেতাকর্মীদের সারাদেশে একসাথে। বিমানবন্দরের লাগেজ না কেটে সরাসরি লাগেজ চুরি। নারী এনজিও কর্মী ফারজানা কে দুইদিন ধরে আটকে রেখে ধর্ষণ করেছে পশুবী বিএনপি নেতা

এরপর ৪২ পৃষ্ঠায়

## আত্মঘাতী জাতির লুটেরা চক্র

রাজু আহমেদ



ব্রিটিশরা ভারতবর্ষে ১৯০ বছর ধরে লুটতরাজ চালিয়ে নিজেদের দেশকে মনের মতো করে সাজিয়েছে। উপমহাদেশ থেকে চুরি করা কোহিনুর মুকুট শোভা বৃদ্ধি করছে ব্রিটিশ রাজপরিবারের পুত্রবধূদের মাথায়! সুলতান মাহমুদের ভারত আক্রমণের একমাত্র উদ্দেশ্য ছিল নিজ সম্প্রদায়ের দারিদ্র্য দূর করে সমৃদ্ধ করা। চেঙ্গিস খানের দুর্নাম বিশ্বব্যাপী, অথচ মঙ্গোলীয়দের কাছে তিনি জাতীয় বীর। এটাকেই বলে দেশপ্রেম। রবিনহুডেরলুটতরাজ ছিল গরিবকে সাহায্যের উদ্দেশ্যে। অথচ বাঙালি? নিজের দেশে যারা চুরি করে বিদেশে পাচার করে, নিজের ঘরে যারা ডাকাতি করে সম্পদশালী হয়-এদেরকে কি দেশপ্রেমিক বলা যাবে? নীরদচন্দ্র চৌধুরীর লেখা আত্মঘাতীবাঙালির প্রেক্ষাপট ভিন্ন হলেও হাল আমলের সাথে শিক্ষা প্রাসঙ্গিক-যে জাতি লোভীরা সোর্ষে না, যাদের রুচি দুর্ভিক্ষে আক্রান্ত এবং যারা নিজেদের সম্পদ লুটতরাজ করে, তারা আত্মঘাতীই বটে। টাকা ও ক্ষমতা যাদের অন্ধ করে, ভোগ ও স্বার্থ যাদের অমানুষ বানায়-তাদের দিয়ে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা সম্ভব নয়। যারা বিক্রি হওয়া বিবেক নিয়ে চলে, যারা আইন ও শৃঙ্খলাকে শত্রু মনে করে-তারা দেশ ও জাতির প্রকাশ্য শত্রু।

বেঁচে থাকার জন্য খাদ্যের বিকল্প নাই। অথচ মরণঘাতীরাসায়নিকে খাদ্যের শরীর ও স্বাস্থ্য ভরা। রাস্তার মোড়ে মোড়ে হাসপাতাল ও ক্লিনিক, চোখের সীমায় অসংখ্য ফার্মেসি-সবই খাদ্যে বিষক্রিয়ার জন্য দরকার পড়ছে! অসুখ এখন বিক্রি হয় হাজার কোটির বাণিজ্যে- ভোক্তাও মানুষ,ক্রেতাওমানুষ!বাজারেরসবকিছুতেভেজালেরসয়লাব। খাঁটি কিছু পাওয়া যাবে বলে মনে হয় না। ক্রেতাকে বিশ্বাসে বাধ্য করাতে বিক্রেতার উচ্চারিত "খাঁটি" শব্দটুকুতেই যা স্বস্তি। নয়তো মাছ, মাংস, সবজি কিংবা চাল-কোনোকিছুইভেজালমুক্ত নয়। শতভাগ খাঁটি মাটিকেও রাখেনিবাঙালি! কবি আক্ষেপ করে বলেছিলেন, 'রেখেছোবাঙালি করে, মানুষ করোনি!' উৎপাদনের সাথে জড়িত কৃষক থেকে শুরু করে বিপণনকারী পর্যন্ত সবাই ভেজাল মেশাচ্ছে। আইনশৃঙ্খলারক্ষাকারী বাহিনী যখন ঘিরে ধরে তখন একেকজন ভেজা বিড়ালের মতো সাজে-যেন দুধের শিশু, কিছুই বোঝে না। অথচ এরাইশিশুখাদ্যেও ভেজাল দেয়। মানুষ যাবে কোথায়? যা খেয়ে বাঁচার, সুস্থ থাকার এবং স্বাস্থ্য গঠনের স্বপ্ন দেখে, সেসবই অসুখ ডেকে আনে। খাদ্য খাচ্ছি নাকি বিষ-সেটার ফয়সালা হওয়া দরকার। মস্তিষ্কের ক্যান্সার এখন শরীরের ক্যান্সারকে লালন করছে। অথচ দায়িত্বশীলগণ কারো প্রশ্নের কোনো এজেন্ডার দিতে চাচ্ছে না বা পারছে না।

হাসপাতালে ডাক্তার দেখাতে গেলে জোগাড়ি। পরিবহনে সেবীতে গেলে সিন্ডিকেট। বাজার ব্যবস্থা মনোপলির দখলে। সব ছেড়ে ছুঁড়ে পাহাড় কিংবা সাগরে গেলেও দেখা হবে-এখানে যারা সেবা দেওয়ার নাম করে বসেছে বা দায়িত্ব নিয়েছে, তারা পর্যটকদের ঠকাতে ও জোগাড়িতে ফেলতে একাট্টা। বৃহদাংশ মানুষ কতিপয় অমানুষের কাঠপুতুলজিম্মি। যে যার স্বার্থ লুটে নিতে ব্যস্ত। জাতীয় সম্পদ নষ্ট হচ্ছে অথচ জনতা সেটাকে সরকারের সম্পদ জেনে চুপ করে আছে। নদী দখল হচ্ছে, পাহাড় কাটা হচ্ছে কিংবা পরিবেশের শত্রু পলিথিনেরসয়লাবে অপসংস্কার-অথচ ভালো মানুষগুলো প্রায় নীরব। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করে দেওয়ার কারণে যে বিপর্যয় তৈরি হবে, জীববৈচিত্র্য বিলীন হবে-তাতে সৃষ্ট মহাদুর্যোগের কবল থেকে কেউই রক্ষা পাবে না। কুমিল্লায় ভারতের ছেড়ে দেওয়া পানিতে সৃষ্ট বন্যায় বরিশালে বসে আমি চুপ করে থাকতে পারি, তবে সেখানকার বন্যায় ক্ষতি হওয়া ধানের রেশ আমার কাছে এসে চালের চড়া দামে শোধ হবে!

কী হচ্ছে চারদিকে? আমরা তো আশুব্র কারাকে বিশ্বাস করেছিলাম এবং অতি আশা করেছিলাম। সাদা পাথরের সৌন্দর্য নষ্ট করতে, সেখানে লুটপাট চালাতে যে ইমামইমামতি করেছে তার জানাজা কি নিশ্চিত হয়েছে? দায়িত্বশীলদের আসলে দায়িত্ব কী? চোখের সামনে শত শত নৌকায় হাজার হাজার টন পাথর লুট হয়ে গেলো অথচ কেনযুকে সাড়াশব্দ ছাড়া আর কোনো প্রতিকার নেই? হজের সময় মিনার জামারাতে শয়তানকে উদ্দেশ্য করে পাথর নিক্ষেপের মধ্যে মানুষের জন্য কোনো শিক্ষা নেই? যারা মানবতার বিরুদ্ধে যাবে, চাঁদাবাজি ও লুটতরাজ করবে, স্বার্থের জন্য সম্পদ ও সৌন্দর্য নষ্ট করবে এবং জাতির সাথে বিশ্বাসঘাতকতা করবে-তাদের প্রয়োজনে পাথর নিক্ষেপ করে প্রতিহত করতে হবে। শক্তিশালী হাত শরীরের সাথে আছে না? পাথর তো জমিনে বিছানার মতোবিছানো। কাজেই হাতে নিন এবং চোরদের দিকে পাথর নিক্ষেপ করতেই থাকুন। যতক্ষণ অনাচার বন্ধ না হয়, ততক্ষণ জাগ্রত থাকতে হবে। বিবেককে ঘুমাতে দিলে সর্বনাশ নেমে আসবে।

মুখের নীতিকথা এবং কাজের ধরনে বিস্তর ফারাক দেখি। নিজের দেশকে শ্মশানে পরিণত করতে কেউ এভাবে উঠেপড়ে লাগে? ভোলাগঞ্জে সাদা পাথরে এখন মরুভূমির ছাপ। চোরদের জাতীয়ভাবেশাস্তিস্বরূপ লজ্জা দিতে হবে। সকল ধরনের অন্যায়কারীকে সামাজিকভাবে বয়কট করতে হবে। যাদের চোখ অরুচির রোগে

এরপর ৪০ পৃষ্ঠায়

> যে দেশে বিএ-মাস্টার্স পাশের অভাব নেই, সে দেশে এইট পাশ জনপ্রতিনিধি নির্বাচনের নিয়মই অনেক অনিয়মের সূতিকাগার। মৌলিক সংস্কার ছাড়া কোনো স্বপ্ন পূরণের আশা নেই। কেবল ভোটের অধিকার নিশ্চিত করার মাধ্যমে এ দেশ কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাবে না। জনতার বিক্রি করা রায়, স্বার্থান্ধ ও স্বার্থান্বেষী শ্রেণীর সম্পর্ক ও চাওয়া টাকায় দফারফা হওয়া-আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠার প্রধান অন্তরায়। এ থেকে যে-কোনো মূল্যে মুক্তি দরকার

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# নির্বাচন তার গন্তব্য খুঁজে পাবে তো?

প্রকৌশলী সালাহউদ্দিন আহমেদ রায়হান

প্রধান উপদেষ্টা তার কথামতো নির্বাচন কমিশনকে চিঠি পাঠিয়েছেন নির্বাচনের সার্বিক প্রস্তুতি শুরু করার জন্য! নির্বাচন কমিশন এই চিঠি গ্রহণ করেছে। দীর্ঘদিন ধরে রাজনৈতিক পরিমন্ডলে নির্বাচনের সুনির্দিষ্ট রোডম্যাপ ঘোষণার একটি প্রচণ্ড চাপ ছিল অন্তর্বর্তী সরকারের উপর। আবার জুলাই ঘোষণাপত্র এবং জুলাই সনদের ব্যাপারেও একটি প্রত্যক্ষ চাপ ছিল বিভিন্ন রাজনৈতিক দলের দিক থেকে। প্রধান উপদেষ্টা দুইটি চাপকে প্রশমিত করার জন্য খুব প্রজ্ঞার সাথে জুলাই অভ্যুত্থানের সবচেয়ে তাৎপর্যপূর্ণ তারিখ ৫ আগস্টকে বেছে নিলেন।

তিনি ৫ আগস্ট একই সাথে জুলাই ঘোষণাপত্র পাঠ করলেন আবার জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে নির্বাচন নিয়ে ধোঁয়াশা কাটালেন। কিন্তু রাজনৈতিক বাতাস কি বন্ধ হল? জুলাই ঘোষণাপত্রের নানান বিষয় নিয়ে কিছু কিছু রাজনৈতিক দল আপত্তি জানালো। কেন ১৯৪৭ এর আজাদি স্থান পেলনা, কেন বিডিআর বিদ্রোহ, হেফাজতের জনসভায় হামলা ও শাপলা হত্যাকাণ্ড, ২৮ অক্টোবরের লগি-বৈঠার তাণ্ডব, মাদ্রাসার আলেম এবং ছাত্র-ছাত্রীদের অবদান স্থান পেলো না। কেন প্রবাসী ও অনলাইন এক্টিভিস্টদের ভূমিকার উল্লেখ নেই ইত্যাদি। আবার নির্বাচনের ব্যাপারেও একটা প্রচ্ছন্ন শর্ত ছুড়ে দেওয়া হচ্ছে কোনো কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকে। যেমন-জুলাই সনদের বাস্তবায়ন এবং বিচার কার্যক্রমের অগ্রগতি ছাড়া নির্বাচনের সময়সীমা নির্ধারণ করা উচিত হয়নি বা লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণ ছাড়া নির্বাচন কার্যক্রম শুরু করা উচিত হবে না।

সরকারের পক্ষ থেকে নিশ্চয়তা পাওয়ার পর জনমনে একধরনের স্বস্তি বিরাজ করছে। যেই রাজনৈতিক দলগুলো আপাতদৃষ্টিতে বিরোধিতা করছে তারাও নির্বাচন বর্জনের কথা বলছে না, তাদের কিছু অবজারভেশনের কথা বলছে। যেহেতু নির্বাচনের সুনির্দিষ্ট রোডম্যাপ পাওয়া যাচ্ছিলো না তাই নির্বাচন কমিশনও তাদের নির্বাচন সম্পর্কিত কর্মপন্থাগুলো সুচারুভাবে এগিয়ে নিতে পারছিল না। কিন্তু ৫ই আগস্ট প্রধান উপদেষ্টার বক্তৃতার পর নির্বাচন কমিশনাররা নিজেদের মধ্যে বৈঠক করে এবং সুনির্দিষ্ট কিছু কর্মপন্থা বা লক্ষ্য নির্ধারণ করে।

এবারের নির্বাচনে সর্বপ্রথম প্রবাসীরা ভোটদানের সুযোগ পেতে যাচ্ছেন। এ নিয়ম আগেও ছিল, কিন্তু এর কোনো কার্যকারিতা ছিলো না। এবারই প্রথম পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রবাসীরা, ৭১টি কারাগারে আইনি হেফাজতে থাকা বাংলাদেশি নাগরিক এবং সরকারি কর্মকর্তারা ভোট দেবেন। প্রবাসী ভোটারদেরকে ভোটদানে সুযোগ দেয়ার দাবি দীর্ঘদিনের-সুতরাং এর সঠিক ব্যবস্থাপনা নির্বাচনে একটি নতুনত্ব আনবে।

সিসি ক্যামেরা আউটসোর্সিং বা ভাড়া নেয়ার কথা ভাবছে কমিশন। এর আগে সব কেন্দ্রে সিসি ক্যামেরা ব্যবহৃত হয়নি। প্রায় ৪৫০০০ পোলিং সেন্টার, প্রতিটা সেন্টারে একাধিক পোলিং বুথ; সুতরাং এখানেও লজিস্টিক সাপোর্টসহ সঠিক ব্যবস্থাপনা প্রয়োজন।

নির্বাচনি কার্যক্রমে র‍্যাবকে সংযুক্ত না করার পরিকল্পনা আছে নির্বাচন কমিশনের। প্রার্থী বা দলের জন্য আরপিও বা গণপ্রতিনিধিত্ব আদেশ চূড়ান্ত করা হয়েছে। এতে নতুন করে মিসইনফরমেশন, ডিসইনফরমেশন এই রুল যুক্ত করা হয়েছে। তাছাড়া প্রার্থীরা প্রচারণার ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই( অও) ব্যবহার করতে পারবে না। তবে দেশের বাইরে থেকে বা দেশেও কেউ এআই ব্যবহার করলে তার জন্য কী ধরনের পদক্ষেপ নেয়া হবে সে ব্যাপারে এখনো কোনো কংক্রিট সিদ্ধান্ত হয়নি।



নির্বাচনের সময় ইন্টারনেটের স্পিড (ব্যান্ডউইথ) কমানোর কোনো সিদ্ধান্ত হয়নি। যতটা সম্ভব প্রযুক্তিকে তার স্বাভাবিক গতিতে রাখার প্রয়াস রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেছে নির্বাচন কমিশন।

নির্বাচন কমিশন ভোটের তারিখ থেকে কমপক্ষে ৬০ দিন সময় হাতে রেখে তফসিল ঘোষণা করবে এবং ১৮ ফেব্রুয়ারি রমজান শুরু হবে; এই লক্ষ্য নিয়ে এর আগেই যেন নির্বাচিত সরকার শপথ গ্রহণ করতে পারে সেই ভাবে ভোটের তারিখ নির্ধারণ করবে। বাংলাদেশে এখন একটি অস্থির সময় বিরাজ করছে। ৫৪ বছরের বাংলাদেশে এই প্রথম কোনো প্রধানমন্ত্রী তার মন্ত্রিসভা ও সংসদ সদস্য সবাই পালিয়ে গেছেন। এমনকি জাতীয় মসজিদের খতিব পর্যন্ত পালিয়ে গিয়েছেন। এরকম একটি অস্থির সময়ে প্রফেসর ইউনূসের নেতৃত্বে ২০২৪ সালের ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার দায়িত্বভার গ্রহণ করে। দায়িত্ব নেয়ার পর থেকেই বিভিন্ন প্রতিষ্ঠানের নানান দাবি দাওয়া নিয়ে সরকারকে ব্যতিব্যস্ত থাকতে হয়েছে এবং সরকারের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হয়েছে যা এখনও চলমান।

এই জন্যই মানুষের দীর্ঘ দিনের জনআকাঙ্ক্ষার পরিপ্রেক্ষিতে এবং দেশকে একটি স্থিতিশীল অবস্থায় নিতে ও কার্যকরী গণতান্ত্রিক পরিবেশের জন্য সরকার নির্বাচনের রোডম্যাপের বিষয়ে পদক্ষেপ নিতে নির্বাচন কমিশনকে বলেছে।

১. আইন শৃঙ্খলা বাহিনীকে কার্যকর করা। আইন শৃঙ্খলা বাহিনীর মধ্যে ঘাপটি মেরে বসে থাকা আওয়ামী ফ্যাসিস্টের অনুসারীদের চিহ্নিত করে,

এরপর ২৪ পৃষ্ঠায়




> নির্বাচনকে তার সঠিক গতিপথে আনতে হলে সর্বপ্রথম রাজনৈতিক দলগুলোকে এগিয়ে আসতে হবে- তাদের সঠিক নেতৃত্ব, তৃণমূলকে নিয়ন্ত্রণ এবং নিজেদের মতদ্বৈততা আলাপ আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলতে হবে। তবেই বাংলাদেশ গণতন্ত্র ফিরে পাবে, দেশের মানুষ ভোটাধিকার ফিরে পাবে, নির্বাচিত সরকারের মাধ্যমে সংস্কার কার্যক্রম ও জুলাই সনদের বাস্তবায়ন চলতে থাকবে। নির্বাচনী সংস্কৃতিতে আরেকটা প্রক্রিয়ায় এই নতুন বাংলাদেশে রাজনৈতিক দলগুলোকে অঙ্গীকার করতে হবে, তা হচ্ছে, নির্বাচনের ফলাফল মেনে নেওয়া- এবং নির্বাচিত সংসদে সকল কার্যক্রমে সঠিকভাবে অংশগ্রহণ করা। নির্বাচনের সঠিক গন্তব্যই ফ্যাসিস্টের আস্ফালন বা পুনরুত্থানের সকল পথ রুদ্ধ করে দেবে

# পতনে চেনা সেই মুলোই দেখছি

আজাদুর রহমান চন্দন

> মনে হচ্ছে, তারাই কেবল এই গণ-অভ্যুত্থান করেছে। পরিস্থিতি এমন দাঁড়িয়েছে যে বিএনপির মতো দলের শীর্ষস্থানীয় নেতাদেরও দক্ষিণপন্থার উত্থান নিয়ে উদ্বেগ প্রকাশ করতে দেখা যাচ্ছে। বৈষম্যহীন সমাজ গড়তে হলে শ্রেণিবৈষম্য সৃষ্টিকারী অর্থনৈতিক নীতির পরিবর্তন করতে হবে, ধর্মীয় বৈষম্যের কোনো ব্যবস্থা রাষ্ট্রে থাকা যাবে না, জাতিগত বৈষম্য নিরসনে বাঙালি ছাড়া অন্যান্য জাতিরও স্বীকৃতি থাকতে হবে এবং জেন্ডারবৈষম্যও দূর করতে হবে। আর গণতান্ত্রিক রূপান্তরের পথে সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের পাশাপাশি দরকার আইনের শাসন নিশ্চিত করা। এ ক্ষেত্রে বিচার বিভাগের কার্যকর স্বাধীনতা ও জবাবদিহি নিশ্চিত করা জরুরি। কিন্তু এক বছরে সরকার বিচার বিভাগের জন্য আলাদা সচিবালয় প্রতিষ্ঠার সিদ্ধান্তই নিতে পারেনি। পারবে বলেও মনে হয় না

জুলাই গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার কর্তৃত্ববাদী সরকার অবসানের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকারের এক বছর পূর্ণ হয়েছে। এ উপলক্ষে কয়েক দিন ধরে পত্রপত্রিকা ও টেলিভিশনের টক শোতে চলছে এক বছরের মূল্যায়ন। তাতে প্রশংসার তুলনায় সমালোচনার দিকগুলোই বেশি সামনে এসেছে। সরকারের এক বছরের সফলতা-ব্যর্থতার আলোচনায় প্রাধান্য পাচ্ছে অর্থনীতি, বিচার সংস্কার এবং মব সন্ত্রাসের মতো ইস্যুগুলো। অন্তর্বর্তী সরকারের সফলতাসংক্রান্ত আলোচনায় অর্থনীতিতে ব্যাংক, বাজার, রিজার্ভসহ সার্বিক পরিস্থিতি সামাল দেওয়ার জন্য সরকার কৃতিত্ব পাচ্ছে। বলা হচ্ছে, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে যে প্রবল ঊর্ধ্বগতি হয়েছিল, সেটা নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। তবে আইনশৃঙ্খলা পরিস্থিতি, মব সন্ত্রাস, মামলা-বাণিজ্য, জামিন-বাণিজ্য, মৌলিক সংস্কার, এমনকি বিচারপ্রক্রিয়ার কিছু বিষয়ে সরকারের ভূমিকার ব্যাপক সমালোচনা হচ্ছে।



গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর ৮ আগস্ট দেশে অন্তর্বর্তী সরকার গঠিত হয় শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে। গণ-অভ্যুত্থান-পরবর্তী সরকারের সামনে তিনটি বড় দায়িত্ব ছিল সংস্কার, বিচার ও নির্বাচন অনুষ্ঠান। এ ছাড়া দেশের অর্থনীতির ভঙ্গুর অবস্থা সামাল দেওয়ার চ্যালেঞ্জ ছিল। আওয়ামী লীগ সরকার পতনের পরপরই শুরু হয়েছিল অভয়ারণ্যে মুক্তিযুদ্ধের স্মারক ভাঙার তাণ্ডব। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পরও চলতে থাকে আখড়া, মাজার ইত্যাদি ভাঙচুর এবং সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলার ধারা। প্রাপ্ত তথ্যমতে, এক বছরে মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার প্রায় দুই হাজার স্মারক, আখড়া ও শিল্পকর্ম ধ্বংস করা হয়েছে। মাজার গুঁড়িয়ে দেওয়া হয়েছে শতাধিক। নারী ও ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নিয়াতন হয়েছে। দেশের কয়েকটি শীর্ষস্থানীয় শিল্প ও ব্যবসাপ্রতিষ্ঠান ধ্বংস এবং মিডিয়া হাউস দখল করা হয়েছে। প্রশাসন, পুলিশ, বিচার বিভাগে এক দলের অনুসারী লোকজনের বদলে অন্য দলের পক্ষের লোকজন বসানো ছাড়া কার্যকর কোনো পরিবর্তন হয়নি।

অন্তর্বর্তী সরকারের এক মাসের মাথায় 'শেকটা ভালো হলেই বাঁচোয়া' শিরোনামে একটি নিবন্ধ লিখে পাঠিয়েছিলাম পরপর দুটি সংবাদমাধ্যমে। লেখাটি ছাপতে তারা অপারগতা প্রকাশ করে। সেই লেখাই পরে 'উঠতি মুলো পত্তনেই চেনা যায়' শিরোনামে আরও বর্ধিত কলেবরে পোস্ট করি নিজের ব্লগ সাইটে। অন্তর্বর্তী সরকারের এক বছরের মাথায় এসেও দেখা যাচ্ছে সেই পত্তনে চেনা মুলোই। এটি শুধু আমার একার পর্যবেক্ষণ নয়, গণ-অভ্যুত্থানের পক্ষের অনেক বিশিষ্টজনেরও মূল্যায়ন এর কাছাকাছি।

বাম-প্রগতিশীল বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ছাত্রসংগঠনের উদ্যোগে গত বছরের ২ আগস্ট জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত যে 'দ্রোহযাত্রা' কর্মসূচি পালন করা হয়েছিল, তার অন্যতম নেতা ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক আনু মুহাম্মদ। এক বছর পর এসে তিনি বলছেন, বৈষম্যহীন বাংলাদেশ গড়তে যেসব কাজ দরকারি ছিল, তার উল্টো যাত্রা করেছে অন্তর্বর্তী সরকার। 'দ্রোহযাত্রার' বর্ষপূর্তির দিনে কেন্দ্রীয় শহীদ মিনারে বিভিন্ন বামপন্থী রাজনৈতিক, সাংস্কৃতিক, নারী, শ্রমিক ও ছাত্রসংগঠন আয়োজিত 'শিক্ষার্থী-শ্রমিক-জনতার দ্রোহযাত্রা'য় সমাপনী বক্তব্যে আনু মুহাম্মদ বলেন, 'চব্বিশের গণ-অভ্যুত্থানের প্রক্রিয়ার মধ্য দিয়ে মানুষের মধ্যে যে প্রত্যাশা তৈরি হয়েছিল, ইউনূস সরকারের প্রতি জনগণের যে প্রত্যাশা তৈরি হয়েছিল, একের পর এক সেই প্রত্যাশা ভঙ্গ করে এই সরকার এক বছর পার করেছে।' এর কয়েক দিন আগে রাজধানীর কারওয়ান বাজারে এক গোলটেবিল বৈঠকে আনু মুহাম্মদ বলেন, 'শামীম ওসমানের মতো মাফিয়া চলে গেলেও অনেক ছোট ছোট শামীম ওসমানের জন্ম হচ্ছে দেশে।' তিনি আরও বলেন, মব সন্ত্রাস হচ্ছে, নারীর ওপর আক্রমণ হচ্ছে। সংখ্যালঘু ও সংখ্যাগরিষ্ঠের মধ্যেও যারা দুর্বল, তাদের ওপর আক্রমণ হচ্ছে এবং বিভিন্ন জায়গায় বিভিন্ন প্রতিষ্ঠানে জোরজবরদস্তি, মব সন্ত্রাস, চাঁদাবাজি, নতুন নতুন মাফিয়াতন্ত্র তৈরি হচ্ছে সরকারের মধ্য থেকে একধরনের নিষ্ক্রিয়তা, নির্লিপ্ততা ও পৃষ্ঠপোষকতার কারণে।

খোদ অন্তর্বর্তী সরকারের গঠন করা দুর্নীতি দমন সংস্কার কমিশনের প্রধান ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামানের মতে, বিচার, সংস্কার ও নির্বাচন-তিনটি ক্ষেত্রেই কিছু ইতিবাচক অগ্রগতি হয়েছে। জাতীয় নির্বাচন আয়োজন করতে সরকার একটি রূপরেখা দিয়েছে। তবে বিচার ও সংস্কার ইস্যুতে অগ্রগতির বেলায় সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলার সুযোগ রয়েছে। গত এক বছরে বিচারব্যবস্থা প্রসঙ্গে ইফতেখারুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, বিচারপ্রক্রিয়া প্রশ্নবিদ্ধ, এ নিয়ে বিতর্কের কোনো সুযোগ নেই।

কারণ হিসেবে ইফতেখারুজ্জামান বলেন, ঢালাও মামলার ব্যাপারে শুরু থেকেই তাঁদের উদ্বেগ রয়েছে। এটি কোনো দেশেই বিচারপ্রক্রিয়ার জন্য সুষ্ঠু নয় বলে তাঁরা মনে করেন। তিনি আরও বলেন, কতটুকু বিচার, কতটুকু প্রতিশোধ-এই প্রশ্নটি ওঠা খুবই যৌক্তিক, সেভাবে চলছে।

সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী সারা হোসেন সম্প্রতি এক আলোচনা সভায় বলেছেন,

এরপর ৩৯ পৃষ্ঠায়



# সামাজিক মাধ্যমে রাজনীতি



ইলিয়াস হোসেন



পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান কিংবা রকেট সায়েন্স; যে কোনো বিজ্ঞানের চেয়ে গুরুত্বপূর্ণ রাষ্ট্রবিজ্ঞান। উকিল, ডাক্তার, ধার্মিক, দার্শনিক, শিক্ষাবিদ, প্রকৌশলী, চিকিৎসক, শিল্পী, আমলা, ব্যবসায়ী, আইনজীবী, সৈনিক, শ্রমজীবী সবাই রাষ্ট্রের বাসিন্দা। রাষ্ট্রের আইনকানুন মেনেই নাগরিক অধিকার ভোগ করেন তারা। মেধাবীদের যে কোনো যুগান্তকারী সৃষ্টি বাস্তবায়নে লাগে রাষ্ট্রীয় স্বীকৃতি। সৃষ্টিশীল মানুষগুলো অনেক সময় খেয়ালি বা সৃষ্টিছাড়া স্বভাবের হয়ে থাকে। অগ্রগামী মানুষ হিসেবে নিয়ম ভাঙার গান গেয়ে থাকেন তারা। কিন্তু তার সৃষ্টির মূল্যায়নে কাঠামোবদ্ধ সরকার ও রাষ্ট্রের দরকার পড়ে। রাষ্ট্রবিজ্ঞান মূলত রাষ্ট্র, সরকার এবং রাজনীতির কার্যাবলি, কাঠামো ও নীতি নিয়ে আলোচনা করে। অ্যারিস্টটলকে রাষ্ট্রবিজ্ঞানের জনক হিসেবে ধরা হয়। তিনি 'পলিটিক্স' নামক গ্রন্থে রাষ্ট্র ও রাজনীতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন। এরকম গুরুত্বপূর্ণ বিজ্ঞানের প্রধান অনুষঙ্গ হচ্ছে রাজনীতি। আর এ নীতিকে এগিয়ে নিয়ে যান রাজনীতিবিদ। নানা পেশার প্রথিতযশা ব্যক্তিরা সর্বজনীন সম্মান পেলেও রাষ্ট্রের কাছে শেষ পর্যন্ত রাজনীতিবিদরা গুরুত্বপূর্ণ। তবে এ মহান পেশায় আদিকাল থেকেই যোগ্য ব্যক্তির পাশাপাশি অনেক দুষ্টু লোক অপরাজনীতি করে আসছে। তারা রাজনীতিকে লাভজনক বাণিজ্যে রূপ দিয়েছে। যে কারণে দুনিয়াজুড়ে রাজনীতি ও রাজনীতিবিদ নিয়ে বিভিন্ন নেতিবাচক গল্প চালু আছে। কোনো ভদ্র পরিবারই চায় না তার সন্তান ছাত্রজীবনে রাজনীতি করুক। এমনকি রাজনীতিবিদরাও চান না। তাদের বিশ্বাস করাও কঠিন। অবিশ্বাসকে কৌশল হিসেবে দেখেন নেতারা। সমাজের উঁচুতে থেকে ইতর শ্রেণির সব জনতাই রাজনীতিবিদদের কাছে ভোটার। সবার সঙ্গে তাল মেলাতে হয় বলে মিশ্র চরিত্রের অধিকারী হন তারা। নানা অজুহাতে অনভ্যস্ত ও অস্বামি থেকেও রেহাই পান রাজনীতিবিদরা।

রাজনীতির এমন যথেচ্ছার ব্যবহারে দেশের অনেক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ। একটু খেয়াল করলেই চোখে পড়বে এ জাতীয় সতর্কবার্তা-'রাজনৈতিক আলাপ নিষেধ', 'রাজনীতিমুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান', 'ইহা একটি সামাজিক সংগঠন, এখানে রাজনৈতিক আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ'। স্কুল-কলেজ, হোটেল-রেস্তোরাঁ, সামাজিক-সাংস্কৃতিক ক্লাবে এ ধরনের নির্দেশিকা দেখা যায়। ঝামেলামুক্ত জীবনযাপনে অভ্যস্ত নাগরিকরা এরকম প্রতিষ্ঠান চান। ভোট দান করলেও জিততে চান না তারা। অপরাজনীতির অশান্তি থেকে মুক্ত থাকতেই এমন প্রত্যাশা করেন। কিন্তু রাজনীতি ছাড়া রাষ্ট্র, সমাজ অনন্ত ব্যাপার। আধুনিক তথ্যপ্রযুক্তির ভার্চুয়াল দুনিয়ায় এ চ্যালেঞ্জ আরও প্রকট আকার ধারণ করেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ভয়ংকরভাবে ঢুকেছে রাজনীতি। এমনকি রাষ্ট্র ও সরকারও এখন নিমজ্জিত সামাজিক তথ্য প্রবাহে। দেশের গুরুত্বপূর্ণ অগ্রগতির আগাম ঘোষণা সরকারি গেজেটের আগে চলে আসে দায়িত্বশীলদের ফেসবুক স্ট্যাটাসে। রাজনৈতিক দলগুলোর কাদা ছোড়াছুড়িতে পুঁজিপত্রময় হয়ে উঠছে ভার্চুয়াল সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো। এ ক্ষেত্রে আগবাড়িয়েও এগিয়ে আছে তরুণদের নতুন দল এনসিপি। প্রতিদ্বন্দ্বী দলের পাশাপাশি নিজ দলের প্রতিযোগী নেতার বিরুদ্ধেও হরদম বিষোদগার করছেন তারা। তাদের কোনো কোনো স্ট্যাটাস অসামাজিকতার সীমা ছাড়িয়ে অশ্লীলতার পর্যায়ে চলে যাচ্ছে। সম্প্রতি বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং শিবির নেতা আবু সাদিক কায়েমের সমালোচনা করে ফেসবুকে স্ট্যাটাস দেন এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম। পাল্টা জবাবে কায়েমও সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করেন। বরাবরের মতোই গণমাধ্যমের কাছে মির্জা ফখরুল জানান, নাহিদ ইসলামের দাবি সঠিক নয়। এ বিষয়ে মন্তব্য চাইলে নাহিদ রাজি হননি, যা বলার তা ফেসবুক স্ট্যাটাসে বলে দিয়েছেন বলে জানান। তথ্য উপদেষ্টা মাহফুজ আলম আরেক কাঠি সরেস। তিনি বলতে গেলে ফেসবুকেই অফিস করেন। গুরুত্বপূর্ণ স্ট্যাটাসে অস্তিত্ব জানান দেন। বিতর্ক তৈরি হলে তা আবার মুছে ফেলেন।

বাংলাদেশে এখন ১১ কোটির বেশি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। এর মধ্যে ৪ কোটির বেশি লোক ফেসবুকে যুক্ত। প্রযুক্তি ব্যবহারে এই উন্নতির পাশাপাশি বিপদও ধেয়ে আসছে। মিথ্যা তথ্যের লাগামহীন বিস্তার ঘটছে। পুরোনো দিনের মুখরোচক গুজব থেকে শুরু করে এখনকার অত্যাধুনিক 'ডিপফেক'-সবকিছুই সমাজের শান্তি ও শৃঙ্খলার জন্য হুমকি তৈরি করছে। 'কানে হাত না দিয়ে চিলের পেছনে ছোটা' জাতীয় চরিত্র। মিথ্যাকে বিশ্বাস করা একটি ঐতিহ্যগত স্বভাব। হুসেইন মুহম্মদ এরশাদ নিজের কীর্তিগাথাকে মিথ্যা তথ্য যোগ করেছিলেন। ১৯ শতকে আমেরিকায়, পরে অনেক দেশে 'হলুদ সাংবাদিকতা' শুরু হয়। যেখানে তথ্যের চেয়ে মানুষের আবেগকেই বেশি গুরুত্ব দেওয়া হতো। সোশ্যাল মিডিয়ার এরপর ৪২ পৃষ্ঠায়







# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution

FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING
( Business & Non profit )

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# গাজা দখল করে 'বৃহত্তর ইসরায়েল' গড়তে চান নেতানিয়াহু

নিমের সুলতানি



নিজের জনপদকে ৬৭০ দিনের বেশি সময় ধরে ধ্বংস হতে দেখার বেদনা ভাষায় প্রকাশ করা কঠিন। এত কষ্ট, এত অপরাধের সাক্ষী হওয়ার পরও গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে আরেক দফা ইসরায়েলি হামলার কথা ভাবা পর্যন্ত কল্পনার বাইরে। অথচ বিশ্বের চোখের সামনেই এটি হচ্ছে। প্রশ্ন হচ্ছে, বিশ্ব কি শুধু দাঁড়িয়ে দেখে যাবে?

ইসরায়েলের নিরাপত্তাবিষয়ক মন্ত্রিসভা গাজায় এই নতুন হামলার ঘোষণা দিয়েছে। গাজা উপত্যকাকে 'সম্পূর্ণ দখল' করার জন্যই তারা সেখানকার জনবসতিগুলোয় হামলা চালানোর পরিকল্পনা অনুমোদন করেছে। এ হামলা শুরু হবে গাজা সিটি থেকেই। এর ফলাফল অনুমান করা কঠিন নয়। ২০২৪ সালের মে মাসে আন্তর্জাতিক সতর্কবার্তা ও আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) নির্দেশ অমান্য করে ইসরায়েল রাফা এলাকায় হামলা চালায়। আজ রাফার কোনো অস্তিত্ব নেই। এরপর ২০২৪ সালের নভেম্বর ও ডিসেম্বরে তারা উত্তর গাজার বেইত লাহিয়া, বেইত হানুন ও জাবালিয়া শহরে হামলা চালিয়ে সেগুলো ধ্বংস করে দেয়। সাবেক প্রতিরক্ষামন্ত্রী মোশে ইয়ালন এ অভিযানকে বলেছেন 'জাতিগত নিধন'। এরপর ইসরায়েল একতরফাভাবে যুদ্ধবিরতি ভেঙে ফেলে, ২০ লাখ বেঁচে থাকা মানুষকে অনাহারে রাখে এবং দক্ষিণের খান ইউনিস শহর ধ্বংস করে দেয়। এসব কাজ ২০২৪ সালের জানুয়ারি, মার্চ ও মে মাসে আন্তর্জাতিক বিচার আদালতের দেওয়া তিনটি গণহত্যাবিরোধী রায়ের সরাসরি লঙ্ঘন।

জানুয়ারিতে আদালত গাজায় গণহত্যার ঝুঁকি আছে বলে জানান এবং তা ঠেকাতে কিছু ব্যবস্থা নিতে বলেন। এর মধ্যে ছিল গাজায় মানবিক সাহায্য পৌঁছে দেওয়া। কিন্তু দেখা গেল, ইসরায়েল এই নির্দেশ মানছে না। গাজা সিটিতে হামলা হলে তা এই গণহত্যা অভিযানের শেষ ধাপ হবে।

যুক্তরাজ্যের মতো পশ্চিমা দেশগুলো গত দুই বছরে ইসরায়েলের গণ-অত্যাচারের সহযোগিতার দায় থেকে নিজেদের মুক্ত করতে পারবে না। ইসরায়েলকে জবাবদিহি থেকে মুক্তি দিয়ে এবং এই দুষ্ট রাষ্ট্রকে অস্ত্র সরবরাহ করে পশ্চিমারা এই অপরাধগুলোকে সক্ষম করেছে। সম্প্রতি ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়ার যে ঘোষণাগুলো এসেছে, তা কেবল প্রচারমূলক চাল ও মনোযোগ সরানোর কৌশল।



৭ অক্টোবরের পরপরই ইসরায়েলের নেতা, রাজনীতিক, সামরিক কমান্ডার ও সেনারা প্রকাশ্যে বলেছিলেন, তাঁরা গাজাকে ধ্বংস করে দেবেন, পুড়িয়ে দেবেন এবং সমতল করে দেবেন। তাঁরা ঠিক সেটাই করেছেন। তাঁরা গাজার ৯০ শতাংশ এলাকা কার্যত ধ্বংস করে এটিকে জনমানবহীন মরুভূমিতে পরিণত করেছেন। বাকি জনসংখ্যাকে ঠাসা অবস্থায় মাত্র ১২ শতাংশ এলাকায় গাদাগাদি করে রাখা হয়েছে। সেখানে মানুষের বেঁচে থাকার মতো কোনো পরিবেশ নেই। অবরোধ আর বোমাবর্ষণের মাধ্যমে ইসরায়েল গাজায় কোনো নিরাপদ জায়গা রাখেনি। বাইরে যাওয়ারও কোনো পথ রাখেনি।

এখন গাজা সিটি, দেইর আল-বালাহ বা আল-মাওয়াসির বাকি জনবসতিতে হামলার মানে হবে নতুন গণহত্যা, আরও ব্যাপক বাস্তুচ্যুতি এবং অবশিষ্ট অনাহারগ্রস্ত মানুষকে সরাসরি নিশ্চিহ্ন করে দেওয়া। এর মানে ইসরায়েল আসলে 'বৃহত্তর ইসরায়েল' গড়ার মেসিয়ানিক কল্পনা ও অপরাধমূলক প্রকল্প চালিয়ে যাচ্ছে-ইসরায়েলের লক্ষ্য 'সর্বোচ্চ পরিমাণ জমি, সর্বনিম্নসংখ্যক আরব'।

পশ্চিম তীরে চলমান জোরপূর্বক উচ্ছেদ কার্যক্রমে এবং গাজাকে পুনর্বাসনের (অর্থাৎ ইহুদি বসতি স্থাপনের) দাবিতেই ইসরায়েলের এই লক্ষ্য স্পষ্ট হয়ে উঠেছে। বেনিয়ামিন নেতানিয়াহু গাজাকে হামাসের হাত থেকে মুক্ত করতে চান না। তিনি চান গাজাকে ফিলিস্তিনি জনশূন্য করে দিতে। ২০২৪ সালের জানুয়ারির শুরুতেই জাতিসংঘ বলেছিল, গাজা এখন আর মানুষের বসবাসের উপযোগী নয়। একই বছরের নভেম্বরের শুরুতে ইসরায়েলের সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গালান্ট (যিনি আন্তর্জাতিক অপরাধ আদালতে অভিযুক্ত) বলেছিলেন, গাজায় সেনাবাহিনীর করার মতো আর কিছুই বাকি নেই। যদি সত্যিই তা-ই হয়, তাহলে সেই সময় থেকে ইসরায়েলি সেনারা গাজায় আসলে কী করছেন? নেতানিয়াহু যখন বলছেন 'গাজা থেকে কোনো হুমকি থাকবে না', তখন তার আসল মানে কী, সেটা বুঝতে হবে। সাম্প্রতিক সময়ে মন্ত্রিসভা এমন একটি সিদ্ধান্ত নিয়েছে, যাতে গাজায় হামাস-নিয়ন্ত্রিত ফিলিস্তিনি কর্তৃপক্ষের কোনো অংশগ্রহণ না থাকে। এটা হামাস নির্মূল বা কোনো সামরিক লক্ষ্য নিয়ে করা হচ্ছে না। আসল কথা হচ্ছে, এটি একটি গণহত্যার মতো অভিযান, যার লক্ষ্য ফিলিস্তিনিদের স্বাধীনতা চরমভাবে নাকচ করা এবং গোটা অঞ্চলে ইহুদি আধিপত্য কায়েম করা। এ অবস্থায় ইসরায়েলকে থামাতে সব রাষ্ট্রকে অতি জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিতে হবে। ইসরায়েলের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়ে, ইসরায়েলে অস্ত্র বিক্রিতে নিষেধাজ্ঞা দিয়ে, বাণিজ্য ও কূটনৈতিক সম্পর্ক স্থগিত করে এবং ইসরায়েলি অপরাধীদের বিচারের মুখোমুখি করার বিষয়ে আন্তর্জাতিক আদালতকে সহযোগিতা করে ইসরায়েলকে থামানো যেতে পারে। যদি এসব পদক্ষেপ না নেওয়া হয়, তাহলে গাজা সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। এখন বিশ্বের সামনে প্রশ্ন, তারা কি কোনো পদক্ষেপ নেবে, নাকি চলমান গণহত্যা নীরবে দাঁড়িয়ে দেখে যাবে?

নিমের সুলতানি লন্ডনের সোয়াস বিশ্ববিদ্যালয়ে পাবলিক ল'র রিডার (শিক্ষক)। অনুবাদ।

> এটা হামাস নির্মূল বা কোনো সামরিক লক্ষ্য নিয়ে করা হচ্ছে না। আসল কথা হচ্ছে, এটি একটি গণহত্যার মতো অভিযান, যার লক্ষ্য ফিলিস্তিনিদের স্বাধীনতা চরমভাবে নাকচ করা এবং গোটা অঞ্চলে ইহুদি আধিপত্য কায়েম করা। এ অবস্থায় ইসরায়েলকে থামাতে সব রাষ্ট্রকে অতি জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিতে হবে। ইসরায়েলের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়ে, ইসরায়েলে অস্ত্র বিক্রিতে নিষেধাজ্ঞা দিয়ে, বাণিজ্য ও কূটনৈতিক সম্পর্ক স্থগিত করে এবং ইসরায়েলি অপরাধীদের বিচারের মুখোমুখি করার বিষয়ে আন্তর্জাতিক আদালতকে সহযোগিতা করে ইসরায়েলকে থামানো যেতে পারে। যদি এসব পদক্ষেপ না নেওয়া হয়, তাহলে গাজা সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। এখন বিশ্বের সামনে প্রশ্ন, তারা কি কোনো পদক্ষেপ নেবে, নাকি চলমান গণহত্যা নীরবে দাঁড়িয়ে দেখে যাবে?

# পাথরচোর ঠেকানো যাচ্ছে না, ভোটচোর ঠেকানো যাবে?

সারফুদ্দিন আহমেদ

গণপিটুনির মতো গণলুটের আনন্দ আলাদা। গণপিটুনিতে লোক মরে কিন্তু খুনের দায় কাউকে নিতে হয় না। এ বলে, 'আমি তো মোটে একটা ঘুষি মারছি', ও বলে, 'আমি সামান্য দুইটা চড় মারছিলাম', আরেকজন বলে, 'আমি খালি বুকের ওপর ছোট্ট একটা পাড়া দিছিলাম'। পুলিশ আসে। লাশ নিয়ে যায়। মামলায় লেখে 'মবের কবলে পড়ে মৃত্যু'। শ খানিক অজ্ঞাত লোক আসামি হয়। তারপর ঘটনা শেষ।

গণলুট বা গণচুরিও তাই। এখানেও আবেশ করে খায়েশ মেটানো যায়। লুটপাট শেষ হওয়ার পর এ বলে, 'আমি কিছু করি নাই', ও বলে 'আমি কিছু জানি না।' মাঝখান থেকে বিরাট গোডাউন ফাঁকা হয়ে যায়। পরে পুলিশের শোডাউন হয়। সবাই বলে পাবলিক লুটপাট করে নিয়ে গেছে। কিন্তু 'পাবলিকের মধ্যে আমিও ছিলাম'-এই কথা কেউ বলে না। সব দায় পড়ে অশরীরী 'পাবলিকের' ঘাড়ে; ব্যক্তির ঘাড়ে পড়ে না।

সিলেটের সাদাপাথর এলাকার পাথর লুটের ছবি দেখে মনে হলো, যাঁরা শত শত নৌকা নিয়ে এসে কোদাল-বেলচা দিয়ে উন্মাদের মতো পাথর তুলে নিচ্ছেন, তাঁরা নির্ঘাত গণপিটুনিতে যোগ দিয়ে 'হাতের সুখ' নেওয়ার মতো সুখ পেয়েছেন। ধরিলুটের বাসনা হুড়ানোর সাথে তাঁদের পাথর হুড়ানোর মিল পাওয়া গেছে।

মেঘালয় থেকে নেমে আসা ধলাই নদীর পাড় ধরে প্রকৃতির বিছিয়ে রাখা লাখ লাখ পাথর এখন নাই হয়ে গেছে। সবার চোখের সামনে সেগুলো তুলে নেওয়া হয়েছে। সাদাপাথর এখন 'কালাবালু' হয়ে গেছে।

এই পাথর যেভাবে গায়েব করা হলো, তাকে চুরি নাকি ডাকাতি নাকি ছিনতাই নাকি লুট বলব বুঝে উঠতে পারছি না। হাজার হাজার শ্রমিক লাগিয়ে বিএনপি, জামায়াত ও এনসিপির নেতারা পাথর সরিয়েছেন। কেউ প্রতিবাদ করতে গেলেই তাঁরা ডাকাতের মতো জানে মারার হুমকি দিয়েছেন। সরকারের উপদেষ্টারা পর্যন্ত তাঁদের থামাতে ফেল মেরেছেন।

আসলে এখানে যা হয়েছে তার নাম 'সর্বদলীয় লুট'। এখানে হয়েছে একটা জাতীয় ঐকমত্যের ডাকাতি। এই ডাকাতির সময় মাঝে মাঝে 'আমি দাঁড়ায়ে যাব, আপনি আমারে বসায়ে দেবেন' স্টাইলে কখনো কখনো পুলিশ এসে ধাওয়া দিয়েছে; তখন শ্রমিকেরা সরে গেছেন। রাতে আবার শ্রমিকেরা নৌকা নিয়ে হাজির হয়েছেন। পুলিশকে সম্মান দেখিয়ে মাঝে মাঝে তাঁরা দিবালোকের লুট স্থগিত রেখে রাতের অন্ধকারে সর্বদলীয় চুরি চালিয়ে গেছেন।

গত বছরের ৫ আগস্ট ফ্যাসিবাদী সরকারের পতনের দিন কয়েক পর থেকেই এই পাথর লুটের মচ্ছবের শুরু। সরকারের দিক থেকে 'জানতাম না তো!', 'অভিযোগ পাই নাই তো!' টাইপের দায় এড়ানো কথা আসতে পারত। তবে তা আসেনি। কারণ এই সর্বদলীয় পাথরখাদকদের নিয়ে প্রথম আলোতে গত এক বছরে অন্তত গোটাদশেক প্রতিবেদন ও তিনটি সম্পাদকীয় ছাপা হয়েছে।

কোন কোন রাজনৈতিক দলের কোন কোন নেতা পাথর লুট করেছেন, তা সেসব প্রতিবেদনে বারবার বলে দেওয়া হয়েছে। বিএনপি, জামায়াত ও এনসিপির নেতারা যে এই ইস্যুতে মাসতুতো ভাই, তা সেখানকার লোকেরা জানে। পুলিশ জানে। বিজিবি জানে। ডিসি জানেন। উপদেষ্টারাও জানেন। তাঁরা সবাই জানেন, রাজনীতির হালুয়া রুটির ভাগাভাগি নিয়ে আওয়ামী লীগ, বিএনপি, জামায়াত, ইসলামি আন্দোলন ও এনসিপির মতো সদ্যোজাত দলের বিভেদ আছে। কিন্তু পাথর লুটে তাঁদের মধ্যে সর্বদলীয় ঐক্য দেখা গেছে।



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান খুব অসহায় ভঙ্গিতে বলেছেন, 'উপদেষ্টা হয়েও পাথর তোলা বন্ধ করতে পারলাম না।' তিনি বলেছেন, ফ্যাসিবাদের শাসনের সময়ও যা টিকিয়ে রাখা গিয়েছিল, গত এক বছরে তা টেকানো গেল না। সাদা পাথরের প্রায় পুরো এলাকাটাই খুঁড়ে নিয়ে গেছেন সর্বদলীয় পাথরখেকো বাহিনী।

পাথর ব্যবসায়ী মালিক সমিতির সঙ্গে বসে ইসলামী আন্দোলন বাংলাদেশের জ্যেষ্ঠ নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম বিরাট পরিবেশ বিশেষজ্ঞের মতো আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়েছেন, কেন এই সব পাথর তুলে আনা অতি জরুরি। তিনি বলেছেন, অন্যদের স্বার্থ পূরণ করতেই পাথর তুলতে দেওয়া হচ্ছিল না। তিনি বলেছেন, এই পাথর না তুললে নদী সংকুচিত হয়ে যায় এবং মেঘালয় থেকে আসা ঢলের পানি তখন উপচে পড়ে।

এতে দেশে বন্যার ঝুঁকিও বেড়ে যায়। পাথর ব্যবসায়ী সমিতির সঙ্গে বসে দেওয়া তাঁর এই মূল্যবান কথা শুনেই হয়তো বন্যার হাত থেকে দেশ বাঁচাতে পরিবেশবান্ধব লোকজন পাথর তুলে সব সাফ করে ফেলেছেন। তবে কারা কারা সাফ করলেন, আদৌ তাদের এতে কোনো আইনি অধিকার ছিল কিনা সে বিষয়ে এখনো তাঁর দিক থেকে কোনো মত আসেনি।

এবি পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ বলেছেন, পাথর তোলায় যে নিষেধাজ্ঞা ছিল তা তুলে নেওয়ার ক্ষেত্রে তিনিসহ অনেকে এরপর ২৭ পৃষ্ঠায়



> অল্প কিছু রাজনৈতিক লোককে সরকার ঠেকাতে পারছে না। সরকার বলেছে, তারা আগামী বছরের ফেব্রুয়ারিতে এমন একটি স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন দেবে যা ভবিষ্যতে দৃষ্টান্ত হিসেবে থাকবে। এই ধরনের নির্বাচন দিতে হলে সরকারের হাতে সব ধরনের মাস্তান দমনের ক্ষমতা থাকতে হয়। এই অবস্থায় পাবলিকের মনে প্রশ্ন উঠতে পারে: যে সরকার পাথরখেকো সামান্য কিছু দুর্বৃত্তকে যেখানে কবজা করতে পারেনি, সেখানে তারা নির্বাচনের সময় সারা দেশের দুর্বৃত্ত সামলাবে কী করে? আর তা যদি না পারে, তাহলে তারা স্বচ্ছ নির্বাচন করবে কী করে? যেখানে তারা পাথরচোর ঠেকাতে পারছে না, সেখানে তারা মহা শক্তিধর ভোটচোরদের ঠেকিয়ে দেবে, এই কথা বিশ্বাসে আনতে গিয়ে নিঃশ্বাস আটকে আসছে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
নিলয়
ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# ফ্যাসিবাদী প্রধানমন্ত্রীর ধামাধরা উপাচার্য

ড. মাহবুব উল্লাহ্

২০২৪-এর ৫ আগস্ট চূড়ান্ত গণ-অভ্যুত্থানের পর ১ বছর পার হয়ে গেছে। এ উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন অনুষ্ঠান হয়েছে, শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানানো হয়েছে। এবং তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়েছে। যারা আহত ও পঙ্গু হয়েছেন, তাদের আনুষ্ঠানিকতার মাধ্যমে সংবর্ধনা জানানো হয়েছে। এসব অনুষ্ঠানে শহীদদের আপনজন আপনজনের বেদনার কাহিনি বিবৃত করেছেন। তবে সবচেয়ে চাঞ্চল্যকর বিষয় হলো, আন্দোলনের সময় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার অধস্তন কর্মকর্তা ও নিরাপত্তা বাহিনীর কর্মকর্তাদের সঙ্গে আন্দোলন দমনের জন্য বলপ্রয়োগের যে নির্দেশনা দিয়েছেন, যা এতদিন জনসমক্ষে আসেনি, তা এখন উন্মোচিত হচ্ছে।

এসবের আগে জাতিসংঘ একটি প্রতিবেদন প্রকাশ করেছিল সেই প্রতিবেদনে জানা গেছে, শেখ হাসিনা পুলিশবাহিনীকে 'লেথাল ওয়েপন' ব্যবহারের নির্দেশ দিয়েছিলেন। প্রাণঘাতী বুলেট ও অস্ত্র ব্যবহারের ফলে বহু মানুষের মৃত্যু ঘটে এবং অনেকে মারাত্মকভাবে আহত হয়ে এখন পঙ্গুত্ব নিয়ে বেঁচে আছেন। অনেকে চিকিৎসাধীন থেকে মৃত্যুর সঙ্গে লড়াই করে মারা গেছেন। হারিয়ে গেছে, পঙ্গু হয়ে গেছে প্রিয় মাতৃভূমি বাংলাদেশের সোনার ছেলেরা। তাদের মধ্যে নিশ্চয়ই এমন অনেকজন ছিলেন, যারা বেঁচে থাকলে অথবা সুস্থ থাকলে দেশের জন্য অবদান রাখতে পারতেন। কেউ কি হলফ করে বলতে পারেন তাদের মধ্যে কেউ নোবেলজয়ী, বিজ্ঞানী বা অর্থনীতিবিদ হতে পারতেন না। আমরা হারিয়েছি বহু অমূল্য মানিক। এ অপূরণীয় ক্ষতি কিছুতেই পূরণ হওয়ার নয়।

সরকারবিরোধী আন্দোলন-সংগ্রাম দমনের জন্য প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার বহু বছর ধরেই প্রচলিত ছিল। ঔপনিবেশিক আমলে তো বটেই, এমনকি উপনিবেশোত্তর শাসকগোষ্ঠীগুলো আন্দোলন, বিক্ষোভ দমনের জন্য প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার করে চলেছিল। প্রাণঘাতী অস্ত্রের ব্যবহারের জঘন্যতা আমরা দেখতে পেয়েছি '৭১-এ। '৭১-পূর্ব সময়ে পাকিস্তানি শাসকগোষ্ঠী ভাষা আন্দোলন, সামরিক শাসনবিরোধী আন্দোলন, শিক্ষা আন্দোলন ও ঊনসত্তরের গণ-অভ্যুত্থান দমনের জন্য প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার করেছে। তবে ২৪-এর গণ-অভ্যুত্থান দমনের জন্য শাসকগোষ্ঠীর হিংস্রতার সঙ্গে পূর্বেকার সময়ের হিংস্রতার কোনো তুলনা হয় না। ২৪-এর গণ-অভ্যুত্থানে মাত্র ৩৬ দিনের ব্যবধানে বহু সংখ্যক ছাত্র, শ্রমিক, শিশু ও নারী হতাহত হয়েছে। এ সংখ্যাটা কত, তা আমরা সবাই জানি।

সভ্যতার অগ্রগতির সঙ্গে মানবাধিকারের বিষয়টি সামনে চলে আসে। মানুষের জীবন অমূল্য। এ অমূল্য জীবন উদ্দেশ্যপ্রণোদিতভাবে কেড়ে নেওয়ার অধিকার কারও নেই। শান্তিপূর্ণভাবে আন্দোলন-বিক্ষোভ করার অধিকার একটি গণতান্ত্রিক অধিকার। এ অধিকারও হরণ করা যায় না। মানবাধিকার নিয়ে আন্তর্জাতিক সচেতনতায় সমৃদ্ধ হয়ে সাম্প্রতিক বছরগুলোয় প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার মানবতাবিরোধী রূপে চিহ্নিত হয়েছে। বাংলাদেশে আন্দোলন, বিক্ষোভ দমনের জন্য পুলিশের প্রাণঘাতী অস্ত্র ব্যবহারের



রীতি থেকে খালেদা জিয়ার দ্বিতীয় আমলে সরে আনা হয়। তখনো দু-একটি বিক্ষোভে প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার হয়েছিল। সেই সময় থেকে পুলিশবাহিনীকে রাবার বুলেটসম্পন্ন শটগান ব্যবহার করতে দেওয়া হয়। রাবার বুলেটে আহত হলে প্রাণ হারাবার আশঙ্কা অনেক কম। তবে রাবার বুলেটে চোখ বিদ্ধ হলে দৃষ্টিশক্তি হারানোর শঙ্কা থেকেই যায়। অনেক সময় অস্ত্রোপচার করেও শরীর থেকে রাবার বুলেট বের করে আনা সম্ভব হয় না। এ কারণে অনেককে শরীরের মধ্যে রাবার বুলেটের যন্ত্রণা নিয়ে অনেক কষ্টের জীবনযাপন করতে হয়। সুতরাং দেখা যাচ্ছে রাবার বুলেটও কম বিপজ্জনক নয়। এক্ষেত্রে কম বিপজ্জনক কিছু ব্যবহারের তাগিদ দিতে হয়।

সবচেয়ে চাঞ্চল্যকর ঘটনা হলো শেখ হাসিনার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এএসএম মাকসুদ কামালের টেলিফোনে কথোপকথন, যা চিফ প্রসিকিউটর ট্রাইব্যুনালে পেশ করেছেন। আন্দোলনকারীদের ফাঁসি দিতে চেয়েছিলেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ বিষয়টি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তুলে ধরেছেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। তার এ বক্তব্যের পক্ষে শেখ হাসিনার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এএসএম মাকসুদ কামালের টেলিফোন কথোপকথন তুলে ধরেন। গণ-অভ্যুত্থানের সময় রাজধানীর চানখাঁরপুল এলাকায় ৬ জনকে গুলি করে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সোমবার সূচনা বক্তব্য দেন চিফ প্রসিকিউটর। তার বক্তব্যে কথোপকথনের অডিও রেকর্ডের বিষয়টি তুলে ধরা হয়। শেখ হাসিনার সঙ্গে টেলিফোনে মাকসুদ কামালের কথা হয়েছিল গত বছরের ১৪ জুলাই। 'প্রত্যেক হল থেকে তো ছেলেমেয়েরা তালা ভেঙে বের হয়ে গেছে। এখন তারা রাজু ভাস্কর্যে, ৪-৫ হাজার ছেলেমেয়ে জমা হইছে। মল চত্বরে জমা হয়েছে এবং যে কোনো মুহূর্তে আমার বাসায়ও অ্যাটাক করতে পারে,' শেখ হাসিনাকে বলেছেন মাকসুদ কামাল। এরপর শেখ হাসিনা বলেন, 'তোমার বাসা প্রটেকশনের কথা বলে দিছি।' এরপর শেখ হাসিনা বলেন, 'আগে একবার করছে...।'

পরে মাকসুদ কামাল বলেন, 'ওই রকম একটা প্রস্তুতি... লাঠি সোটা নিয়ে বের হইছে।' ওইসময় শেখ হাসিনা বলেন, 'লাঠি সোটা নিয়ে বের হলে হবে না, আমি পুলিশ এবং বিজিবিরে বলে আর...বলছি খুব অ্যালার্ট থাকতে এবং তারা রাজাকার হইতে চাইছে তো, তাদের সবাই রাজাকার। কী আশ্চর্য! কোন দেশে বসবাস করি।' জবাবে মাকসুদ কামাল বলেন, জ্বি, জ্বি, বলতেছে আমরা এরপর ২৪ পৃষ্ঠায়



জবাবে মাকসুদ কামাল বলেন, জ্বি, জ্বি, জ্বি।' মাকসুদ কামালের বক্তব্য থেকে মনে প্রশ্ন জাগে, এ কেমন উপাচার্য! নিজের ছাত্রছাত্রীদের জন্য যার কোনো মায়া নেই, তিনি কী করে উপাচার্যের গৌরবময় দায়িত্ব পালন করবেন? ভাষা আন্দোলনের সময় ড. ওসমান গনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোস্ট। সেই সময় তিনি সলিমুল্লাহ মুসলিম হলে পুলিশি হানায় বাধা দিয়েছিলেন। এই গল্প ষাটের দশকে আমরা যখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম, তখনো শুনেছি। শিক্ষকদের তো এমনই হওয়ার কথা। আর মাকসুদ কামালরা কতটা নিচে নেমে গেছে, তা তার কথা থেকেই বোঝা যায়। একজন উপাচার্য কি এতটা দলদাস হতে পারেন? ফ্যাসিবাদের জমানায় যেমন ছিলেন প্রধানমন্ত্রী, তেমনই তার সেবাদাস ছিলেন এই উপাচার্য। এমন উপাচার্যের জন্য বলতে হয়, ধিক! উপাচার্য ধিক!

# মেধাপাচার বাংলাদেশের উন্নয়নযাত্রার নীরব ঘাতক

প্রফেসর রেজাউল করিম

কেন ছেড়ে যাচ্ছে দেশের মেধাবীরা? এই প্রবণতার পেছনে রয়েছে গভীর কারণসমূহ, যেমন- শিক্ষা ব্যবস্থার ঘাটতি: দেশীয় বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক মানের সঙ্গে তাল মিলাতে পারেনি। গবেষণার জন্য প্রয়োজনীয় অর্থায়ন নেই, ল্যাবরেটরির সরঞ্জাম সঙ্কটাপন্ন এবং আধুনিক পদ্ধতিতে পাঠ্যক্রম চালু হয়নি। ফলে শিক্ষার্থী ও গবেষকরা ভালো সুযোগের খোঁজে বিদেশের দিকে ঝুঁকছে। চাকরির বাজারে সংকট: প্রতিবছর প্রায় ১০ লাখ শিক্ষার্থী স্নাতক হলেও চাকরির সুযোগ সীমিত। বাংলাদেশ ব্যুরো অব এডুকেশন ইনফরমেশন অ্যান্ড স্ট্যাটিসটিকসের (বানবেইস) তথ্যমতে, ৪৭% স্নাতক বেকার বা আংশিক বেকার। বেতন কম এবং ক্যারিয়ার উন্নতির সুযোগ অনিশ্চিত



বাংলাদেশ আজ এক অদৃশ্য নীরব সংকটের মুখোমুখি, ব্রেইন ড্রেইন বা মেধা পাচার। এটি এক ধরনের ক্ষরণ, যা ভেতর থেকে আমাদের দেশের অগ্রগতিকে পিছিয়ে দিচ্ছে। দেশের সেরা মেধাবীরা উন্নত শিক্ষা, উন্নত কর্মসংস্থান ও উন্নত জীবনের আশায় প্রতিনিয়ত বিদেশে পাড়ি দিচ্ছে, আর তাদের অনেকেই আর ফিরে আসছে না।

ইউনেস্কোর তথ্য অনুযায়ী, ২০২৩ সালে প্রায় ৫২,৮০০ শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য দেশ ছেড়েছে, যা ২০০৮ সালের তুলনায় প্রায় তিন গুণ বেশি। পাশাপাশি প্রতিবছর আনুমানিক ১০,০০০ দক্ষ পেশাজীবী স্থায়ীভাবে বিদেশে চলে যাচ্ছে। মেধা পাচারের ক্ষতি নির্ণয়ের জন্য বিজ্ঞানীরা গ্লোবাল ইকোনমি অ্যান্ড ব্রেইন ড্রেইন ইনডেক্স নামের একটি ইনডেক্স নির্ণয় করেছে। ২০২৪ সালের হিসাব মতে থিগ্লোবাল ইকোনমি অ্যান্ড ব্রেইন ড্রেইন ইনডেক্সে বাংলাদেশের স্কোর ৬.৭, যা বিশ্বব্যাপী গড় ৪.৯৮-এর থেকে অনেক বেশি এবং আমাদেরকে শীর্ষ ২০% মেধা পাচারকারী দেশের মধ্যে রেখেছে।

কেন ছেড়ে যাচ্ছে দেশের মেধাবীরা? এই প্রবণতার পেছনে রয়েছে গভীর কারণসমূহ, যেমন- শিক্ষা ব্যবস্থার ঘাটতি: দেশীয় বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক মানের সঙ্গে তাল মিলাতে পারেনি। গবেষণার জন্য প্রয়োজনীয় অর্থায়ন নেই, ল্যাবরেটরির সরঞ্জাম সঙ্কটাপন্ন এবং আধুনিক পদ্ধতিতে পাঠ্যক্রম চালু হয়নি। ফলে শিক্ষার্থী ও গবেষকরা ভালো সুযোগের খোঁজে বিদেশের দিকে ঝুঁকছে। চাকরির বাজারে সংকট: প্রতিবছর প্রায় ১০ লাখ শিক্ষার্থী স্নাতক হলেও চাকরির সুযোগ সীমিত।

বাংলাদেশ ব্যুরো অব এডুকেশন ইনফরমেশন অ্যান্ড স্ট্যাটিসটিকসের (বানবেইস) তথ্যমতে, ৪৭% স্নাতক বেকার বা আংশিক বেকার। বেতন কম এবং ক্যারিয়ার উন্নতির সুযোগ অনিশ্চিত।



তাই আমাদের এখনই যে সমস্ত উদ্যোগ নেওয়া জরুরি তা নিম্নরূপ -শিক্ষাব্যবস্থাকে আধুনিক ও আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে গড়ে তুলতে হবে। গবেষণার জন্য পর্যাপ্ত অর্থায়ন নিশ্চিত করতে হবে। চাকরির বাজারে সুষম ও স্থায়ী কর্মসংস্থান নিশ্চিত করতে হবে, যেখানে ন্যায্য বেতন ও ক্যারিয়ার উন্নয়নের সুযোগ থাকবে। দুর্নীতি ও স্বজনপ্রীতি নির্মূল করতে হবে, যাতে যোগ্যতাভিত্তিক সুযোগ সবার জন্য নিশ্চিত হয়। তরুণদের দেশের প্রতি আশা, আত্মবিশ্বাস ও মর্যাদা ফিরিয়ে দিতে হবে, যেন তারা দেশে থেকেই স্বপ্ন পূরণ করতে পারে। আমরা যদি এখনই এই সংকট মোকাবেলা না করি, তবে একদিন হয়তো দেখব- বাংলাদেশ থেকে তার চিন্তক, উদ্ভাবক ও নেতা হারিয়ে গেছে, আর আমাদের উন্নয়ন এক অমীমাংসিত স্বপ্ন হয়ে থাকবে

দুর্নীতি ও সামাজিক অবিচার: যোগ্যতার জায়গায় সম্পর্কভিত্তিক নিয়োগ, রাজনৈতিক অস্থিরতা ও দুর্নীতি তরুণদের মধ্যে হতাশা সৃষ্টি করছে, যা দেশত্যাগের প্রবণতাকে আরো ত্বরান্বিত করছে।

মেধা পাচারের ভয়াবহ প্রভাব : যখন ডাক্তার, প্রকৌশলী, বিজ্ঞানী, শিক্ষক ও উদ্যোক্তারা দেশ ছেড়ে যায়, তখন আমাদের অর্থনীতি ও সমাজের গুরুত্বপূর্ণ স্তম্ভগুলো দুর্বল হয়, যেমন - শিল্পখাতে দক্ষ জনশক্তির অভাবে উদ্ভাবন থেমে যায়, উৎপাদন কমে এবং এরপর ২৭ পৃষ্ঠায়

www.careeracademyny.com

# CAREER ACADEMY OF NEW YORK



BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!

HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি

# ALL COUNTY
# হোম কেয়ার

CDPAP
PCA
HHA.RN

NYS LICENSED HOME CARE AGENCY

অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে

PH : 718 593 0932

* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE

এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে

Get Paid to Take care of Your Friends & Family

150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB

DISTRICT 20-R2

## Installation Ceremony & 12th Charter Anniversary





## Installation Ceremony 2025

**Chairman:** Ln. Shah M. Nawaz, PMJF
**Convener:** Ln. Nurul Azim
**Member Secretary:** Ln. ASM Uddin
**Chief Coordinator:** Ln. Ahsan Habib, MJF
**Coordinator:** Ln. Mashud Rana Topan

**Event Coordinator:**
Ln. Amit Barua
Ln. Anisul Islam Tony
Ln. MD Mizanur Rahaman

**Registration & Reception Coordinator:**
Ln. Ruhul Amin
Ln. Litu Anam

**Marketing Coordinator (Advertisements, Lottery)**
Ln. AKM Abdur Rashid

**Communication Coordinator :**
Ln. Golam N.Haider Mukut

WE SERVE

**DATE**

**AUGUST | 19 | TUESDAY**
**6:00 PM**

**Venue: The Royal Palm**
**2143 Boundary Ave, Farmingdale, NY 11735**

**Cultural Program Director:**
Ln. Abdur Rashid Babu
Ln. Enamul Hoque Enam
Ln. Rony Bowmik

**Press & Media Coordinator:**
Ln. Muhammed Sayed
Ln. Shah J Chowdhury
Ln. Md Monwar Hossain
Ln. Anik Raj
Ln. AB Siddique
Ln. Zahid Alam

**INVITED GUESTS ONLY**

**Food & Hospitality Coordinator :**
Ln. Kamrul Hasan

**MEMBERS:**

Ln. Kamrul Majumder, Ln. Jahangir Joy, Ln. Towhid Islam, Ln. Mofizur Rahman, Ln. Daisy Yeasmin, Ln. Mohammad Zakir Hossen, Ln. Mohammed Ahsanul Haque Babul, Ln. Tomal Hossain, MJF, Ln Rony Bowmik, Ln. Ahmed Mesha, Ln. Mohammad Mridha Jasim, Ln. Belal Ahmed, Ln Afroza Islam, Ln. Taskinul Huq, Ln. Chandan Gupta, Ln. Badrodduja Sagar, Ln. Md M Hasan, Ln. Md Sumon Mahamod, Ln. Mohammed Azad, Ln. Md Asad Chowdhury, Ln. Md Habibul Chowdhury, Ln. Nargis Rahman.

**LN. ROCKY AALIYAN, MJF**
President (Immediate Past)

**LN. JFM RASEL, MJF**
Secretary (Immediate Past)

**LN. JFM RASEL, MJF**
President (Elect)
917-306-0361

**LN. MD. MASHIUR R. MAJUMDER**
Secretary (Elect)
646-725-0067

# এই সপ্তাহের কবিতা



## প্রণতিস্মরণ
### এইচ বি রিতা

তুমি জাগালে আলো, না শুধু দীপশিখায়
বরং চেতনার জ্যোতির্ময় দ্যুতিতে।

তুমিই জানালে,
"মরণ রে, তুঁহুঁ মম শ্যামসমান",
কোন ঋষি এমন নিঃশঙ্কে মৃত্যুকে আহ্বান করে?
কে এই জীবনমোহের রঙ্গমঞ্চে নির্মোহ হয়ে বাজায়
চিরপ্রেমের বীণা?

'জীবনের জয়' রূপে এসেছিলে তুমি
পত্রপাতার শব্দে, শূন্যতার ভিতর দীপ্ত ব্যঞ্জনায়।
তোমার ছায়াপথ ধরে হাঁটে আজও
নব অরণ্যভুল পথিক-প্রতিটি শ্রাবণ ভোরে,

বৈশাখী রৌদ্রে, শ্রুতি ও নীরবতার সন্ধিক্ষণে।

তোমার রচনার অলিন্দ

তাপস বেদীর মতো,
উচ্চারণে নয়, অনুভবই আরাধ্য।

তুমি স্বরের অতীত, ছন্দের আরাধ্য পুরুষ,
কবিতার জ্যোতিষ্ক-

যার কেন্দ্রস্বরূপে ঝরে পড়ে বিশ্বচেতনার সত্যবাণী।

আর আমরা নদীর তীরে বসে, শব্দ তুলে খুঁজি,
যেখানে তুমি একা বয়ে যাও ধ্রুপদ প্রতিস্বরে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বর্ষালী দিন
### কনক কুমার প্রামানিক

সাদা মেঘেরা উড়ে বেড়ায় দূরের আকাশ জুড়ে
পাঁছেই বুঝি নামবে বৃষ্টি আকাশ বাতাস ফেঁড়ে।
অঝোর ধারায় চলে বৃষ্টি,থামেনা যে দিনরাত
মেঠোপথে চলাচলে হয় বৃদ্ধরা যে কুপোকাত।

পুকুর খাল উপচে গিয়ে পালায় মাছের দল
বন্যা এসে রাতের ভেতর বাড়ায় নদীর জল।
রাখাল ছেলে গরুরপাল নিয়ে যায় মাঠ পানে
দূরের মাঠে সবুজ ধান ডুবে সে জলের টানে।

টিপটিপ বৃষ্টিতে পড়ে যে রাস্তা হয় কাদাময়
অতি বর্ষায় কৃষক মনে জাগে প্লাবনের ভয়।



## সোমবার-মানবজাতির শত্রু
### রওশন হক

কে যে আবিষ্কার করল সোমবার,
তার নিশ্চয়ই শখ ছিল মানুষের আকারে শয়তান হওয়ার।
শনিবার-রবিবারে জীবন হাসে,
সোমবার এলেই মুহূর্তে কফির কাপের মতো নীচে বসে থাকে।
অ্যালার্ম ঘড়ি সোমবারে কেমন জানি বদমাশ,
শুনতে না চাইলে সে বাজে আরও জোরে,
"চলো কাজে!" -এমন হুকুম, যেন মগজে কামড় বসায়।
কেউ যদি সোমবার বাদ দিয়ে ছুটি দিত,
হয়তো পৃথিবীটা একটু বেশি শান্ত হতো,
বসেরা কম খিটখিটে, আর কর্মচারীরা বেশি মানবিক হতো।
ভাবি মাঝে মাঝে-
যদি ক্যালেন্ডারে রবিবারের পর সরাসরি মঙ্গলবার আসতো!
তাহলে কি সূর্য ডুবে যেত?
নাকি চাঁদ অভিমান করত?
না, কেবল সোমবারই হারিয়ে যেত,
আর মানবজাতি বাঁচতো এক চিরস্থায়ী উৎসবে।

লেখক: কবি, কুইন্স।



## রাজনীতি
### এস এম মোজাম্মেল হক

জটিল যেখানে রাজনীতি করা একে অপরের শত্রু
লেখাতেও আছে অঢেল সুযোগ এক ঘরে সব মিত্র।
যে ঘরে ভাইয়েরা দখলে রাখেন চারটি দলের পদ
ক্ষমতায় থাক যে দলই তাদের কে করে শাস্তি রদ।

এই দর্শন কবলিত তারা শত্রু মিত্র নিজেরাই যারা
কিসে আর ভয় এক ঘরে রয় নিজ মহিমায় তারা।
এমন সরল নিরাপদ আর কোন পেশা কোন কাজ
যে পেশায় নেই ভয় ডর কোন মুখ লুকানোর লাজ।

মানুষের চোখে দেবতাতুল্য প্রশাসন থাকে নমনীয়
এমন আরাধ্য পদ ও পদবী এর চেয়ে কি কমনীয়।
চাকুরীর কোন পদ পেতে হলে পদমর্যাদা পরীক্ষায়
অথচ যেথায় পদের জন্য কষ্টের কোন নেই বালাই।

কুশলী চিন্তা বুদ্ধির সাথে বিবেচনাবোধ যদি থাকে
তরতর করে উপরে উঠতে কে রুখে এমন ব্যক্তিকে।
একক্লাসে পড়ে অনেকে যখন কেরানীর কাজ করে
রাজনীতিবিদ অনেকে আবার তাদের শাসন করে।

চাকুরী ক্ষেত্রে অবসর বার বৃদ্ধ হলেও তারা নির্ভার
বুঝতে নারাজ বয়সের ভার যদ্দিন খুশি করেন পার।
যদি হয় কভু দরকারে ঠাঁই অর্থ বিত্ত কি সুবিধা নাই;
ট্যাক্সহীন গাড়ি আলিশান বাড়ি তদবির বাদ নাই।

যে কারণে কেউ এমনি সুযোগ যখন নাগালে পায়
বয়স ও ব্যাধিতে ব্যাঘাত হলেও পদ ছাড়তেন নয়।
আরও লোভনীয় মৃত্যুর পরে পাওয়া রাষ্ট্রীয় সম্মান
দক্ষিণ প্রান্তিয় জানাযা শেষে মুক্তিজীবীর গোরস্থান।

লেখক: কবি, প্যারামাউন্ট।



## তবু বেঁচে আছি
### কুলসুম আক্তার সুমী

কৃষ্ণপক্ষের চাঁদ ডুবে গেছে সেই কতক্ষণ
বিস্তীর্ণ আকাশের অলিন্দে একাকিই জ্বলজ্বলে তারা,
আমি জেগে আছি তার সাথে এই নিকষ আঁধারে।

বাতায়ন পাশের ওক গাছের পাতায় হাওয়ার নাচন,
রাতজাগা পাখির পাখা ঝাপটানোর শব্দ
আবারো মনে করিয়ে দেয় 'তুমি নেই'
তুমি অজানায় পাড়ি দিয়েছিলে এই দিনে।

স্তব্ধতা ঘিরে ধরে ধীরে, আমারই মতো
আরো গভীর অন্ধকারে তলিয়ে যায় পৃথিবী,
তীরে এসে আছড়ে পড়া ঢেউয়ের মতো
দু'কূল ভাসিয়ে নিয়ে যায় অগণন স্মৃতি।

মনে পড়ে কত শত অর্ধ ভুলে যাওয়া গল্প-
আর তখনই পাঁজরের হাড় গুড়িয়ে দেয়
কণ্ঠতে চেয়ে তোমার শেষ না বলা কথা!

নৈঃশব্দের হাহাকারে গাঢ় হয় শীতল অন্ধকার
রাত গভীরতর হয়, জ্বলজ্বলে তারাটিও নিভে যায়;
হৃদয়ের তন্ত্রীতে বেজে চলে বিরহ বিস্পর্দনি,
অবলম্বায় বহ হয়ে আসে স্মৃতির ডায়েরি,
নিঃশেষ হয়ে আসে বয়ে চলা অশ্রুধারা।

তবু আমি বেঁচে থাকি, বেঁচে আছি;
বেঁচে থাকবো স্মৃতি খুঁড়ে কষ্ট বোনার জন্যে।



## সান্ত্বনা
### কাকন রেজা

শান্ত হও, বাইরে বর্ষা বৃষ্টি জলে ভিজে
জলকে শান্ত করো, শান্ত হও নিজে
দোহাই ঈশ্বরের উত্তর আধুনিক কালে
শান্ত হও, হও ধীর, স্থির নিজ চালে

তিক্তক বর্ষাতি, ভিজে যাক প্রথম কদম
দৃশ্যচিত্রে থাকুক রোদের দৃশ্য মনোরম
ডুবেছে পথ, জবজবে শপথের পাঠ সব
তবু টিকে থাক, বেঁচে থাক তার অনুভব

শান্ত হও, দোহাই আর ভিজো না জলে
পরাবাস্তব জীবন আর তীব্র হলাহলে



## পাখপাখালির শপথ
### আহম্মদ হোসেন বাবু

মুরগির ডানার ভেতরে অসংখ্য উকুনের বাসা
দোয়েল-শালিক মুখোমুখি হয়ে খেলছে বসে পাশা।

উকুনের যন্ত্রণায় খুন কষ্টের সময় তার
দোয়েল-শালিক খেলা নিয়ে ব্যস্ত, বড় নির্বিকার।

হঠাৎ দোয়েল প্রশ্ন করে, জেতের খবর জানো?
কেন তুমি আজ খেলার ভেতর অন্য কথা আনো?

চিন্তিত শালিক বলে, যেই হোক হবে তো দেয়াল
আগের মতন এবারেও, হয় বাঘ নয়তো শেয়াল।

দোয়েল চাঁচিয়ে বলে, দেখো মরছে কিভাবে মানুষ!
শুধু খেলা নিয়ে আছো তুমি, আর নেই কোন হুঁশ।

চারিদিকে আজ হু-হু করে বাড়ছে কেমন উকুন!
তাই দেখে লকলক করে, জোটে দাঁড়াবে শকুন!

উকুন-শকুন এক হয়ে দেখো নীল-নকশা আঁকে
জোরের কোকিল তৈরি থেকো তোমার পথের বাঁকে।

মানুষখেকো শকুনের ডানা আজ ভাঙতে হবে ভাই
এই অরণ্যের সব পশু-পাখি, এক হওয়া চাই।

বৈষম্যবিরোধী আন্দোলন করে লাভটা কী বা হলো?
এখনো সময় আছে, বনের রাজার কাছে চলো।

দোয়েল-শালিক শপথ করে, খেলবে না আর পাশা
যতদিন না অর্জিত হয়, মনের সকল আশা।।

লেখক: কবি, নিউইয়র্ক।



## রিক্ত রাজার স্বপ্ন
### সুমন শামসুদ্দিন

রিক্ত দেহের বোতাম ছেঁড়া পাঞ্জাবি,
কারুকাজের কেমন বাহার তাই ভাবি!

ছিন্নসুতার পরম নিচে মুলতানি,
ইতিহাসের শব্দমালায় সুলতানি।

রাজ্যদুর্গ যে শাসনে মানতো হার,
এখন ছেঁড়া সুতোর কাজই তার বিহার!

ধুলোয় ভরা সিংহাসনটি আজ খালি,
রাজ্যকোষের শূন্যথালায় আজ বালি!

জীর্ণবস্ত্রে নেই তবু তার অহংকার,
উদারহৃদয় আশার আলোই অলংকার!

দিনের শেষে প্রদীপ-আলো যায় নিভে,
কতছে লালা লোভী কাকের কাল-জিভে!

তবু রাজার স্বপ্নদেশের নেই তো শেষ,
শুদ্ধ-প্রজার অভাব রাজার নিত্য-ক্লেশ।



## মনের কথা
### সুজন দাশ

মনের কথা যেই না বলে বোকা,
শুনে চালাক ঠিক দিতে যায় ধোকা!
হাটে মাঠে করতে সেটা ফেরি,
এই কাজে তার হয় না মোটে দেরি।

বোকা ভেবে হালকা হবে বলে,
কিন্তু তারে ভাসতেও হয় জলে!
প্রতিশোধের খড়্গ আসে নেমে,
স্বার্থ পাচে জীবনও যায় থেমে।

মনের কথা থাকলে জমা মনে,
টানতে তারে পারেনা কেউ রণে!
ছাই চাপা দেয় কষ্ট বুকের যারা,
দিনের শেষে সাফল্য পায় তারা।

সহজ কথা সহজে যেই বলে,
সবাই তারে ফেলে বোকার দলে!
এই জমানায় বিপদ তাদের বেশি,
মরণ তাদের সামনে দাঁড়ায় ঘেঁষি!

মহৎ জনে হয়না কাতর এতে,
সত্য বলার জন্য থাকে মেতে!
ভালোবেসে ওরাই রাখে ধরে,
থাকেও তারা সবার মনের ঘরে।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।


Federation of Bangladeshi Associations in North America
FOBANA
GOLDEN AGE HOME CARE
PRESENTS
39th FOBANA CONVENTION
FOBANA
CONVENTION
NIAGARA FALLS 2025
STALL AVAILABLE FOR BOOKING
HALAL BANGLADESHI FOOD AVAILABLE
AUGUST 29, 30 & 31, 2025
VENUE: SHERATON NIAGARA FALLS, NY, USA FOR HOTEL BOOKING: 716-478-6927
FOR MORE INFO & STALL BOOKING: ABU ZUBAIR DARA, 347-405-1093
• Chief Guest: Dr. Solimullah khan
Prominent Scholar
• Special Guest: Golam Mortuza
Press Minister Bangladesh Embassy Washington D.C.
NO ENTRY FEE
INVITED BY
Shah Nawaz MBA
Chairman
646-591-8396
Kazi Sakawat Hossain Azam
Convener, 917-783-8138
Moinul Chowdhury Helal
Member Secretary
860-938-6718
Dr. Masudur Rohman
Chairman
Convening Committee
Muhammed Hussein Khan
Chief Adviser
Convening Committee
Ali Imam
Chairman of All Supervisor
EZAZ AKTER TOUFIQ
Cheif Co-Ordinator
Fobana Convention 2025
Giash Ahmed
Chairman Admin
Convening Committee
ORGANIZED BY:
FEDERATION OF BANGLADESHI ASSOCIATIONS IN NORTH AMERICA
MEDIA PARTNER:
আজকাল
ইনকিলাব WEEKLY INQILAB
নবযুগ
BANGLA VISION
ntv
ATN BANGLA
EVENT MANAGED BY: Galaxy media

# Mamdani accuses Cuomo of 'conspiring' with Trump

**Shah Nawaz**




Democratic mayoral nominee Zohran Mamdani charged that his rival, former Gov. Andrew Cuomo, is 'conspiring' with President Trump in the wake of a reported recent phone call between Trump and Cuomo about the race. Thursday, Aug. 07, 2025.

Democrat mayoral nominee and frontrunner Zohran Mamdani on Thursday seized on a report that his independent rival Andrew Cuomo recently spoke to President Trump about the race over the phone, charging the pair have been "conspiring about the fate of this city."

Mamdani made the accusations standing side-by-side with union members supporting his campaign during an Aug. 7 press conference at 26 Federal Plaza. The building has played host to daily detentions of undocumented immigrants by Trump's Immigration and Customs Enforcement (ICE) agents. The event came on the heels of a Wednesday evening New York Times report that, citing unnamed sources, revealed a previously unknown recent phone call between Trump and Cuomo, the Democratic former governor, in which they spoke about the mayor's race. Both Trump and Cuomo have disputed that the call took place. (Source-Polotico.com)



# 3,500 Homeless Removing From Street : Mayor

**Ajkal Desk**

New York City Mayor Eric Adams and New York City Department of Social Services (DSS) Commissioner Molly Wasow Park today celebrated major progress in the city's efforts to connect New Yorkers experiencing homelessness to permanent housing, announcing the placement of more than 3,500 New Yorkers who were previously living unsheltered in permanent homes. The milestones come as a result of key Adams administration initiatives — like Mayor Adams' Subway Safety Plan, which conducts targeted outreach across end-of-line subway stations to engage harder-to-reach New Yorkers experiencing homelessness—as well as historic investments in housing and services for this population. More specifically, the city has placed over 1,000 New Yorkers who were living unsheltered in the subway system into permanent homes since early 2022. In total, since the start of this administration, the city has also helped more than 3,500 New Yorkers transition from living on city streets and subways to permanent housing through the aggressive expansion of and investment in Safe Haven and stabilization beds, both of which offer specialized transitional housing support for individuals experiencing unsheltered homelessness. Today's announcement also kicks off Mayor Adams' "End Culture of Anything Goes" campaign, the administration's commitment to end the culture of 'anything goes' and improve quality of life on city streets. The campaign will highlight the work the administration has done to date to change the culture and laws that prevented people with severe mental illness from getting the help they needed, while simultaneously making the investments necessary to support outreach, harm reduction, wraparound services, and housing — all in an effort to make lasting impacts in lives and communities. Mayor Adams is bringing the same energy and approach that proved to be successful in carving a new path to help people with severe mental illness to addressing other health crises playing out on city streets and will soon lay out how he plans to realize that vision. "From the beginning, we said we needed to build trust with the city's unsheltered population, whether outside, on our subways, or in our shelters, and in the three years since our administration began this work, we have now connected more than 3,500 homeless individuals to permanent housing, and thousands more to shelter," said Mayor Adams. "This success would not be possible without our historic investments in Safe Haven and stabilization beds, our record-breaking creation of affordable housing, and a laser-focus on addressing homelessness on our streets and in our subways. More work remains, but it's clear that the years of walking by New Yorkers in need are over and this milestone is further proof that we're continuing to make New York City a safer, more affordable city."



"As we mark important progress strengthening pathways to stable housing for New Yorkers experiencing unsheltered homelessness, we resolve to keep building on person-centered solutions that meet our vulnerable neighbors where they are," said DSS Commissioner Wasow Park. "Through the city's vital investments in the Safe Haven model and the dedication of hundreds of outreach workers who prioritize dignity, trust, and compassion every step of the way, we were able to help more than 3,500 New Yorkers who were living unsheltered move into permanent homes. The ongoing expansion of Safe Havens will further reinforce our efforts to break the cycle of homelessness for New Yorkers who have been consistently failed by society at large." In February 2022, Mayor Adams launched the Subway Safety Plan to intensify multi-agency outreach efforts across end-of-line subway stations. As part of this plan, Mayor Adams also made unprecedented investments in a comprehensive continuum of care designed to meet the unique needs of New Yorkers experiencing unsheltered homelessness, including individuals experiencing mental health and substance use challenges in the subway system. Since the start of the Subway Safety Plan, more than 8,600 New Yorkers have been connected to shelter, with over 1,000 now in permanent, affordable housing. These efforts complement the city's 24X7 above-ground HOME-STAT outreach efforts — one of the most comprehensive outreach programs in the nation — which have also resulted in vital connections to shelter services for thousands of New Yorkers experiencing unsheltered homelessness across city streets, parks, and other public places.




# Al Jazeera journalist killed in Israeli strike on Gaza

**Anik Raj**

The Israeli military targeted and killed Al Jazeera correspondent Anas Al-Sharif late Sunday after accusing him of leading a Hamas cell. Al-Sharif, a prominent 28-year-old journalist who covered the war from inside Gaza, previously denied the allegation. Six other people, including at least three additional Al Jazeera journalists, were killed in the attack, which occurred near the entrance of Al-Shifa Hospital in Gaza City. Hospital director Dr. Mohammad Abu Salmiya said the journalists were in a tent marked with a "Press" sign. According to the Committee to Protect Journalists, 186 journalists have been killed since the beginning of the war nearly two years ago. Of those, at least 178 were "Palestinians killed by Israel." Minutes before he was killed, Al-Sharif posted on social media: "If this madness does not end, Gaza will be reduced to ruins, its people's voices silenced, their faces erased — and history will remember you as silent witnesses to a genocide you chose not to stop."



# Ronaldo and Georgina announce their engagement

**Ajkal Desk**

Soccer great Cristiano Ronaldo and his long-term partner Georgina Rodríguez are engaged. The 31-year-old Rodríguez announced the happy news on Instagram on Monday with a photograph showing a huge ring on her finger. "Yes, I do," read the caption in Spanish. "In this and in all my lives."

Rodríguez and the 40-year-old Ronaldo have two daughters together. She has also helped to raise Ronaldo's other three children. The couple lost one of their newborn twins, a boy, in 2022. Ronaldo met Rodríguez in 2016 when she worked at a Gucci store in Madrid. The former Real Madrid and Manchester United star now plays for Al-Nassr in Saudi Arabia.



# 'Interim govt ready to hand over power to elected representatives'

Ajkal Desk

Chief Adviser Prof Muhammad Yunus has said that the interim government is ready to hand over power to an elected government. "We are now ready to hand over power to elected representatives. I have already announced the election schedule. The government is working to ensure voting rights for expatriates in this election," he said today while addressing a views-exchange meeting with Bangladeshi expatriates in Kuala Lumpur. "I hope this time you will have a new experience -- you will all be voters, and you will vote. We have discussed this with the Election Commission, and they are preparing for it," he added. Highlighting the role of expatriate Bangladeshis in reviving the economy from a devastated state, the Chief Adviser said, "The country's situation has now returned to a much more stable position. You have played a major role in the economy's recovery." "You are making an enormous contribution to the economy, and we must recognise it. We must ensure your voting rights in the upcoming election," he said Foreign Affairs Adviser Md Touhid Hossain and Expatriates' Welfare and Overseas Employment Adviser Professor Asif Nazrul were also present at the event.

The Chief Adviser said the government made efforts since assuming office to engage with expatriate Bangladeshis and listen to their concerns. "You have many grievances, and many of them are justified. We have been working continuously to address these problems and reduce complexities," he said. On passport-related complications, Prof Yunus said the government has acted swiftly to resolve them. He also announced the launch of a new initiative called Citizen Services Bangladesh to deliver all government services to expatriate Bangladeshis.

In addition, a special mobile app is being developed to connect Bangladeshi expatriates worldwide on a single platform, he said.

During the meeting, various issues concerning Bangladeshi expatriates in Malaysia were discussed. These included increasing staffing at the embassy, securing Graduate Plus visas for Bangladeshi students, regularising those who have become undocumented, and engaging Malaysian authorities to enhance cooperation in trade and industry, according to Prof Asif Nazrul.

The meeting was attended by representatives from various professions, organisations, associations, and business communities of the Bangladeshi diaspora in Malaysia.

# Jaya Ahasan Engaged for many years

Anik Raj

Move over, speculation – Jaya Ahsan has finally spilled the tea! For years, fans have been playing detective trying to crack the code of the ever-elegant, fiercely private actress's love life. Interviews? She'd charm you with talk of cinema, feminism, and fine art. But ask about romance? Cue the icy side-eye and a graceful exit. Well, the silence is officially broken – and the truth is juicier than a rasgolla. In a candid chat with Indulge Express during her promotional whirlwind in Kolkata for her two new releases, Dear Maa and Putulnacher Itikatha, Jaya dropped the bombshell: "Yes, there is someone in my life. We've been together for many years."



And before you start scrolling through her co-stars' Instagrams – plot twist: He's not from the media world. No filmy drama, no paparazzi chaos, just a real, grounded connection away from the spotlight. "I value friendship above everything in a relationship," Jaya revealed, sounding like the love guru we all need. "The real magic is being able to keep that friendship alive for life. I travel constantly, I'm tied up with shoots for months… but he never complains. He supports me. Honestly? That kind of man is rarer than a quiet red carpet." But don't start planning the wedding because marriage is not on the menu. Not yet, anyway. "I respect marriage," she said with a knowing smile. "But I have no plans or desires for it right now. Let's just say… I'm a little afraid. Maybe it's my past. Maybe it's just me. But love doesn't need a ring to be real." And the secret to their long-lasting bond? Privacy, peace, and personal space. "We both like to keep things low-key," she said. "No chaos. No pressure. Just calm, and mutual respect. That's what keeps us strong." So there you have it, folks: Jaya Ahsan is loved, loved her, and loving it on her own terms. Move over, fairy tales. This is the real romance.



# NCP leaders meet US Chargé d'Affaires

Ajkal Desk

Citizen Party (NCP) paid a courtesy visit to US Chargé d'Affaires Tracy Ann Jacobson at her official residence in Dhaka on Monday, August 11.

The meeting was confirmed by Mushfiqur Us Salehin, the party's Joint Member Secretary (Media), in a statement.

Representing the NCP were Convener Nahid Islam, Member Secretary Akhtar Hossain, Senior Joint Member Secretary Dr Tasneem Zara, and Joint Member Secretary Alauddin Mohammad.

Discussions focused on the current political climate in Bangladesh, the state of law and order, the roadmap for ongoing reforms, preparations for the upcoming national elections, and the implementation of the July Uprising's manifesto.

The NCP delegation also highlighted the widespread public response to their July nationwide march, which saw participation across nearly all districts and drew support from people from diverse backgrounds.

The US side was represented by Chargé d'Affaires Tracy Ann Jacobson, Political and Economic Counsellor Eric Gillan, Political Officer James Stewart, and Political Specialist Firoz Ahmed. The meeting underscored continued diplomatic engagement between emerging political forces in Bangladesh and international stakeholders during this pivotal transitional period.

# Republicans Mock Democrats' 'Wildly Unpopular' Proposals to Take Back House

Ajkal Desk

The National Republican Congressional Campaign (NRCC), the campaign arm for House Republicans, accused Democrats of wanting to move "swiftly" back to "Joe Biden's America." The NRCC released a memo on Tuesday mocking Democrats' "wildly unpopular" proposals as part of their "Project 2026" platform to take back the House majority during the midterm elections.

In response, the Democratic Congressional Campaign Committee said Republicans are attempting to "distract from their failed leadership and refusal to get a single thing done for the American people."

The NRCC released a memo to satirize how House Democrat Leader Hakeem Jeffries (D-NY) missed the self-imposed deadline to release his party's policy proposal. "Hakeem Jeffries promised a 'Project 2026' within 100 days of April 30th, and it's been over 100 days. Democrats know their agenda is wildly unpopular, and their focus on these issues will cause them to lose yet



again," the NRCC said in a statement. The memo accused the Democrat Party of wanting to "move swiftly and unapologetically to return to Joe Biden's America and implement the bold, transformational change our base demands."

The memo lays out eight policy proposals they accuse Democrats of wanting to advance, ranging from "Bring Back Wasteful Government Spending and High Crime" to "Open Borders. Full Stop" to "Impeach President Trump. Again. And Again." Policy ideas the NRCC charges Democrats with advancing range from the outlandish, such as "institute a federal 'Carbon Lifestyle Tax' on Americans who dare to own trucks, SUVs, or backyard grills, to ideas that have been pushed by the likes of New York City Democratic mayoral candidate Zohran Mamdani of launching "pilot programs for government-run grocery stores in 'underserved' neighborhoods."

"This is the America Democrats want to build," NRCC spokesman Mike Marinella said in a statement.

JACKSON HEIGHTS ELAKABASHI JHE SINCE: 2003

# ১৫ আগস্ট জাতীয় শোক দিবস



১০০০ জায়নামাজ বিতরণ

রক্তদান কর্মসূচী গাছের চারা বিতরণ

## ১৫ আগস্ট ২০২৫, শুক্রবার

বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫০তম মৃত্যুবার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায়

# দোয়া মাহফিল ও তবারক বিতরণ

স্থান: ৩৭-২২, ৭৩ স্ট্রিট (নবান্ন রেস্টুরেন্টের সামনে). সময়: দুপুর ২টা থেকে রাত ৯টা

| সভাপতি | আহ্বায়ক | সদস্য সচিব | সাধারণ সম্পাদক |
|---|---|---|---|
| সাকিল মিয়া | মীর নিজামুল হক | মামুন মিয়াজী | মো. আলম নমি |

যুগ্ম আহ্বায়ক: মিয়া মোঃ দুলাল, আলমগীর হোসেন, আব্দুল মালেক ও আব্দুল হামিদ

পরিচালনায়: শাহ নেওয়াজ

যুগ্ম সদস্য সচিব: ডিউক খান ও মোঃ মাহবুব রহমান

তত্ত্বাবধানে: শাহ জে. চৌধুরী প্রধান সমন্বয়কারী: মইনুল ইসলাম প্রধান পৃষ্ঠপোষক: আসেফ বারী টুটুল

চেয়ারম্যান: হারুন ভূঁইয়া, কো-চেয়ারম্যান: সাখাওয়াত বিশ্বাস, জেড আর চৌধুরী (লিটু)ও মফিজুর রহমান

পৃষ্ঠপোষক: আশরাফ চৌধুরী খোকন, মোঃ কামরুজ্জামান কামরুল, ফাহাদ সোলায়মান, নুরুল আজিম, তারেক হাসান খান ও এটর্নি মঈন চৌধুরী

সহযোগিতায়: গোল্ডেন এইজ হোম কেয়ার, মঈনুল ইসলাম, এম এ আজিজ, শাহ জে চৌধুরী, বারী হোম কেয়ার, শেখ নোমান পলাশ, কেয়ারিং ফ্রেন্ড ডিরেক্ট, এটারনাল কেয়ার সার্ভিস, ডেরা রেস্টুরেন্ট, মেসবাহ আবেদীন, শেখর কৃষ্ণ, ডা. ফেরদৌস খন্দকার, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন, সি কে (অভি), মনসুর চৌধুরী, প্রিমিয়াম সুইটস, মাসুদ রানা তপন (সানম্যান), শীব দাস, রিলায়েবল হোম কেয়ার, ফার্স্ট হোম কেয়ার, এন ওয়াই হোম কেয়ার, রেজা রশীদ, দুলাল বেহেদু, আহসান হাবিব, নুরুজ্জামান সরদার, ফুরহাদ রেজা, নিলুফা শিরিন, ডাঃ বর্ণালী হাসান, হাসান জিলানী, এস এস ব্রোকারেজ, মোঃ কে. ভুইয়া, গোলাম হাসান, রফিকুল ইসলাম, আকতারুম রহমান মামুন, রনি, মোঃ জাহিদ মিয়া, মোঃ নাজের উদ্দিন, সাঈদ খান, রাজু আহমেদ, জেবিবিএ, হাসান মাহমুদ সোহেল, মো: লুৎফুর রহমান চুনু, মোঃ আশরাফুল আজিজ, মোঃ জহিরুল ইসলাম, মোঃ আব্দুর রহিম ভুঁইয়া, মোঃ আবু তাহের, মোঃ আনোয়ার হোসেন (অনু), আহাদ ভুঁইয়া, আমিন খান জাকির, শফিকুর রহমান, আবুল ফজল দিদার, অভি (সি কে ফুড), মির্জা এম জামান, শাহ্ শহিদুল হক, মোঃ সোহাগ, পাটেল ব্রাদার্স, ডা. তৌহিদ শিবলী, তানভীর শাহীন।

সার্বিক সহযোগিতায়: মোঃ মানিক বাবু, কামরুজ্জামান বকুল, হুমায়ুন কবীর ঢালী, আবু নসর, আসাদুল ইসলাম আসাদ, মোঃ হাসনাত হাসান, শামস জনি, শাহীন চৌধুরী, আফতাব জনি, আকরাম হোসেন বিপ্লব, মোঃ সায়েম উল্লাহ, মুক্তা মিয়া, গোপাল সান্যাল, ওয়াসীম, গনেশ কীর্তনীয়া, মোঃ রাদবি, শাহরিয়ার হোসেন, শোভন, আনোয়ার উদ্দিন, মহিউদ্দিন রাহুল, রেদওয়ানুর রহমান জুয়েল, জাহারানা আক্তার (লাকী), ফারহানা চৌধুরী, মনির হোসেন, শ্যামল নাথ, মতিউর রহমান ও মতিন।

উপদেষ্টা পরিষদ: শাহ নেওয়াজ (প্রধান উপদেষ্টা), মো: মহিউদ্দিন দেওয়ান, আনোয়ার জাহিদ, রাশেদ আহমেদ, ইশতিয়াক রুমী, সিরাজুল হক কামাল, কামরুজ্জামান কামরুল, প্রদীপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, মোঃ পিয়ার, রেদোয়ান কবির, রফিক আহমেদ, ইকতারুজ্জামান রতন, মোঃ কবির রতন, এলিন রহমান, শফিউদ্দিন মিয়া ও শাহাদাৎ হোসেন।

ফটোগ্রাফি: নিহার সিদ্দিকী

আয়োজনে

# জ্যাকসন হাইটস এলাকাবাসী



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশস্থ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্‌রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক দিয়ে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকটে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৩৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহউল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক
## BANGLADESH-AMERICAN CAR & LIMOUSINE ASSOCIATION, INC.

A Non Political, Not for Profit, Service-Oriented Organization, Tax ID # 27-0282751



# বার্ষিক বনভোজন ২০২৫

## তারিখঃ ১৬ আগস্ট ২০২৫, শনিবার
## স্থানঃ জর্জ আইল্যান্ড পার্ক (প্যাভিলিয়ন ২)
**Dutch St, Montrose, NY 10548**

### বিশেষ আকর্ষণঃ বারবিকিউ ও সাংস্কৃতিক অনুষ্ঠান



**সংগীত পরিবেশনায়**
রোকসানা মির্জা ও প্রবাসের শিল্পীবৃন্দ

**প্রধান অতিথিঃ** এম আজিজ
সাবেক সভাপতি ও চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি

**সম্মানিত অতিথিঃ** আব্দুর রব মিয়া
সাবেক সভাপতি, বাংলাদেশ সোসাইটি

**বিশেষ অতিথিঃ** রুহুল আমিন সিদ্দিকী, সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি
জাহিদ মিন্টু, সাবেক সাধারন সম্পাদক, গ্রেটারনোয়াখালী সমিতি
ওয়াসি চৌধুরী, সাবেক সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ সোসাইটি
দুলাল বেহেদু, সভাপতি, ঢাকা জেলা এসোসিয়েশন

**গ্রান্ড স্পন্সরঃ**



এটর্নী এইচ ক্রুশ ফিশার
ফিশার হার্বেস এন্ড এসোসিয়েটস
এক্সিডেন্ট এন্ড ইমিগ্রেশন লইয়ার
৩৭-৬৩ ৭৬ স্ট্রীট # ২, জ্যাকসন হাইটস
২১২-৯৫৭-৩৬৩৪



### র‍্যাফেল ড্রতে থাকছে

- ১ম পুরস্কার ঃ স্বর্ণের সেট — সৌজন্যে: মোঃ জাহিদ মিন্টু,
- ২য় পুরস্কার ঃ নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট — সৌজন্যেঃ দুলাল বেহেদু, সভাপতি ঢাকা জেলা এসোসিয়েশন
- ৩য় পুরস্কার ঃ স্বর্ণের কানের দুল — সৌজন্যে: মোঃ ইকবাল আহমেদ,
- ৪র্থ পুরস্কার ঃ ৬৫ ইঞ্চি টিভি — সৌজন্যে: মোঃ শাহাদাত হোসেন,
- ৫ম পুরস্কার ঃ আইপ্যাড — সৌজন্যে: মোঃ আলী,
- ৬ষ্ঠ পুরস্কার ঃ ল্যাপটপ — সৌজন্যে: নূর জামান,
- ৭ম পুরস্কার ঃ ল্যাপটপ — সৌজন্যে: সারোয়ার খান বাবু,
- ৮ম পুরস্কার ঃ ল্যাপটপ — সৌজন্যে: মোঃ মামুন,
- ৯ম পুরস্কার ঃ ল্যাপটপ — সৌজন্যে: এম কামাল সিপিএ,
- ১০ম পুরস্কার ঃ অ্যাপল ওয়াচ — সৌজন্যে: আবুল ফজল দিদার,
- ১১তম পুরস্কার ঃ অ্যাপল ওয়াচ — সৌজন্যে: মির্জা মনিরুজ্জামান শামিম,
- ১২তম পুরস্কার ঃ স্যামসাং ফোন — সৌজন্যে: খালেদ আক্তার,
- ১৩তম পুরস্কার ঃ স্যামসাং ট্যাব — সৌজন্যে: শ্যামল নাথ,

সকালের নাস্তা : সৌজন্যে: মোঃ রাজিব আহমেদ,

সুধী, আস্‌সালামু আলাইকুম।
আগামী ১৬ আগষ্ট ২০২৫, শনিবার, জর্জ আইল্যান্ড পার্ক (প্যাভিলিয়ন ২), মন্টরোজ নিউইয়র্ক-এ বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন ইনক এর বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়েছে।
উক্ত বনভোজনে আপনি/আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

**আমন্ত্রণে**

| মোঃ নওশেদ হোসেন | সবুর হোসেন জাহাঙ্গীর | এ জি এম জাহাঙ্গীর হাসাইন |
|---|---|---|
| আহ্বায়ক ৬৪৬-৩৩৮-২২৪৫ | প্রধান সমন্বয়কারী ৩৪৭-৪৭৫-৪৮০৮ | সদস্য সচিব ৩৪৭-৩৯৯-৩৮৭২ |

যুগ্ম আহ্বায়কঃ ফিরোজ আহমেদ অরুন। সমন্বয়কারীঃ মোস্তফা জামান শামীম। যুগ্ম সদস্য সচিবঃ আব্দুল করিম, সাদেকুর রহমান।

**সার্বিক তত্ত্বাবধায়নেঃ** মোঃ তোফাজ্জেল হোসেন (সাবেক সভাপতি), আবু রব বাবুল (সাবেক সভাপতি), রুহুল আমিন সিদ্দিকী, শাহজাহান নজরুল, শমসের আলী (সাবেক সভাপতি), ফরদৌস ওয়াহেদ (সাবেক সভাপতি), ,শাহাদত হোসেন, আশরাফুল আলম, গাজী আব্দুল মজিদ, নিয়াজ আহমেদ, কামরুল ইসলাম (সাবেক সিনিয়র সহ-সভাপতি), মোঃ কামাল হোসেন (সিনিয়র সহ-সভাপতি), মোঃ সাদী মিন্টু (সহ সভাপতি), মাহমুদ ফারুকী (সহ সভাপতি), আব্দুল মতিন হাওলাদার (সহ সভাপতি), কানাই লাল সাহা দিলীপ (সহ সভাপতি), পারভেজ আলম (যুগ্ম সাধারণ সম্পাদক), ফিরোজ উদ্দিন রাজীব (সহ কোষাধ্যক্ষ), মোঃ আলা আমিন সিকদার (ক্রিয়া ও আপ্যায়ন সম্পাদক), মাইনুল হাসান মিলন (দপ্তর সম্পাদক), রমজান খান তপন (সাংস্কৃতিক সম্পাদক), আজুল ইসলাম কাজল (কার্যকরী সদস্য), মোঃ জালাল উদ্দিন (কার্যকরী সদস্য) , ভোজন সরকার (কার্যকরী সদস্য)।

**সহযোগিতায়ঃ** মোঃ শাহ, মাহাবুবুর রহমান (অনিক), মাইনুল উদ্দিন মাহবুব, মির্জা শামীম, এ কে এম রশিদ, সামসুল হক শ্যাম, আব্দুল মান্নান, কায়েকোবাদ খাঁন, খোরশেদ আলম, রানা তালুকদার, আনোয়ার চৌধুরী, তুষার আহমেদ, আহমেদ কবির টমাস, নাসিম হাওলাদার, আফজাল বেপারী, মোঃ ফারুক হোসেন, মহসিন পারভেজ, টুটুল খাঁন, আরিফ মোড়ল, সায়েম মিঠু, মোঃ ইকবাল আহমেদ(খোকন), সায়েম রেজা, মোঃ টিটু, ইমতিয়াজ আহমেদ, মো: হাকিম (আরিফ), নাজমুল আলম শ্যামল, হুমায়ুন খান, শ্যামল কর, খোরশেদ মৃধা, রাজীব হোসেন, আলতি নিজাম, শাহিনুল শিপলু, মোঃ এইচ ইসলাম মিন্টন, শ্যামল চন্দ্র পাল, এইচ এম সরকার, রুবেল আহমেদ, রাশেদুল ইসলাম, আঃ করিম (সাকিব), শফিকুজ্জামান হাওলাদার (স্বপন), এনামুল করিম সরদার, ওবায়দুর রহমান জামাল, রফিকুল ইসলাম বাদল, মনির হোসেন, সঞ্জয় বারুস, শ্যামল চন্দ্র সাধু, কাজল ইসলাম, মোঃ মুকুল খান, মোঃ নুরুল হাসান, মোঃ রফিকুলইসলাম, আব্দুল মান্নান রতন, মোঃ শাফায়াত হোসেন, মোঃ ফারুকুজ্জামান, মীর সাইদুর রহমান, শ্যাল চন্দ্র নাথ, মোঃ নিজাম উদ্দিন, মোঃ এম ইসলাম।

| শাওন হোসেন মৃদুল | মোঃ শাহাদাত হোসেন |
|---|---|
| সভাপতি (৭১৮-৮৬৪-৩৬৯২) | সাধারণ সম্পাদক (৭১৮-২১০-৬৭৩৫) |

# হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## নির্বাচন তার গন্তব্য খুঁজে পাবে তো?

৬ পৃষ্ঠার পর

তাদেরকে অপসারণ করে, সেই সব পদে যোগ্যতাসম্পন্ন ডেডিকেটেড অফিসার নিয়োগ করা। সেনাবাহিনীকে সর্বাত্মকভাবে কাজে লাগানো। যেহেতু বাংলাদেশে প্রায় সাড়ে বারো কোটি ভোটার একদিনে ভোট দেয়, তাই আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এক বিশাল কর্মযজ্ঞ। সুতরাং এই নির্বাচনে মাঠ পর্যায়ে সেনাবাহিনীর বলিষ্ঠ নিয়ন্ত্রণ ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। পত্রিকা মারফত জানা যায়, নির্বাচনের সময় ৬০০০০ সেনা সদস্য মাঠে রাখার প্রক্ষেপণ করা হয়েছে। যথাযথ স্টাডি করে প্রয়োজনবোধে এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।

২. প্রার্থীদের প্রচারণায় সমান সুযোগের ব্যবস্থা করা: পোলিং এজেন্ট দেয়ার ক্ষেত্রে যেন কোনো প্রার্থী কোনো ধরনের প্রতিবন্ধকতার শিকার না হয় তার নিশ্চয়তা বিধান করা, প্রার্থীদের শারীরিক ও মানসিক নিরাপত্তা নিশ্চিত করা। যেহেতু আওয়ামী লীগের সব কার্যক্রম যৌক্তিকভাবে নিষিদ্ধ করা হয়েছে, তাই এটা একটা বড় ধরনের চ্যালেঞ্জ হবে: সরকার, নির্বাচন কমিশন ও আইনশৃঙ্খলা বাহিনীর জন্য- ইউনিয়ন, উপজেলা লেভেলে আওয়ামী লীগের কর্মীরা যেন নির্বাচন অনুষ্ঠানের কোনো কার্যক্রম করতে না পারে বা সে ধরনের কোনো নুকসান করতে না পারে। এটা নিয়ন্ত্রণের জন্য যথাযথ পদক্ষেপ আগে থেকেই গ্রহণ করতে হবে।

৩. ভোটকেন্দ্রে নারী-পুরুষ ভেদে- সকল ভোটার যেন সঠিকভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারে, সেজন্য সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নির্ভুল ভোটার লিস্ট প্রণয়ন করতে হবে। এই তথ্যপ্রযুক্তির যুগে নির্ভুল ভোটার লিস্ট প্রণয়ন করা কোনো কষ্টসাধ্য কাজ নয়। ভোটার লিস্ট নিয়ে যেন কোনো বিতর্ক সৃষ্টি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। সরকার ইতিমধ্যে ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত ভোটার হওয়ার সময়সীমা বৃদ্ধি করেছে।

৪. বাংলাদেশে বর্তমানে নির্বাচন কমিশনে নিবন্ধিত ফ্যাসিস্ট বিরোধী সকল রাজনৈতিক দল যেন নির্বাচনে অংশগ্রহণ করে এই উদ্যোগ গ্রহণ করতে হবে সরকার ও নির্বাচন কমিশনকে যৌথভাবে। কারণ নির্বাচন যখন অংশগ্রহণমূলক ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে, তখন ফ্যাসিস্টের স্যাবোটাজ করার ক্ষমতা শূন্যের কোঠায় চলে আসবে: নতুবা এই দ্বন্দ্বের সুযোগ নিয়ে ফ্যাসিস্ট আওয়ামী লীগ বিভিন্ন নির্বাচনী এলাকায় গোলযোগ করার আপ্রাণ চেষ্টা করবে।

৫. ভোটারদের নিরাপত্তার ক্ষেত্রেও সর্বাধিক সজাগ থাকতে হবে। বাংলাদেশে দীর্ঘদিনের একটা প্রচলন, গুজব বা সত্যতা আছে - নির্বাচনের পরে সংখ্যালঘুদের উপর অত্যাচার করা হয়। এবারের নির্বাচনে সরকারকে এ ব্যাপারে সর্বোচ্চ সজাগ থাকতে হবে। সংখ্যালঘু ভাই ও বোন বা তাদের সম্পদ ও পরিবার যেন বিন্দুমাত্র ক্ষতির শিকার না হয় সেদিকে সর্বোচ্চ নজরদারি রাখতে হবে এবং এর জন্য নির্বাচনের পূর্বে ও পরে যথাযথ কার্যকরী ব্যবস্থা রাখতে হবে।

৬. নির্বাচনী কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য এবং নিরপেক্ষতা বজায় রাখার জন্য: যাদেরকে নির্বাচন কমিশন এই কাজগুলোতে নিয়োগ করবে তাদেরকে ট্রেনিং করানোর পাশাপাশি মানসিক কাউন্সিলিং করানো জরুরি বলে মনে করি। দেশের স্বার্থেই একটি সুষ্ঠু নির্বাচন জরুরি এবং পক্ষপাতিত্ব কোনো সমাধান নয়, এটা তাদের মননে ঢুকিয়ে দেয়া প্রয়োজন।

৭. ভোট গণনা যেন সঠিকভাবে হয় এবং প্রত্যেকটা ভোট যেন সঠিকভাবে গণনা করা হয়-ভোটকেন্দ্রে ভোট গণনার সময় যেন কোনো গোলযোগ না হয় তার জন্য আগে থেকেই সব ধরনের নিরাপত্তার ব্যবস্থা করে রাখতে হবে।

বাংলাদেশের বিশাল জনগোষ্ঠী রাজনীতি সচেতন। ১৯৯০ সালের পর থেকে মোটামুটি ৪টি নির্বাচন বাংলাদেশে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে এবং পরাজিত দল সরাসরি ফলাফল মেনে না নিলেও পরবর্তীতে সংসদীয় কার্যক্রমে অংশগ্রহণ করেছে। উপরে উল্লেখিত চ্যালেঞ্জগুলো এবার সঠিকভাবে মোকাবিলা করা অনেক কঠিন, কিন্তু অসাধ্য নয়। নির্বাচন যাতে সঠিক, সুষ্ঠু, সুন্দর, অংশগ্রহণমূলক হয় সেজন্য সব রাজনৈতিক দলকে নির্বাচন কমিশন ও সরকারকে সহযোগিতা করতে হবে। প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশ্যে তার ভাষণেও এই কথা বলেছেন। জামায়াতে ইসলাম ও এনসিপিকে বাস্তবতা উপলব্ধি করতে হবে এবং জাতীয় নির্বাচন ছাড়া যে এই সংকট থেকে উত্তরণের আর কোনো পথ নেই তা অনুধাবন করে অপরাপর রাজনৈতিক দলের সাথে একত্রবদ্ধ হয়ে নির্বাচনি কার্যক্রমে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করতে হবে।

দীর্ঘ ১৫ বছর ধরে ভোটের অধিকার বঞ্চিত বাংলাদেশের মানুষ। শেখ হাসিনার সবচেয়ে বড় অপরাধ ছিল মানুষকে ভোটাধিকার বঞ্চিত করা। নিজের এই অপরাধপ্রবণতা এক সময় তাকে ক্ষমতালিপ্সু দৈত্যে পরিণত করে এবং হাসিনা অগণিত গুম-খুন করেন শুধুমাত্র বিরোধী দলগুলোকে নির্বাচন থেকে দূরে রাখার জন্য। এবং সর্বশেষ গত বছরের জুলাইয়ে নিজে হুকুম দিয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করতে বলে - যার ফলশ্রুতিতে জাতিসংঘের রিপোর্ট অনুযায়ী ১৪০০ এর বেশি মানুষ শহীদ হয়েছেন। ১৩০ জনেরও বেশি শিশুকে হত্যা করা হয়েছে। ১৩০০০ এর বেশি মানুষ আহত হয়েছেন। হয়ত পা না হয় চক্ষু হারিয়েছেন।

এত ত্যাগের বিনিময়েও যদি বর্তমানে রাজনৈতিক দলগুলো একটি জায়গায়-একটি সঠিক নির্বাচনের প্রশ্নে -এক হতে না পারে তা হবে বাংলাদেশের জন্য দুঃখজনক! নির্বাচনকে তার সঠিক গতিপথে আনতে হলে সর্বপ্রথম রাজনৈতিক দলগুলোকে এগিয়ে আসতে হবে- তাদের সঠিক নেতৃত্ব, তৃণমূলকে নিয়ন্ত্রণ এবং নিজেদের মতদ্বৈততা আলাপ আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলতে হবে। তবেই বাংলাদেশ গণতন্ত্র ফিরে পাবে, দেশের মানুষ ভোটাধিকার ফিরে পাবে, নির্বাচিত সরকারের মাধ্যমে সংস্কার কার্যক্রম ও জুলাই সনদের বাস্তবায়ন চলতে থাকবে। নির্বাচনী সংস্কৃতিতে আরেকটা প্রক্রিয়ায় এই নতুন বাংলাদেশে রাজনৈতিক দলগুলোকে অঙ্গীকার করতে হবে, তা হচ্ছে, নির্বাচনের ফলাফল মেনে নেওয়া- এবং নির্বাচিত সংসদে সকল কার্যক্রমে সঠিকভাবে অংশগ্রহণ করা। নির্বাচনের সঠিক পদ্ধতিই ফ্যাসিস্টের আস্ফালন বা পুনরুত্থানের সকল পথ রুদ্ধ করে দেবে।

## জ্যামাইকায় ছিনতাইকারীর হাতে বাংলাদেশি গুরুতর আহত

৩ পৃষ্ঠার পর

চেষ্টা করলে দুই হাতেই তিনি মারাত্মকভাবে জখম হয়েছেন। তার বাম হাতে মাংস উঠে চারটি হাঁড় বের হয়ে যায়। ডান হাতের একটি আঙুল ভেঙে যায় এবং মারাত্মকভাবে জখম হয়েছেন। ৯১-১৭ ১৭২ স্ট্রিটে ছিনতাইয়ের ঘটনার সাথে সাথে তার চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এসে ছিনতাইকারীকে ধরে ফেলে। উপস্থিত একজন পুলিশকে কল দিলে দ্রুত পুলিশ এসে অপরাধিকে আটক করতে সক্ষম হয়। রতন দে জানান, 'আমি ৫ দিন হাসপাতালে ছিলাম। কোন কাজ-কর্ম তো দূরের কথা। নিজ হাতে খাবার পর্যন্ত খেতে পারছি না প্রচণ্ড ব্যথার কারণে। ছিনতাইকারী চেইনটি ছিনিয়ে নিয়ে জ্যামাইকা এভিনিউ'র দিকে পালিয়ে যাবার সময় রাস্তায় থাকা বাংলাদেশিরা আমার চিৎকারে এগিয়ে এসে তাকে ধরে ফেলে। এসময় সে চেইনটি দাঁড়িয়ে থাকা একটি গাড়ির নিচে ফেলে দেয়। পরে তা উদ্ধার করা হয়েছে'। এ ব্যাপারে আহত রতন দে মামলা দায়ের করেছেন বলে জানা যায়।

## নিউইয়র্কে নাট্যকার ও অভিনেতা মামুনুর রশীদের অভিনয়

৩ পৃষ্ঠার পর

আয়োজনে ছিল ডায়াসপোরা। গত আগষ্ট ১০ নাট্যকর্মশালা-আয়োজনে ডায়াসপোরা ও অন ডায়ালগ অনুষ্ঠিত হয়। টরেন্টো: আগামী ০৬ সেপ্টেম্বর-নাট্য প্রদর্শনী-ম্যাক থিয়েটার ও ০৭ সেপ্টেম্বর-নাট্যকর্মশালা- ম্যাক থিয়েটার। অ্যাম্বুজার: সেপ্টেম্বর ১৩-নাট্য প্রদর্শনী-আয়োজনে-মুখোশ -অ্যাম্বুজার বাংলা থিয়েটার। সেপ্টেম্বর ১৪ -নাট্যকর্মশালা -আয়োজনে -মুখোশ -অ্যাম্বুজার বাংলা থিয়েটার। ক্যালগেরী: সেপ্টেম্বর ২১ -নাট্য প্রদর্শনী - আয়োজনে -ক্যালগেরী বাঙলা অনলাইন। নাট্যকর্মশালা-আয়োজনে -ক্যালগেরী বাঙলা অনলাইন। নিউইয়র্কে অভিনেতা মামুনুর রশীদের অভিনয় দেখার জন্য তার ভক্তদের ভিড় ছিল।

## ফ্যাসিবাদী প্রধানমন্ত্রীর ধামাধরা উপাচার্য

১২ পৃষ্ঠার পর

সবাই রাজাকার।'

শেখ হাসিনা বলেন, 'রাজাকারের তো ফাঁসি দিছি, এবার তোদেরও তাই করব। একটাও ছাড়ব না, আমি বলে দিছি, এই একদিন সবে আমরা কিন্তু বলিনি, ধৈর্য ধরছি, তারা আবার বাড়ছে।'

এরপর মাকসুদ কামাল বলেন, 'বেশি বেড়ে গেছে এবং অতিরিক্ত বেড়ে গেছে, অতিরিক্ত...।' আপা একটু ক্যাম্পাসে নিরাপত্তাটা বাড়ানো...। আর আমার বাসার ওই খানেও...।'

তখন শেখ হাসিনা বলেন, 'ক্যাম্পাসের...ব্যবস্থা করছি, সব ক্যাম্পাসে...বিজিবি, র‍্যাব এবং পুলিশ সবরকম ব্যবস্থা হইছে। তোমার বাসার ভেতরে লোক রাখতে বলছি। ভেতরে কিছু রাখা আছে...এত বাড়াবাড়ি ভালো না।'

শেখ হাসিনা ও মাকসুদ কামালের কথোপকথন আরও দীর্ঘ। এর পূর্ণ বিবরণ দৈনিক পত্রিকাগুলোয় বের হয়েছে। শেখ হাসিনা আন্দোলনরত ছাত্রদের ফাঁসি দিতে চেয়েছেন। ফাঁসি দেওয়ার তিনি কে? এ থেকেই বোঝা যায়, শেখ হাসিনার শাসনামলে আইনের শাসন ছিল না, ছিল না আদালতের স্বাধীনতা। শেখ হাসিনার সময় মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী জামায়াতের কয়েকজন নেতা ও বিএনপির একজন নেতার ফাঁসি হয়েছিল। আব্দুল কাদের মোল্লার ফাঁসি না হওয়াতে গণজাগরণ মঞ্চ থেকে 'ফাঁসি ফাঁসি ফাঁসি চাই' বলে আওয়াজ তোলা হয় এবং আইন পরিবর্তন করে কাদের মোল্লাকে ফাঁসি দেওয়া হয়। সেই সময় কথা উঠেছিল-যথাযথ বিচার হচ্ছে না। বিচারে আন্তর্জাতিক মান বজায় রাখা হয়নি। তাই বিচার ছিল ত্রুটিপূর্ণ। এখন শেখ হাসিনা ও মাকসুদ কামালের কথোপকথন থেকে স্পষ্ট হচ্ছে, ওই সময় যে ফাঁসির দণ্ড কার্যকর করা হয়েছিল, তার পেছনে শেখ হাসিনার ইচ্ছাই পূর্ণ হয়েছিল। কথোপকথন থেকে আমরা দেখেছি শেখ হাসিনা বলেছেন, 'তো রাজাকারের তো ফাঁসি দিছি, এবার তোদেরও তাই করব।' এই কথা থেকে বোঝা যায় শেখ হাসিনার সময় কোনো সুষ্ঠু বিচারব্যবস্থা ছিল না। যা কিছু ঘটেছে, সেটা শেখ হাসিনার ইচ্ছাতেই ঘটেছে। দানবীয় এক ইচ্ছাতন্ত্র! কথোপকথন থেকে মাকসুদ কামালের শিক্ষার্থী ও গণবিরোধী চরিত্র ফুটে উঠেছে। তিনি যে ফ্যাসিস্ট শেখ হাসিনার চরম ধামাধরা ছিলেন, শেখ হাসিনার সঙ্গে কথোপকথনে সেটাই ফুটে উঠেছে। একপর্যায়ে মাকসুদ কামাল বলেন, 'হাঁ, এবার এই ঝামেলাটা যাক, এরপর আমিও নিজে ধরে ধরে যারা এই অস্থিরতা সৃষ্টি করছে, যেইন যারা আছে, এদের বহিষ্কার করব ইউনিভার্সিটি থেকে।' এপর্যায়ে শেখ হাসিনা বলেন, 'সব, এসবগুলোকে বাইর করে দিতে হবে...। আমি বলে দিছি আজকে সব করার পর অ্যারেস্ট করবে, ধরে নেবে এবং যা অ্যাকশন নেওয়ার নেবে....কারণ ইংল্যান্ডে এ রকম ছাত্ররাজনীতির জন্য মাঠে নামল, কতগুলো মেরে ফেলে দিল না?' জবাবে মাকসুদ কামাল বলেন, 'জ্বি, জ্বি, জ্বি।' মাকসুদ কামালের বক্তব্য থেকে মনে প্রশ্ন জাগে, এ কেমন উপাচার্য! নিজের ছাত্রছাত্রীদের জন্য যার কোনো মায়া নেই, তিনি কী করে উপাচার্যের গৌরবময় দায়িত্ব পালন করবেন? ভাষা আন্দোলনের সময় ড. ওসমান গনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোস্ট। সেই সময় তিনি সলিমুল্লাহ মুসলিম হলে পুলিশি হামলায় বাধা দিয়েছিলেন। এই গল্প ষাটের দশকে আমরা যখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম, তখনো শুনেছি। শিক্ষকদের তো এমনই হওয়ার কথা। আর মাকসুদ কামালরা কতটা নিচে নেমে গেছে, তা তার কথা থেকেই বোঝা যায়। একজন উপাচার্য কি এতটা দলান্ধ হতে পারেন? ফ্যাসিবাদের জমানায় যেমন ছিলেন প্রধানমন্ত্রী, তেমনই তার সেবাদাস ছিলেন এই উপাচার্য। এমন উপাচার্যের জন্য বলতে হয়, ধিক! উপাচার্য ধিক।

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# হারাম বর্জন করুন

মিসবাহুল হক মেরাজী



হারাম কাজে শয়তান খুশি হয়। কারণ, এতে বান্দা আল্লাহর কাছ থেকে ধীরে ধীরে দূরে সরতে থাকে। একপর্যায়ে হারাম কাজে লিপ্ত অবস্থায় তার মৃত্যু হয়। সুদ-ঘুষ, অন্যায়ভাবে আত্মসাৎ করা, সম্পদে আত্মীয়-স্বজনের অংশ না দেওয়া, প্রতিবেশীর হক নষ্ট করা এবং অশ্লীল পরিবেশ তৈরি করে অন্যের সম্পদ দখল করার প্রবণতা অতিমাত্রায় চলছে। এগুলো থেকে বেঁচে থাকা জরুরি। হারাম থেকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা কর্তব্য। যেদিকে হারামের সম্ভাবনা আছে, সেখানে উঁকিও না দেওয়ার চেষ্টা করতে হবে। নিজেকে কঠোর সংযমে আবদ্ধ রাখা চাই। তাহলেই প্রকৃত মোমিন হতে পারব। যখন হালাল গ্রহণ করব, অন্তরে আল্লাহর ভয় বৃদ্ধি পাবে, ইবাদতে স্বাদ আসবে, গোনাহের প্রতি বিরক্তি আসবে। ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)-কে জিজ্ঞেস করা হলো, 'অন্তরগুলো নরম হয় কীসে?' তিনি বললেন, 'হালাল গ্রহণের মাধ্যমে।' (তাবাকাতু হানাবিলা : ১/২১৯)।

হারামের আশঙ্কায় হালাল ত্যাগ : যদি কোথাও হালাল গ্রহণ করতে গিয়ে হারামে লিপ্ত হওয়ার আশঙ্কা থাকে, সে ক্ষেত্রে হালালকেও ছেড়ে দেওয়া জরুরি। হারাম থেকে বাঁচতে গিয়ে এমন সতর্কতা পূর্ববর্তী বুজুর্গানে দীন করতেন। তাদের ঐকমত্যে সর্বোচ্চ তাকওয়া হলো, 'হারামের ভয়ে হালালও ছেড়ে দেওয়া।' (ইরশাদুস সারি লি শারহি সহিহিল বোখারি : ১/১৯১)।

প্রখ্যাত তাবেঈ ইমাম মুহাম্মদ ইবনে সিরিন (রহ.)-এর রীতি ছিল- কাউকে বিদায় জানানোর সময় বলতেন, 'আল্লাহকে ভয় করবে। তোমার জন্য যে পরিমাণ হালাল রিজিক বরাদ্দ রয়েছে, শুধু সেই হালাল রিজিকই সন্ধান করবে। তুমি যদি হারাম রিজিক গ্রহণ করো, তাহলে এক্ষেত্রও তোমার জন্য যে পরিমাণ রিজিক বরাদ্দ রয়েছে, এর চেয়ে অধিক গ্রহণ করতে পারবে না।' (তাবাকাতে কোবরা : ৭/২০১)।

হালালের পুরস্কার নগদ : হারাম বর্জনের মূলে রয়েছে তাকওয়া তথা আল্লাহর ভয়। আল্লাহর ভয় যার যত বেশি, সে তত বেশি হারাম থেকে বেঁচে থাকতে পারবে। সে যখনই কোনো হারাম কাজের দিকে যেতে চাইবে, তখনই তার মন বলবে, 'আল্লাহতায়ালা আমাকে সর্বক্ষণ সব ক্ষেত্রে দেখছেন। সুতরাং এ কাজের জন্যও আমাকে জবাবদিহি করতে হবে। আমার জন্য শাস্তির ফয়সালা হবে।' এভাবে সে তাকওয়াবান লোক হারাম কাজ থেকে বিরত থাকতে সক্ষম হয়। তার জন্য আল্লাহর রহমত নাজিল হতে থাকে।

পক্ষান্তরে যার ভেতর আল্লাহর ভয় কম, সে পরকালের কথা চিন্তা না করেই হারাম কাজে লিপ্ত হয়ে পড়ে। ফলে ধীরে ধীরে আল্লাহর রহমত থেকে দূরে সরে যেতে থাকে। তাই হারাম থেকে বেঁচে থাকা আমাদের কর্তব্য হওয়া সত্ত্বেও তাতে রয়েছে আল্লাহর পক্ষ থেকে আলাদা পুরস্কার। যা আল্লাহতায়ালা বান্দাকে নগদ দিয়ে থাকেন। ইবনে আতাউল্লাহ এস্কান্দারি (রহ.) বলেন, 'বান্দা নগদ হারাম পরিত্যাগ করবে, আর আল্লাহ তাকে বাকিতে প্রতিদান দেবেন; এমনটা হবে না।' (আল হাকমু আলাত তিজ্জারা : ৪২)। শায়খ আবদুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহ.) লিখেছেন, 'শরিয়তের বিধান পালন করতে গিয়ে যে হারাম থেকে বেঁচে থাকবে, আল্লাহতায়ালা তাকে এর পরিবর্তে হালালের ব্যবস্থা করে দেবেন।' (রিসালাতুল মুসতারশিদিন : ৭৬)। এরপর ২৮ পৃষ্ঠায়



মদিনার মসজিদে নববিতে জুমার খুতবা

# ফিলিস্তিনিদের জন্য মুসলমানদের করণীয়



শায়খ ড. আবদুল বারি বিন ইওয়াজ আস-সুবাইতি

সংক্ষিপ্ত সুরাগুলোর মাঝে সুরা কুরাইশ একভাবে আলোকিত হয়ে আসে- যা তার চিরন্তন আহ্বান ও আত্মায় গভীর প্রভাব দিয়ে হৃদয়কে স্পর্শ করে। অল্প কিছু শব্দ হলেও সেগুলো প্রাণে সজীবতা আনে, অন্তরে কৃতজ্ঞতা ও শ্রদ্ধাশীলতার অনুভূতি জাগায়। এ সুরায় আল্লাহ বলেন, 'যেহেতু কুরাইশের আসক্তি আছে, আসক্তি আছে তাদের শীত ও গ্রীষ্মে সফরের। অতএব, এরা ইবাদত করুক এই গৃহের মালিকের, যিনি এদের ক্ষুধায় আহার দিয়েছেন ও ভীতি হতে এদের নিরাপদ করেছেন।' (সুরা কুরাইশ)। এই আয়াতগুলো হৃদয়কে অনুপ্রাণিত করে ও তার দৃষ্টি খুলে দেয় দুটি মহান অর্থের দিকে- এক. ক্ষুধার পর খাদ্যপ্রাপ্তি। দুই. ভয়ের পর নিরাপত্তা প্রাপ্তি। নিঃসন্দেহে এ দুটিই সম্মানজনক জীবনের প্রধান স্তম্ভ। যে এগুলো পেয়ে গেছে, সে দুনিয়ার এমন দুটি অমূল্য ধন পেয়েছে, যার কোনো দাম হতে পারে না। ক্ষুধার সময় খাদ্য শুধু আহার নয়, বরং জীবন দান। এটি এমন এক রুটি- যা শরীরকে দাঁড় করিয়ে দেয়, এক ফোঁটা পানি- যা প্রাণকে সজীব করে তোলে, এমন উষ্ণতা- যা প্রয়োজনের শীতকে ঢেকে দেয় ও এমন মর্যাদা- যা দারিদ্র্যের ক্ষত সারায়। মানুষ যখন তা থেকে বঞ্চিত হয়, তখন শুধু তার পেটই ক্ষুধার্ত হয় না, বরং তার মর্যাদা ক্ষুধার্ত হয়, তার মানবিকতা শুকিয়ে যায়।

এটি সেই শান্তি- যা পুরো জীবনকে ঢেকে রাখে, রাতের সেই প্রশান্তি যা প্রাণকে স্বস্তি দেয়, মায়ের বুকে সন্তানের নিশ্চিন্ত ঘুম ও ভবিষ্যতের প্রতি সেই আস্থা যে কাল ভয় নিয়ে আসবে না। মানুষ রাতে ঘুমায়, কোনো ভয়ের দুশ্চিন্তা তাকে জাগায় না; সকালে ওঠে, কোনো উদ্বেগ তার মনকে ভারী করে না।

নিরাপত্তা এমন এক নেয়ামত যার কাছে তা থাকে, সে এর মূল্য ততক্ষণ বোঝে না, যতক্ষণ না দেখে অন্য কারও কাছ থেকে তা ছিনিয়ে নেওয়া হয়েছে। ভয় যখন কোনো ভূমিতে জায়গা করে নেয়, তখন ঘুম হারাম হয়ে যায়, স্বস্তি হারিয়ে যায়, দিন হয়ে ওঠে নরককুণ্ড, আর রাত হয় অবিরাম দুঃস্বপ্ন। আসল সুখের রহস্য ও স্থায়ী আনন্দের উৎস হলো, নিরাপত্তাপূর্ণ সেই মানসিক প্রশান্তি যা কেনা যায় না। এটি মানুষের জন্য অন্যতম বড় নেয়ামত। রাসুলুল্লাহ (সা.) এরপর ২৮ পৃষ্ঠায়



# মাতৃত্বের কষ্ট সহ্য করা ইবাদত

ফারহান হাসিবাত

মা হওয়ার সত্যিকারের অর্থ তখনই উপলব্ধি করা যায়, যখন একজন নারী নিজে মাতৃত্বের পথে পা রাখেন। মাতৃত্ব শুধু একটি শিশুর জন্ম দেওয়া নয়, এটি শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিক রূপান্তরের এক অসাধারণ যাত্রা। মহানবী মুহাম্মাদ (সা.)-এর শিক্ষা মায়েদের জন্য শক্তি ও প্রেরণার অফুরন্ত উৎস। তাঁর বাণী ও জীবনাদর্শ মায়েদের কষ্টকে পবিত্র ইবাদতে রূপান্তরিত করে।

মাতৃত্বের কষ্ট : মাতৃত্ব একটি শিশুকে বড় করার পাশাপাশি মায়ের নিজের রূপান্তরের গল্প। এটি শারীরিক ক্লান্তি, প্রসবোত্তর মানসিক চাপ, রাত জেগে শিশুর দেখাশোনা এবং সন্তানের জন্য সর্বোত্তম চাওয়ার অবিরাম প্রচেষ্টার মধ্য দিয়ে গড়ে ওঠে। এই যাত্রায় মায়েরা প্রায়ই নিঃসঙ্গতা ও দুশ্চিন্তায় ভোগেন। এ সময়ে ইসলামের শিক্ষা মায়েদের জন্য এক অমূল্য আশ্রয়।

মা তাকে কষ্টের পর কষ্ট সহ্য করে গর্ভে ধারণ করেছে। সুতরাং আমার এবং তোমার পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও। (সুরা লুকমান : ১৪)। পবিত্র কোরআন মায়েদের ত্যাগ ও কষ্টকে বারবার সম্মানিত করেছে। সুরা আহকাফে বলা হয়েছে, 'আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি সদাচরণের নির্দেশ এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City আগস্ট ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | ৪:৪৪ | ৬:০৮ | ০১:০০ | ৪:৪৯ | ৭:৫২ | ০৯:১৫ |
| ১৭ | ৪:৪৬ | ৬:০৯ | ০১:০০ | ৪:৪৮ | ৭:৫১ | ০৯:১৪ |
| ১৮ | ৪:৪৭ | ৬:১০ | ০১:০০ | ৪:৪৮ | ৭:৪৯ | ০৯:১২ |
| ১৯ | ৪:৪৮ | ৬:১১ | ০১:০০ | ৪:৪৭ | ৭:৪৮ | ০৯:১০ |
| ২০ | ৪:৪৯ | ৬:১২ | ১২:৫৯ | ৪:৪৬ | ৭:৪৬ | ০৯:০৮ |
| ২১ | ৪:৫১ | ৬:১৩ | ১২:৫৯ | ৪:৪৬ | ৭:৪৫ | ০৯:০৭ |
| ২২ | ৪:৫২ | ৬:১৪ | ১২:৫৯ | ৪:৪৫ | ৭:৪৩ | ০৯:০৫ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## মেধাপাচার বাংলাদেশের উন্নয়নযাত্রার নীরব ঘাতক

১২ পৃষ্ঠার পর

বৈশ্বিক প্রতিযোগিতায় দেশের অবস্থান দুর্বল হয়। উচ্চশিক্ষা ও গবেষণার মান হ্রাস পায়, যার ফলে দেশের বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক মানে অবমূল্যায়িত হয়। সরকারি প্রতিষ্ঠান ও সেবাখাত দুর্বল হয় কারণ অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তারা দেশের বাইরে চলে যায়। তরুণদের মধ্যে জন্ম নেয় এক বিপজ্জনক মানসিকতা, যেখানে দেশপ্রেম ও জাতীয় উন্নয়নের প্রতি আগ্রহ কমে যায় এবং বিদেশে স্থায়ী বসবাসের স্বপ্ন জাগে।

বিশ্বব্যাংকের এক বিশ্লেষণে বলা হয়েছে, আগামী ১০ বছরে দক্ষ মানবসম্পদ হারিয়ে উন্নয়নশীল দেশগুলো ১৬ ট্রিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতির মুখোমুখি হবে। বাংলাদেশের জন্য এটি কেবল সংখ্যা নয়; এটি হারিয়ে যাওয়া সেই ডাক্তার, প্রকৌশলী, শিক্ষক ও উদ্যোক্তার প্রতীক, যারা দেশের উন্নয়নে অপরিহার্য।

পদক্ষেপের প্রয়োজন: এখনই সময়

ব্রেইন ড্রেইন একটি জাতীয় জরুরি অবস্থা, যা দ্রুত এবং কার্যকর সমাধান দাবি করে। তাই আমাদের এখনই যে সমন্বিত উদ্যোগ নেওয়া জরুরি তা নিম্নরূপ -শিক্ষাব্যবস্থাকে আধুনিক ও আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে গড়ে তুলতে হবে। গবেষণার জন্য পর্যাপ্ত অর্থায়ন নিশ্চিত করতে হবে। চাকরির বাজারে সুষম ও স্থায়ী কর্মসংস্থান নিশ্চিত করতে হবে, যেখানে ন্যায্য বেতন ও ক্যারিয়ার উন্নয়নের সুযোগ থাকবে। দুর্নীতি ও স্বজনপ্রীতি নির্মূল করতে হবে, যাতে যোগ্যতাভিত্তিক সুযোগ সবার জন্য নিশ্চিত হয়। তরুণদের দেশের প্রতি আশা, আত্মবিশ্বাস ও মর্যাদা ফিরিয়ে দিতে হবে, যেন তারা দেশে থেকেই স্বপ্ন পূরণ করতে পারে। আমরা যদি এখনই এই সংকট মোকাবেলা না করি, তবে একদিন হয়তো দেখব-বাংলাদেশ থেকে তার চিন্তক, উদ্ভাবক ও নেতা হারিয়ে গেছে, আর আমাদের উন্নয়ন এক অমীমাংসিত স্বপ্ন হয়ে থাকবে।

লেখক : উপাচার্য, আশা ইউনিভার্সিটি বাংলাদেশ।

## পাথরচোর ঠেকানো যাচ্ছে না, ভোটচোর ঠেকানো যাবে?

১০ পৃষ্ঠার পর

ভূমিকা রেখেছেন। তিনি বলেছেন, স্থানীয় মানুষের কর্মসংস্থানের স্বার্থে এসব পাথর তোলা দরকার ছিল। কিন্তু পাথরখেকোরা যে গোটা এলাকা সাফ করে দিলেন, তা নিয়ে কোনো আওয়াজ আসছে না।

এখানে যে হাজার হাজার পর্যটক আসতেন, তাঁদের মূল আকর্ষণ ছিল এই পাথর। এই পর্যটকদের ওপর নির্ভর করে এখানে বহু পরিবার চলে। পাথর নাই হয়ে যাওয়ায় এখন পর্যটকও নাই হয়ে যাচ্ছে। এতে যে কত মানুষকে কাজ হারিয়ে পেটে পাথর বাঁধতে হবে, তা তাঁরা বুঝতে পারছেন কিনা বোঝা যাচ্ছে না।

এখন পর্যন্ত এটি পরিষ্কার, পাথর লুটপাট ঠেকানোর ক্ষমতা বর্তমান সরকারের নেই। সরকারের উপদেষ্টারা তা রাখঢাক না করেই স্বীকার করেছেন। অল্প কিছু রাজনৈতিক লোককে সরকার ঠেকাতে পারছে না।

সরকার বলেছে, তারা আগামী বছরের ফেব্রুয়ারিতে এমন একটি স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন দেবে যা ভবিষ্যতে দৃষ্টান্ত হিসেবে থাকবে। এই ধরনের নির্বাচন দিতে হলে সরকারের হাতে সব ধরনের মাস্তান দমনের ক্ষমতা থাকতে হয়।

এই অবস্থায় পাবলিকের মনে প্রশ্ন উঠতে পারে: যে সরকার পাথরখেকো সামান্য কিছু দুর্বৃত্তকে যেখানে কবজা করতে পারেনি, সেখানে তারা নির্বাচনের সময় সারা দেশের দুর্বৃত্ত সামলাবে কী করে?

আর তা যদি না পারে, তাহলে তারা স্বচ্ছ নির্বাচন করবে কী করে? যেখানে তারা পাথরচোর ঠেকাতে পারছে না, সেখানে তারা মহা শক্তিধর ভোটচোরদের ঠেকিয়ে দেবে, এই কথা বিশ্বাসে আনতে গিয়ে নিশ্বাস আটকে আসছে।

সারফুদ্দিন আহমেদ: প্রথম আলোর সহকারী সম্পাদক।







## ফিরছে বিটিভির বিখ্যাত 'নতুন কুঁড়ি'

৪৬ পৃষ্ঠার পর

ভাগ করে প্রাথমিক বাছাই চলবে। সেখান থেকে বিজয়ীরা যাবে বিভাগীয় বাছাই পর্বে। অনুষ্ঠানটির চূড়ান্ত বাছাই ও ফাইনাল প্রতিযোগিতা ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বিটিভি কর্তৃপক্ষ জানায়, প্রাথমিক বাছাই পর্বের ১৯টি অঞ্চল হলো; ঢাকা-১ (ঢাকা, গাজীপুর ও মানিকগঞ্জ), ঢাকা-২ (মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও নরসিংদী), ঢাকা-৩ (ফরিদপুর, রাজবাড়ি, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর), ময়মনসিংহ-১ (ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা), ময়মনসিংহ-২ (টাঙ্গাইল, কিশোরগঞ্জ ও জামালপুর), সিলেট (সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ), রংপুর-১ (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা), রংপুর-২ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়), রাজশাহী-১ (রাজশাহী, নাটোর, চাপাইনবাবগঞ্জ ও পাবনা), রাজশাহী-২ (বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ), খুলনা-১ (খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা), খুলনা-২ (যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল), খুলনা-৩ (কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা), বরিশাল-১ (বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর), বরিশাল-২ (পটুয়াখালী, বরগুনা, ভোলা), চট্টগ্রাম-১ (চট্টগ্রাম ও কক্সবাজার), চট্টগ্রাম-২ (রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি), চট্টগ্রাম-৩ (কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া) এবং চট্টগ্রাম-৪ (নোয়াখালী, লক্ষীপুর ও ফেনী)। এই জেলাসমূহের শিল্পকলা অ্যাকাডেমিতে প্রতিযোগিতার প্রাথমিক কেন্দ্র নির্ধারিত হয়েছে।

অভিনয়, আবৃত্তি, গল্পবলা/কৌতুক, সাধারণ নৃত্য/উচ্চাঙ্গ নৃত্য, দেশাত্মবোধক গান/ আধুনিক গান, রবীন্দ্রসংগীত, নজরুলসংগীত, লোকসংগীত ও হামদ-নাত এই ৯টি বিষয়ে 'ক' ও 'খ' শাখায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। 'ক' শাখার প্রতিযোগীদের (ছেলে-মেয়ে) বয়সসীমা ৬ থেকে ১১-এর নিচে এবং 'খ' শাখার ক্ষেত্রে ১১ থেকে ১৫ বছর নির্ধারণ করা হয়েছে। 'নতুন কুঁড়ি'র ফাইনাল প্রতিযোগিতা ২ নভেম্বর থেকে ৬ নভেম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে।

## মাতৃত্বের কষ্ট সহ্য করা ইবাদত

২৫ পৃষ্ঠার পর

দিয়েছি। তার মা তাকে কষ্টের সঙ্গে গর্ভে ধারণ করেছে এবং কষ্টের সঙ্গে প্রসব করেছে।' *(সুরা আহকাফ : ১৫)*।

এই আয়াত মায়ের শারীরিক ও মানসিক কষ্টের প্রতি আল্লাহর দৃষ্টি এবং তাঁর কাছে এর মূল্য তুলে ধরে। সুরা লুকমানে বলা হয়েছে, 'আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি নির্দেশ দিয়েছি। তার মা তাকে কষ্টের পর কষ্ট সহ্য করে গর্ভে ধারণ করেছে। সুতরাং আমার এবং তোমার পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও।' *(সুরা লুকমান : ১৪)*।

মায়ের মর্যাদা : নবীজি (সা.) মায়ের প্রতি সদাচরণকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন। একটি হাদিসে বর্ণিত, এক ব্যক্তি মহানবী (সা.)-এর কাছে জিজ্ঞাসা করলেন, 'আল্লাহর রাসুল, আমার ওপর সবচেয়ে বেশি হক কার?' তিনি বললেন, 'তোমার মা।' তিনি আবার জিজ্ঞাসা করলেন, 'তারপর কে?' তিনি বললেন, 'তোমার মা।' তিনবার এই প্রশ্নের জবাবে তিনি 'তোমার মা' বলে শেষে বললেন, 'তারপর তোমার বাবা।' *(বোখারি : ৫৯৭১)*।

নবীজি (সা.)-এর একটি বিখ্যাত হাদিসে বলা হয়েছে, 'জান্নাত মায়ের পায়ের নিচে।' *(নাসায়ি : ৩১০৪)*। আরেকটি হাদিসে বর্ণিত, মুআবিয়া ইবনে জাহিমা (রা.) নবীজির কাছে জিহাদে যাওয়ার পরামর্শ চাইলে তিনি জিজ্ঞাসা করলেন, 'তোমার মা কি জীবিত?' তিনি বললেন, 'হ্যাঁ।' নবীজি বললেন, 'তবে তার সঙ্গে থাকো, কারণ জান্নাত তার পায়ের নিচে।' *(ইবনে মাজাহ : ২৭৮১)*। আরও অবাক করা হলো, নবীজি (সা.) বলেছেন, যদি কোনো গর্ভবতী নারী প্রসবকালে মারা যান, তিনি শাহাদাতের মর্যাদা লাভ করেন। তিনি বলেন, 'আল্লাহর পথে নিহত হওয়া শাহাদাত, মহামারিতে মৃত্যু শাহাদাত, প্রসবকালে মৃত্যু শাহাদাত।' *(মুসনাদে আহমদ : ২৩৮৬৫)*। নবীজি (সা.) বলেছেন, যদি কোনো গর্ভবতী নারী প্রসবকালে মারা যান, তিনি শাহাদাতের মর্যাদা লাভ করেন।

সপ্তম শতাব্দীর বিপ্লবী শিক্ষা : সপ্তম শতাব্দীর আরব সমাজে, যেখানে নারীদের প্রতি অবমাননা ছিল সাধারণ, নবীজি (সা.)-এর এই শিক্ষাগুলো ছিল বিপ্লবী। তিনি মায়েদের মর্যাদাকে এমন উচ্চতায় নিয়ে গিয়েছিলেন, যা আজও আমাদের জন্য পথপ্রদর্শক। আজকের ব্যস্ত জীবনে অনেকে পিতা-মাতার সঙ্গে সময় কাটাতে ভুলে যান। বয়স্ক মায়েরা বিশেষ করে একাকিত্বে ভোগেন, যা সমাজে একটি ক্রমবর্ধমান সমস্যা।

নবীজির শিক্ষা আমাদের ব্যক্তিগত ও সামাজিকভাবে মায়েদের প্রতি যত্নশীল হতে উৎসাহিত করে। যারা দূরে থাকেন, তাঁরা প্রতিবেশী বা সম্প্রদায়ের মায়ের মতো ব্যক্তিদের যত্ন নিয়ে এই দায়িত্ব পালন করতে পারেন। নবীজি (সা.)-এর শিক্ষা আমাদের মনে করিয়ে দেয়, মাতৃত্ব শুধু একটি দায়িত্ব নয়, এটি আল্লাহর কাছে পবিত্র ইবাদত। মায়ের কষ্ট, ত্যাগ এবং ভালোবাসা আল্লাহর দৃষ্টিতে অতুলনীয়। সমাজ হিসেবে আমাদের দায়িত্ব মায়েদের শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিক চাহিদার প্রতি সংবেদনশীল হওয়া। কোরআনের বাণী আমাদের পথ দেখায় : 'তোমরা আমার এবং তোমাদের পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও।' *(সুরা লুকমান : ১৪)*।

লেখক : আলেম ও মাদ্রাসা শিক্ষক।

## হারাম বর্জন করুন

২৫ পৃষ্ঠার পর

হারাম বর্জনে সতর্কতার গল্প : একবার বিখ্যাত বুজুর্গ বিশর হাফি (রহ.)-এর বোন ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)-এর কাছে প্রশ্ন করলেন, 'রাতে আমরা আমাদের বাড়ির ছাদে বসে চরকায় সুতা কাটি। তখন আমাদের বাড়ির পাশ দিয়ে সরকারি প্রহরীদের বিশাল কাফেলা হাতে মশাল নিয়ে অতিক্রম করে। তাদের সেই মশালের আলো আমাদের পর্যন্ত চলে আসে। এ অবস্থায় সেই মশালের আলোয় আমাদের জন্য চরকায় সুতা কাটা কি বৈধ হবে?' ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.) জিজ্ঞেস করলেন, 'তুমি কে?' প্রশ্নকারী জবাবে বললেন, 'আমি বিশর হাফির বোন।' এ কথা শুনে ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.) কান্না করলেন। এরপর বললেন, 'তোমাদের মতো উচ্চ পর্যায়ের লোকদের ঘর থেকে এমন প্রকৃত ও সত্য তাকওয়াই প্রত্যাশিত। সুতরাং তুমি তাদের আলোতে সুতা কাটবে না।' *(তিলাবাতুল মুসতারশিদিন : ৭৫)*। আল্লাহর প্রতি তাদের ভয় কত গাঢ় ছিল, তারা হারাম থেকে কত সতর্ক থাকতেন! ইমাম আবু ইউসুফ আল গাসুলি (রহ.) বলেন, 'আমি ৬০ বছর আমার উপার্জনের হালাল-হারাম নিয়ে গভীর চিন্তা-ভাবনা ও গবেষণা করেছি।' *(আল হালালু আল্লাহ তিজারা : ৪৩)*।

## বনভোজনে বাবা ও মা'র সামনেই মর্মান্তিক মৃত্যু

৬৪ পৃষ্ঠার পর

সন্তানদের জন্য চিৎকারের মধ্যেই রিমি মারা গেলো। একবারে চোখের সামনে। নিউইয়র্ক স্টেট পুলিশ জানিয়েছে, ১০ আগস্ট বিকেল পৌনে ৩টার দিকে একটি প্রাইভেট কারের চাকায় পিষ্ট হয় রিমি। আহত রিমি রায়কে নিকটস্থ ওয়েস্ট আইস্লিপে গুড সমারিটান হাসপাতালে জরুরী বিভাগে নেয়ার পর চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। পুলিশ আরো জানায়, দুর্ঘটনার পরই ড্রাইভার পুলিশকে ফোন করেন এবং রিমি রায়ের মা-বাবাকে সহযোগিতা করেন দ্রুত হাসপাতালে যাবার জন্যে। পুলিশের মতে এটা একটি দুর্ঘটনা।

সপরিবারে 'হেক্সার অ্যান্ড ক্যামিলি'র ব্যানারে ঐ পার্কে বনভোজনের জন্যে গিয়েছিলেন নিহত রিমির পরিবার। দুর্ঘটনা কবলিত গাড়িতেই এসেছিলেন ঐ বনভোজনের অংশগ্রহণকারীরা। সকলকে নামিয়ে গাড়িটি পার্ক করার জন্যে পেছনে নেয়ার সময় রিমি রায় চাকায় পিষ্ট হয়। সে সময় ঋষিকেশ ও তার স্ত্রী পার্ক করা গাড়ি থেকে নেমে বনভোজন কেন্দ্রের দিকে যাচ্ছিলেন। কিন্তু তারা জানতেন না যে, রিমি দৌড়ে ঐ পথে আসছিল। ড্রাইভার ঘটনার আকস্মিকতায় হতভম্ব হলেও দ্রুত ব্রেক করেন। আর্তচিৎকার করতে করতে দৌড়ে গিয়ে গাড়ির নীচে থেকে ঋষিকেশ তার কন্যাকে উদ্ধারের চেষ্টা করেন। অ্যাম্বুলেন্স-সহ পুলিশ এলে রিমিকে নেয়া হয় হাসপাতালে। কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। প্রবাসী বাংলাদেশিদের বনভোজন পরিণত হয় শোক সমাবেশে।

## ষড়যন্ত্রের অভিযোগ মামদানির

৬৪ পৃষ্ঠার পর

অর্থহীন মন্তব্য' করার অভিযোগ এনেছেন। তিনি লেখেন, 'সত্যি বলতে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আপনাকে গরম ছুরি দিয়ে মাখনের মতো কেটে ফেলবে। আপনি রিপাবলিকান পার্টির জন্য স্বপ্নপুরুষের মতো প্রার্থী।' অন্যদিকে হোয়াইট হাউস প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট ফক্স নিউজকে বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প বহুবার জানিয়েছেন যে, তিনি নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে হস্তক্ষেপ করার বা সমর্থন দেওয়ার কোনো ইচ্ছা রাখেন না। অন্যদিকে রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া ফক্স ৫-এর 'পলিটিক্স আনইউজুয়াল' অনুষ্ঠানে সতর্ক করে বলেন, প্রেসিডেন্ট ট্রাম্পের সম্পৃক্ততা প্রতিদিনের আলোচনাকে ট্রাম্প বনাম মামদানি ইস্যুতে পরিণত করবে, যা মামদানির জন্য ইতিবাচক হবে। স্লিওয়ার ভাষায়, 'আমি প্রেসিডেন্টকে বলব- আপনার সময় বেশি প্রয়োজন যেখানে, সেখানে দিন। নিউইয়র্ক সিটির এই নির্বাচন পুরো আমেরিকাকে প্রভাবিত করে না।' কেন ট্রাম্প কুমোর সঙ্গে কথা বলেছেন- এ প্রশ্নে স্লিওয়া বলেন, তাঁদের পারিবারিক সম্পর্ক বহু পুরনো। তাই এতে অবাক হওয়ার কিছু নেই। তবে তাঁর মতে, এই নির্বাচনে প্রার্থী হিসেবে ইস্যুভিত্তিক আলোচনাই জরুরি, ব্যক্তিকে কেন্দ্র করে নয়। এই নির্বাচনে চারজন প্রধান প্রতিদ্বন্দ্বী- ডেমোক্র্যাট জোহরান মামদানি, রিপাবলিকান কার্টিস স্লিওয়া, বর্তমান মেয়র এরিক অ্যাডামস এবং সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমো। গত জুনের ডেমোক্র্যাটিক প্রাইমারিতে মামদানি বড় ব্যবধানে কুমোকে হারিয়ে পার্টির মনোনয়ন পান। এতে মামদানি অনেক বেশি আলোচিত হয়ে উঠেন।

## ফিলিস্তিনিদের জন্য মুসলমানদের করণীয়

২৫ পৃষ্ঠার পর

হাদিসে বুঝিয়ে দিয়েছেন যে, 'তোমাদের মধ্যে যে সকালে জেগে দেখে সে তার ঘরে নিরাপদ, দেহে সুস্থ ও তার কাছে দিনের খাবার আছে, সে যেন পুরো দুনিয়াই পেয়ে গেছে।' *(তিরমিজি : ২৩৪৬)*। এই তিন নেয়ামত একসঙ্গে মিললে মানুষ অভিযোগহীন হয়ে যায়। অন্যের হাতে যা আছে তার দিকে আর তাকায় না- এক. অন্তরকে শান্ত রাখার মতো নিরাপত্তা। দুই. জীবনযাপনে সহায়তা করার মতো সুস্থতা। তিন. প্রয়োজন মেটানোর মতো খাদ্য। তাই আল্লাহতায়ালা বলেন, 'অতএব, তারা ইবাদত করুক এই গৃহের মালিকের, যিনি এদের ক্ষুধায় আহার দিয়েছেন ও ভীতি হতে এদেরকে নিরাপদ করেছেন।' *(সুরা কুরাইশ : ৩-৪)*। এই আয়াতের মধ্যে কোমল অথচ দৃঢ় আহ্বান রয়েছে যে, একমাত্র সেই মহান সত্তার ইবাদতে মনোযোগী হও, যার হাতে সবকিছু। সব নেয়ামত আসে শুধু তাঁর ভান্ডার থেকে, সব ভয় দূর হয় শুধু তাঁর রহমতে। যিনি কুরাইশকে ক্ষুধার পর খাবার দিয়েছেন, চারদিক থেকে রিজিক এনে দিয়েছেন, তিনিই ভয় থেকে তাদের নিরাপদ করেছেন, নিরাপত্তা ও স্থিতিশীলতার ব্যবস্থা করেছেন এবং আরব শক্তিদের মর্যাদায় তাদের সুরক্ষিত করেছেন। এই নেয়ামতগুলো তাদের শক্তি বা দক্ষ পরিকল্পনার ফল ছিল না, বরং আল্লাহর পক্ষ থেকে একেবারে খাঁটি অনুগ্রহ, যা তাঁর প্রশংসা ও কৃতজ্ঞতা দাবি করে। সম্পূর্ণ শোকরের অংশ হলো, নেয়ামতকে অবহেলা না করা, বরং তাকে মান্য করা; অনুগ্রহকে ভুলে না যাওয়া, বরং তা সংরক্ষণ করা। প্রকৃত কৃতজ্ঞতা শুধু মুখের কিছু কথা নয়, বরং এটি অন্তরের স্বীকৃতি দিয়ে শুরু হয়, জিহ্বার আন্তরিক উচ্চারণে প্রকাশ পায় ও অঙ্গ-প্রত্যঙ্গের সৎকর্মের মাধ্যমে বাস্তবায়িত হয়। কারণ তিনিই সব অনুগ্রহের মালিক। শোকরের অংশ এটাও যে, নেয়ামতের মধ্যে আল্লাহর আনুগত্য করা, এর মাধ্যমে তাঁর অবাধ্যতা না করা; এর স্থায়িত্ব আল্লাহর কাছে প্রার্থনা করা এবং নেয়ামতে নিমজ্জিত হয়ে অমনোযোগী হয়ে না যাওয়া। যে ক্ষুধার পর খাবার পাওয়া ও ভয়ের পর নিরাপত্তার মূল্য বুঝে, যারা তা থেকে বঞ্চিত তাদের অবস্থা অনুভব করে, খাদ্যহীন মানুষের কষ্টে ব্যথিত হয় ও নিরাপত্তাহীন মানুষের ভোগান্তিতে কষ্ট পায়, সে আসলেই কৃতজ্ঞতার মানে বোঝে। এই প্রসঙ্গে, ফিলিস্তিনি ভাইবোনদের কথা স্মরণ করে আমাদের চোখ ভিজে ওঠে। তারা এমন এক সম্প্রদায়, যারা আজকাল যন্ত্রণার শ্বাসরোধে কাতর। খাদ্যের তীব্র সংকট, নিরাপত্তার অনুপস্থিতি ও এমন এক সংকোচিত দৃশ্যপট সেখানে বিরাজমান যেখানে শ্বাস নেওয়াও কঠিন। সেখানকার ক্ষুধা চরমে পৌঁছে গেছে, যেন ধারালো তলোয়ার ঝুলছে সেই গলার ওপর- যা ব্যথায় অবরুদ্ধ।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



সাপ্তাহিক আজকাল বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার

পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার

লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


Galaxy media
PRESENTS
ASIF AKBAR
& ATIYA ANISHA
USA HERITAGE TOUR
TITLE SPONSOR:
GOLDEN AGE HOME CARE
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
CALL FOR BOOKING:
929-538-7903
Want to book them in your city?
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা

আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

**Please Contact**

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনিং

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ই স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903



# সিনিয়র সিটিজেন ফোরামের বনভোজন অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

পরিচালনায় কমিউনিটির বিশিষ্ঠ ব্যক্তিবর্গ অংশ নেন। অনুষ্ঠান সঞ্চালনায় তাকে সহযোগিতা করেন মিলিনিয়াম টিভির পরিচালক প্রকেলর আজাদ। প্রায় ৪ শতাধিক প্রবাসী বাংলাদেশির উপস্থিতিতে বনভোজনটি পরিণত হয় একখন্ড বাংলাদেশে।



















অতিথি হিসেবে অন্যান্যদের মধ্যে যোগ দেন বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহসভাপতি মহিউদ্দীন দেওয়ান,কার্যকরি সদস্য হারুন চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড সদস্য জুনেল চৌধুরী, কমিউনিটি একটিভিস্ট ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, মাহবুবুল আলম, মো. দেওয়ান, আব্দুল শহিদ, শেখ জামাল হোসেন, হেলাল চৌধুরী, শামীম আহমেদ, জাকারিয়া, আলা উদ্দীন, খবির উদ্দীন ভূঁইয়া, হাসান আলী,রেজোয়ানা রাজ্জাক সেতু, সাংবাদিক শেখ শফিক, আকতারুজ্জামান চৌধুরী ও নাটোরের আব্দুল খালেক।

এ বনভোজনে ছিল আকর্ষনীয় র‍্যাফেল ড্র। এরমধ্যে এয়ার টিকেট, টেলিভিশন, ল্যাপটপ ও এয়ারকন্ডিশনার সহ বিভিন্ন পুরস্কার অন্যতম। বনভোজন কমিটিতে কনভেনার বীর মুক্তিযোদ্ধা আব্দুল সালাম, চীফ কোঅর্ডিনেটর খবির উদ্দীন ভূঁইয়া ও সদস্য সচিব হিসেবে আলতাফ হোসেন দায়িত্ব পালন করেছেন। এ বনভোজনে যোগদানের জন্য সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুর রকিব ও সাধারন সম্পাদক কাজি রবিউজ্জামান সকলকে ধন্যবাদ জানিয়েছেন।









## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

# BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net




## জ্যামাইকায় জেবিএফএস'র পরিচ্ছন্নতা অভিযান

৬২ পৃষ্ঠার পর

এভিনিউ থেকে শুরু করে ১৭০ হিলসাইড এভিনিউ তথা লিটিল বাংলাদেশ কর্নার পর্যন্ত রাস্তা পরিষ্কার করা হয়। প্রচণ্ড গরম উপেক্ষা করে এই কার্যক্রমে রাস্তা ও ফুটপাতের ময়লা, প্লাস্টিক, কাগজ, আলাদা জায়গায় ফেলা এবং গাছের পরিচর্যাসহ স্থানীয় পরিচ্ছন্নতা অভিযানের অংশ হিসেবে সাধারণ মানুষকে সচেতনতার বৃদ্ধির লক্ষ্যে উৎসাহ প্রদান করা হয়। এ সময় সিটির আইন মেনে চলার উপর গুরুত্বারোপ এবং ময়লা-আবর্জনা ডাস্টবিনে ফেলারও অনুরোধ জানানো হয়। বিশেষ এই কার্যক্রমে অংশ নেন সিটি কাউন্সিল ওমেন ডক্টর নান্তাশা উইলিয়াম, ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা হুমায়ুন নূর, রেজাউল করীম চৌধুরী, প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, সিনিয়র সহ সভাপতি এএকএম মিসবাহ উজ্জামান, সহ সভাপতি এম আমরুল ইসলাম সানি, সাধারণ সম্পাদক এনায়েত হোসাইন মুন্সি, সাবেক সাধারণ সম্পাদক সেন্টু মিয়া, ইসমাইল হোসেন স্বপন, নওশাদ হায়দার প্রমুখ।

## ১৫ আগস্ট উপলক্ষ্যে নিউইয়র্কে নানা আয়োজন

১ পৃষ্ঠার পর

৫ আগষ্ট ২০২৪ সালে গণ অভ্যুত্থানের পর ইউনুসের নেতৃত্বাধীন সরকার তা বাতিল করে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট দিনটি জাতীয় জীবনে এক কালো অধ্যায় হয়ে আছে। এই দিনে ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বরের বাড়িতে তৎকালীন প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের সেনাবাহিনীর বিচ্ছিন্ন একটি গ্রুপ ভোর রাতে হামলা চালিয়ে নৃশংসভাবে হত্যা করে। গেল ফেব্রুয়ারিতে হাসিনা বিরোধী আন্দোলনের ধারাবাহিকতায় ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বরের বাড়িটি বোলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয়া হয়। ১৫ আগস্ট স্মরণে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ভারতে থাকা শেখ হাসিনা গত বুধবার নিউইয়র্কের এস্টোরিয়ায় দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। নিউইয়র্কের ডাইভারসিটি প্লাজায় আজ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। জ্যাকসন হাইটস এলাকাবাসির পক্ষ থেকেও আজ শুক্রবার ৭৩ স্ট্রিটে শোকাবহ দিনটি স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।



## প্রবাহ সাহিত্য সাংস্কৃতিক পরিষদের বর্ষপূর্তি

৬২ পৃষ্ঠার পর

বাচিক শিল্পী, বাংলাদেশ বেতার ও টিভি উপস্থাপক জি এম ফারুক খান। সভায় উদ্বোধনী বক্তব্য দেন আহ্বায়ক ড. আবুল কাসেম। প্রধান অতিথি কাজী শামসুল হক 'প্রবাহ'র প্রবাহমান ধারায় প্রবাসে সুস্থ ধারার সাহিত্য চর্চা অব্যাহত রাখার আহ্বান জানান। বিশেষ অতিথি বিশিষ্ট কবি নুরুল মোস্তফা রইসী সত্য ও সুন্দরকে ধারণ করে 'প্রবাহ'র কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সহযোগিতার আশ্বাস প্রদান করেন। নিউইয়র্ক-বাংলাদেশ প্রেস ক্লাবের সেক্রেটারি মোমিনুল ইসলাম মজুমদার অশ্লীলতা মুক্ত সাহিত্য সংস্কৃতির চর্চার মাধ্যমে ও এর বিকাশে 'প্রবাহ' নিউইয়র্কে সাহিত্য অঙ্গনে অবদান রাখবে বলে আশা প্রকাশ করেন। গবেষক ও চিন্তাবিদ ইমাম উদ্দিন চৌধুরী সত্য ও সুন্দরের বিকাশে সৃজনশীল সাহিত্য চর্চার আহ্বান জানান। গ্রিন টিভি'র সিইও লিয়াকত এলাহী 'প্রবাহ'র বিস্তৃতির জন্য পরামর্শ দেন। বিশিষ্ট সংগঠক ও সাহিত্যপ্রেমী শাহ আলম বলেন, ধর্ম ও সাহিত্যের মধ্যে কোন সংঘাত নেই। কোরআনের সুরায় স্পষ্ট ও শ্রেষ্ঠ সাহিত্যের অবতারণা হয়েছে। স্বরচিত কবিতা পাঠে অংশগ্রহণ করেন কলামিস্ট ও কবি এস এম মোজাম্মেল হক, কবি আবুল বাশার, সাউথ ক্যারোলাইনা থেকে আগত কবি মোশাররফ হোসেন।

আবৃত্তি পর্বে বিশিষ্ট বাচিক শিল্পী জি এম ফারুক খান আবৃত্তি করেন কাজী নজরুল ইসলামের 'শেষ শ্রাবণ', অনন্ত কণ্ঠে 'বিদ্রোহী' কবিতা আবৃত্তি করেন বিশিষ্ট আবৃত্তিকার এম এ সালেক। সর্বশেষে নাসিরুল আলম পাড়ু একটি কবিতা আবৃত্তি করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে এডভোকেট হুমায়ুন কবির চৌধুরী, রেজাউল করিম কিরণ, রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই গাজী গোলাম মোস্তফা, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি শাহ আলম, মোকাদ্দেস হোসেন, আশেক এলাহী প্রমুখ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

'প্রবাহ'র ১ম বর্ষপূর্তি উপলক্ষে একটি ম্যাগাজিন বের করা হয় ও অনুষ্ঠানে সকলের কাছে বিতরণ করা হয়।

## সোসাইটির সাবেক নেতৃবৃন্দের মিলনমেলা ২৪ আগস্ট

৩ পৃষ্ঠার পর

রেজিস্ট্রেশনের সময়সীমা দুই দফা বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত সময় সীমা শেষ হচ্ছে আগামী ১৫ আগস্ট। আর সময়সীমা বাড়ানো হবে না কারণ, হোটেল কর্তৃপক্ষকে ১৬ তারিখের মধ্যেই অতিথি সংখ্যা কনফার্ম করতে হবে। যারা এখনো রেজিস্ট্রেশন করতে পারেননি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের রেজিস্ট্রেশন করে 'মিলন মেলায়' উপস্থিত থাকার অনুরোধ করেছেন আয়োজকরা।

## ব্যক্তিগত মুহূর্তের ভিডিও ফাঁস, বিতর্কে পাকিস্তানি অভিনেত্রী

৪৬ পৃষ্ঠার পর

বিতর্ক রয়েছে। সাহসী পোশাকআশাক ও স্পষ্টভাষী ব্যক্তিত্বের কারণে তিনি একাধিকবার সোশ্যাল মিডিয়ায় সমালোচিত হয়েছেন। চলতি বছরের শুরুতে ধারাবাহিক কটূক্তি ও নেতিবাচকতার জেরে ইনস্টাগ্রামের পোস্ট মুছে দিয়ে তিনি লিখেছিলেন, 'আমি এই মাধ্যমটি ছেড়ে দিচ্ছি। এটি নরকের চেয়েও খারাপ।'

২০১৬ সালে 'ছোটি সি জিন্দেগি' ধারাবাহিকে পার্শ্ব চরিত্রে টিভিতে পা রাখেন আলিজে। ২০১৮ সাল পর্যন্ত আরও ৬টি ধারাবাহিকে সহ-চরিত্রে অভিনয়ের পর 'হুর পরি'-তে প্রথমবারের মতো পেন কেন্দ্রীয় চরিত্রের দায়িত্ব। এরপর ধারাবাহিক সাফল্যে টিভিতে জায়গা পাকাপোক্ত করার পাশাপাশি ২০১৯ সালে 'সুপারস্টার' সিনেমার মাধ্যমে বড় পর্দায় অভিষেক হয় তার। কয়েকটি জনপ্রিয় মিউজিক ভিডিওতেও হাজির হয়েছেন তিনি।

ভিডিও ফাঁসের সূত্র, সময় ও প্রেক্ষাপট নিয়ে ধোঁয়াশা কাটেনি। আলিজে বা তার ম্যানেজমেন্টের আনুষ্ঠানিক অবস্থান না আসা পর্যন্ত বিতর্ক থামার লক্ষণও নেই। ব্যক্তিগত মুহূর্ত জনসমক্ষে আসায় সেলিব্রিটিদের 'ডিজিটাল প্রাইভেসি' ও 'অনুমতি ছাড়া কনটেন্ট ছড়ানো'র নৈতিকতাহীন প্রবৃত্তিও ফের আলোচনায় এনেছে।

## ড. ইউনুস অশান্তির দূত : ড. নবী

৬৪ পৃষ্ঠার পর

চলমান সহিংসতা, মব ভায়োলেন্স, চরম মানবাধিকার লঙ্ঘন, সন্ত্রাস ও জঙ্গিবাদ এর উত্থান, গোপালগঞ্জের গণহত্যায় সামরিক বাহিনীর ভূমিকার অন্তর্নিহিত উপস্থাপন ও দখলদার অবৈধ ইউনুস সরকারের অপকর্মের দলিল সাংবাদিকদের কাছে হস্তান্তর করা হয়।

ওই দিন সন্ধ্যায় জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে লিখিত বক্তব্য পাঠ ও সাংবাদিকবৃন্দের প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলন সঞ্চালনা করেন মানবাধিকার সংগঠনের মহাসচিব মোহাম্মদ আলী সিদ্দিকী এবং মূল বক্তব্য পাঠ করেন অন্যতম উপদেষ্টা ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক শামীম চৌধুরী।

উপস্থিত ছিলেন সংগঠনের অন্যতম উপদেষ্টা ড. প্রদীপ রঞ্জন কর, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও মুক্তিযোদ্ধা ড. মহসিন আলী, উপদেষ্টা মুক্তিযোদ্ধা ড. নূরুন্নবী, প্রতিষ্ঠাতা পরিচালক শীতাংশু গুহ, উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, উপদেষ্টা মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব) আবু বকর সিদ্দিক ও উপদেষ্টা মুক্তিযোদ্ধা ফারুক হুসাইন, সংগঠনের অন্যতম পরিচালক এম. শাহ মো বখতিয়ার, ড. জিনাত নবী, পরিচালক জালাল উদ্দিন জলিল, পরিচালক রুমানা আখতার, পরিচালক কায়কোবাদ খান, পরিচালক নুরুজ্জামান সরদার, পরিচালক খন্দকার জাহিদুল ইসলাম, পরিচালক শহিদুল ইসলাম, পরিচালক টি মোল্লা ও সদস্য স্বদয় মিয়া।

সংবাদ সম্মেলনে উপস্থিত গণমাধ্যম কর্মীদের উপর বাংলাদেশে যে নিপীড়ন ও নির্যাতন চালানো হচ্ছে তারও ফিরিস্তি তুলে ধরা হয়। কুপিয়ে ও পিটিয়ে সাংবাদিক হত্যা, ডজন খানেক সিনিয়র সাংবাদিক বিশেষ করে শাহরিয়ার কবির, শ্যামল দত্ত, মোজাম্মেল বাবু, শাকিল আহমেদ, ফরজানা রুপাকে হত্যা মামলায় আসামি করে জামিন অযোগ্য ধারায় বছরব্যাপী জেলে আটক রাখার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। ১৬৭ জন সাংবাদিকের এক্রেডিটেশন কার্ড বাতিল, হাজারের উপর সাংবাদিকের চাকুরিচ্যুতি, সংবাদ মাধ্যম দখল ও গলাটিপে হত্যার বিষয় উল্লেখ করা হয়।

নির্বাচিত প্রধানমন্ত্রীকে দেশত্যাগে বাধ্য করা ও শত শত মিথ্যা হত্যা মামলার আসামি করে যুদ্ধাপরাধীদের জন্যে তৈরী আদালতে জামাতি বিচারপতি ও তাদের পক্ষের আইনজীবীদের দিয়ে ক্যাঙ্গারু কোর্টে বিচারের নামে প্রহসনের তীব্র প্রতিবাদ জানানো হয়। দেড় লাখের উপর বিরোধী দলের নেতা কর্মীদের নির্বিচারে গ্রেফতার, হয়রানি, সংখ্যালঘুদের উপর হামলা, নির্যাতন, সাবেক প্রধান বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, উচ্চ আদালতের বিচারকদের অপসারণ ও গ্রেফতার, শিক্ষক, বুদ্ধিজীবী, আইনজীবী, টকশো ব্যক্তিত্ব, ব্যবসায়ী কেউ রেহাই পাচ্ছে না এই জংগী ফ্যাসিস্ট, সুদখোর ও পশ্চিমাদের পাপেট ইউনুস সরকার থেকে।

দেশে গণতন্ত্র, মানবাধিকার, আইনের শাসন, ন্যায়বিচার, মত প্রকাশের স্বাধীনতা, গণমাধ্যমের স্বাধীনতা, ধর্মীয় স্বাধীনতা, মুক্তিযুদ্ধের মূল্যবোধ, দেশের সার্বভৌমত্ব আজ ভূলুণ্ঠিত। ভয়ের সংস্কৃতি ছড়িয়ে পড়েছে সর্বত্র। মানুষ নিরাপদে বসবাস করতে পারছে না, রাতের বেলায় পুরুষ-নারীরা রাস্তায় নিরাপদ নয়, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের উপক্রম, অটো পাশের দাবীতে ছাত্ররা আন্দোলন করছে, শ্রমিকরা বেকার হচ্ছে লাখ লাখ। নতুন কর্মসংস্থান নাই। বিদেশী বিনিয়োগ বন্ধ, রেমিটেন্স কমে গেছে, রিজার্ভ তলানীতে, জিডিপি গ্রোথ ৩.৩%, মূল্যস্ফীতি ডাবল ডিজিট।

এমন পরিস্থিতিতে সংবাদ সম্মেলন থেকে বাংলাদেশকে রক্ষায় সকল মানুষকে এগিয়ে আসতে এবং দখলদার অবৈধ বিদেশী নাগরিকদের দ্বারা ও বিদেশি শক্তির স্বার্থ হাসিলের জন্যে ক্ষমতায় বসানো ইউনুস সরকারকে দ্রুত অপসারণের জন্যে দেশে-বিদেশে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে নেতৃবৃন্দ আহ্বান জানান।




## গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের সংবাদ সম্মেলন

৬৪ পৃষ্ঠার পর

জয়েন্ট সেক্রেটারি আবুল হোসেন। তিনি বলেন গত ৫ আগস্ট ২০২৪ সালের পর থেকে কয়েকশত কোটি টাকার পাথর ও বালু লুটপাট করা হয়েছে সিলেটের ভোলাগঞ্জ সাদা পাথর পর্যটন এবং জাফলং পর্যটন এলাকা থেকে। আগে যেখানে সাদা পাথর ছাড়া কিছু দেখা যেত না সেখানে এখন শুধু বালুময় মরুভূমি। কয়েকদিন যাবত বালু নিয়ে যাচ্ছে সাদা পাথর থেকে। সাবল, কোদালের পাশাপাশি সেইভ (লিস্টার) মেশিন দিয়ে ছোট ছোট গর্ত করে লুটপাট করা হচ্ছে সাদা পাথর। পর্যটন স্পট এর পূর্ব পাশে ছোট ছোট কয়েকশত গর্ত করে লুটপাট করা হচ্ছে সাদা পাথর।

গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন কেন্দ্রীয় কমিটির সভাপতি মুজিবুর রহমান মুজিব, সহ-সভাপতি মোহাম্মদ আব্দুল মুনিম জাহেদী ক্যারল, সহ-সভাপতি আলি উদ্দিন শামিম, ট্রেজারার রফিক হায়দার, জয়েন্ট সেক্রেটারি আব্দুল অদুদ দিপক, জয়েন্ট সেক্রেটারি আবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মিজানুল ইসলাম চৌধুরী, সহ প্রচার সম্পাদক আক্তারুজ্জামান, সদস্য রেদওয়ান খান।

সংবাদ সম্মেলনে আরো বলা হয়, সিলেটের ভোলাগঞ্জ সাদা পাথর পর্যটন স্পট সারা বাংলাদেশসহ বহির্বিশ্বের অনেক দেশে ও এর পরিচিতি রয়েছে। স্বর্নার সচ্ছ জল ও রাশি রাশি সাদা পাথর দেখতে অনেক অপূর্ব নৈসর্গিক সৌন্দর্য। এই পর্যটন স্পট এর কথা বললে সারা বাংলাদেশ চিনে থাকে। লন্ডন সহ সারা বিশ্বের পর্যটক নিয়মিত ভ্রমণ করেন এই সাদা পাথর এলাকায়। লন্ডনের ছেলে মেয়েদের কাছে সাদা পাথর খুবই পরিচিত, দেশে গেলে সবাই সাদা পাথরের মনোরম পরিবেশে আনন্দ ফুর্তি করেন। প্রকৃতির এমন মুগ্ধকর ছবি এখনও দোলাই হয়ে আছে দেশ-বিদেশের অনেক পর্যটকের মনে।

গত বছর ৫ আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানের আগে জাফলংয়ের মতো ভোলাগঞ্জের পাথর কোয়ারির 'চাবি' ছিল আওয়ামী লীগ নেতাকর্মীর হাতে। আওয়ামী লীগ ক্ষমতা হারানোর পরও পাথর লুটের ধারা বন্ধ হয়নি। উল্টো বিএনপিসহ প্রায় সব রাজনৈতিক দল পাথর কোয়ারি চালুর পক্ষে অবস্থান নেয়। সরকার ইজারা বাতিল করে একের পর এক অভিযান চালালেও সব দলের নেতাকর্মী সে সিদ্ধান্তের বিরোধিতা করে আন্দোলনে নামে। এমনকি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান এবং পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান জাফলংয়ে গেলে তাদের গাড়িবহরে বাধা দেওয়া হয়।

ইজারা স্থগিত থাকার পরও রাতদিন বোমা মেশিন ও এক্সকাভেটর দিয়ে পাথর তোলা চলতে থাকে। থানায় মামলা, গ্রেপ্তার, বোমা মেশিন জব্দ করেও কাউকে দমন করা যায়নি। রাজনৈতিক দল, শ্রমিক সংগঠন ও স্থানীয় প্রভাবশালীর চাপে এক সময় স্থানীয় প্রশাসনও পাথর তোলার পক্ষে অবস্থান নেয়। সর্বদলীয় এই ঐক্যের ফলে পর্যটনকেন্দ্র ভোলাগঞ্জ আজ ক্ষতবিক্ষত। গেল এক বছর এভাবে পাথর লুট চলতে থাকলেও সম্প্রতি ভোলাগঞ্জের সাদা পাথর নিয়ে সরব সামাজিক মাধ্যম। পাথর লুটে জড়িতদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জোরালো দাবী জানানো হয়।



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney

LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA · QATAR AIRWAYS القطرية · Emirates · TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## ৭ সেপ্টেম্বর সিলেট সদর থানা এসোসিয়েশনের মিলন মেলা

৬২ পৃষ্ঠার পর

সংগঠনের সাংগঠনিক সম্পাদক তালহা রহমান রাজি, সহ সাধারণ সম্পাদক মেহরাজ কাজমী, আতাউল হাকিম হাসান, কোষাধ্যক্ষ আব্দুল হাফিজ আনসার, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক তানভীর চৌধুরী, মহিলা সম্পাদিকা ফাহমিদা বেগম শাম্মা, সিনিয়র সদস্য দুলাল মিয়া এনাম, ফারুক আহমেদ প্রমুখ। সভার কার্যকরি কমিটি বনভোজন সফল করতে কমিউনিটির সবার সহযোগিতা ও অংশগ্রহণ নিশ্চিত করতে সবাইকে একযোগে কাজ করার আহবান জানান।

## প্রবাসী ভোটাররা পাচ্ছেন স্মার্ট কার্ড

১ পৃষ্ঠার পর

কার্ড প্রদান ও তাদের ভোটদান প্রক্রিয়ায় জড়িত করা একটি বিশাল কর্মযজ্ঞ। এতে আমাদের সাপোর্ট প্রয়োজন। ঢাকায় এ ব্যাপারে আমাদের চাহিদার কথা জানিয়েছি। আগস্টের শেষ বা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ঢাকা থেকে একটি টেকনিক্যাল টিম নিউইয়র্কে আসছে। প্রবাসীদের ভোটাধিকার প্রয়োগ বর্তমান সরকারের অন্যতম একটি প্রতিশ্রুতি। আমরা সে লক্ষ্যেই কাজ করছি। একটি দায়িত্বশীল সূত্র আজকালকে জানিয়েছে, অক্টোবর নাগাদ যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের স্মার্ট কার্ড প্রদানের কাজ শুরু হতে যাচ্ছে।

## ভোটের আগে অনেক চ্যালেঞ্জ

১ পৃষ্ঠার পর

পারবে কিনা। আওয়ামী লীগ না থাকলে নির্বাচনটি অংশগ্রহণমূলক হবে কিনা। এসব প্রশ্ন আছে। কেউ কেউ বলেন, বিগত তিনটি নির্বাচনে দিনের ভোট আগের রাতে হয়ে গেছে। কিন্তু আওয়ামী লীগ ভোটের মাঠে না থাকলে ভোটের আগেই বিজয় মিছিল বের হবে। তখন এই নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য বলা যাবে না। আওয়ামী লীগের কর্মকাণ্ড বর্তমানে নিষিদ্ধ আছে। ফলে নির্বাচন কমিশনও দলটির নিবন্ধন স্থগিত করেছে। শেখ হাসিনাকে ক্ষমতা থেকে সরাতে বিএনপি ও জামায়াত একত্রে রাজপথে ছিলো। আন্দোলনে নেতৃত্ব দেওয়া নেতারা নতুন দল এনসিপি গঠন করলেও এই দলের কেউ নির্বাচনে জয়ী হতে পারবে এমন কোনও সম্ভাবনা দেখা যাচ্ছে না। বিএনপি বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করলে সেখানে কোনও অসুবিধা থাকবে না। সার্বিক বিষয় চিন্তা করলে বিএনপি, জামায়াত, এনসিপি একই ধাঁচের রাজনৈতিক দল। ফলে এগুলো মিলে নতুন পার্লামেন্ট তৈরী হলে শক্তিশালী বিরোধী দল থাকবে না। জামায়াতে ইসলামী বিরোধী দল হিসাবে সুখকর হবে না। নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন বর্তমান অন্তর্বর্তি সরকার এক বছর পূর্ণ করার সময়ে নির্বাচন নিয়ে সুস্পষ্ট ঘোষণা আছে। গত ৫ই আগস্ট ইউনূস অভ্যুত্থানের এক বছরপূর্তি অনুষ্ঠানে 'জুলাই ঘোষণা' পাঠ করেন। শেখ হাসিনাকে সরানোর আন্দোলন ২০২৪ সালের জুলাই মাসে অনুষ্ঠিত হয়েছে। তাই এই অভ্যুত্থানকে 'জুলাই বিপ্লব' বলেও অভিহিত করা হয়। জুলাই ঘোষণার মূল কথা হলো, জুলাইয়ের আন্দোলনের সাংবিধানিক স্বীকৃতি দেয়া। ইউনূস যে জুলাই ঘোষণা দিয়েছেন সে বিষয়ে মোটামুটি ঐকমত্য হয়েছে। জুলাই সনদ অনেক বেশি বিস্তৃত। যে সব সংস্কার প্রস্তাব গৃহীত হয়েছে সেগুলোর মিলিত বাস্তবায়ন জুলাই সনদ। জামায়াতে ইসলামী এবং এনসিপি মনে করে 'জুলাই সনদ' বাস্তবায়ন করার পর নির্বাচন হতে হবে। বিএনপি এই বিষয়ে একমত হয়নি। বিএনপি মনে করে, জুলাই সনদের সিংহভাগ বাস্তবায়ন করতে হলে অবশ্যই সংবিধান সংশোধন করা প্রয়োজন। সংবিধান সংশোধন করার জন্য সংসদ প্রয়োজন। এসব কারণে বলা হয়েছিলো যে, জুলাই সনদ নির্বাচিত সরকার প্রথম দুই বছরে তা বাস্তবায়ন করবে। কিন্তু এনসিপি এখন সোচ্চার ভোটের আগেই জুলাই সনদ বাস্তবায়ন দাবি নিয়ে। এমন এক টানাপোড়েনের মধ্যে মূলত যেসব প্রস্তাব বাস্তবায়ন সম্ভব সেগুলো ভোটের আগেই বাস্তবায়ন করা প্রয়োজন। অবশিষ্ট প্রস্তাব ভোটের পরে বাস্তবায়ন হবে। জুলাই সনদ বাস্তবায়নের করা সম্ভব না হলে ফেব্রুয়ারিতে নির্বাচন হতে দেবে না এমন কথা কেউ কেউ বলে থাকেন। এখন জামায়াত ও এনসিপি নির্বাচন বর্জন করলে কী হবে ? উত্তর সবার জানা। ইউনূসের নেতৃত্বাধীন সরকার নির্বাচন পরিচালনায় সুনক নয়। এমন ঘটনা ঘটলে বিকল্প হিসাবে ক্ষমতা সেনাবাহিনীর হাতে যাওয়া ছাড়া কোনও উপায় থাকবে না। যদিও সেনাবাহিনী ক্ষমতা গ্রহণে মোটেও আগ্রহী নয়। এমন ক্ষেত্রে ইউনূসের পরিবর্তে অন্য কোনও তত্ত্বাবধায়ক সরকার গঠন করে তার মাধ্যমে তিন মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করা। এসব বাস্তবতা চিন্তা করে বর্তমানে মাঠে থাকা রাজনৈতিক দলগুলো ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠানের পক্ষে একমত হবে বলে স্পষ্ট ধারণা করা যায়। শেখ হাসিনাসহ আওয়ামী লীগের অনেক নেতাই জুলাই আন্দোলনকালে মানুষের ওপর গুলি চালানোর নির্দেশদাতা হিসাবে অভিযুক্ত। আবার, বিগত ২০১৪, ২০১৮ এবং ২০২৪ সালে একতরফা নির্বাচন করে গণতন্ত্রও ভিত্তি দুর্বল করেছে। এসব অপরাধের কারণে শেখ হাসিনাসহ অনেক শীর্ষস্থানীয় নেতাদের বিরুদ্ধে গণহত্যা, দুর্নীতি এবং অন্যান্য অপরাধের বিচার চলছে। কিন্তু বাংলাদেশে মোট ভোটারের প্রায় ২০ শতাংশ মানুষ আওয়ামী লীগকে সমর্থন করেন। আওয়ামী লীগ নির্বাচনের সুযোগ দেওয়া না হলে এই ২০ শতাংশ ভোটার তাদের ভোট প্রয়োগের ক্ষেত্র খুঁজে পাবেন না। এই কারণে প্রথমে রিফাইন্ড আওয়ামী লীগের নামে দলটির কিছু নেতাকে নিয়ে ভোটে অংশ নেবার আলোচনা ছিলো। কিন্তু বিষয়টি এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ ফাঁস করে দেন। তিনি বলেন, সেনাবাহিনী তাদেরকে ডেকে নিয়ে রিফাইন্ড আওয়ামী লীগ করার বিষয়ে সম্মতি চেয়েছিলো। রিফাইন্ড আওয়ামী লীগ গঠন করা এখন আর সম্ভব নয়। তাই অন্য কোনও উপায়ে স্বতন্ত্র প্রার্থী হিসাবে আওয়ামী লীগকে ভোটের মাঠে রাখা যায় কিনা এই আলোচনা চলছে। সম্প্রতি গণতন্ত্র মঞ্চ নামের একটি ছোট জোট ৩০০ আসনে প্রার্থী দেবে বলে ঘোষণা করে। আ স ম আব্দুর রবের জাসদ, মাহমুদুর রহমান মান্নার জাতীয় ঐক্য, সাইফুল হকের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, জোনায়েদ সাকীর গণসংহতি আন্দোলনের মতো ছোট ছোট দল মিলে গণতন্ত্র মঞ্চ গঠিত। এদের লক্ষ্য অর্থাৎ ৩০০ আসনে প্রার্থী দেবার মতো উপযুক্ত প্রার্থী নেই। ফলে জোটটি আওয়ামী লীগ থেকে প্রার্থী ধার নেবে কিনা সেটিই দেখার বিষয়। নির্বাচন সুষ্ঠু করার লক্ষ্যে আরও অনেক চ্যালেঞ্জ রয়েছে। একটি সুষ্ঠু নির্বাচন আয়োজনের পূর্ব শর্ত হলো শান্তিপূর্ণ নির্বাচন করার সঙ্গে যুক্ত। বাংলাদেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এখন সবচেয়ে বেশি নাজুক। পুলিশ বাহিনীর অন্তর দশা। এই অবস্থা থেকে পরিত্রাণ আশু প্রয়োজন।

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL



37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনষ্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place
from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

## নকীব খানের জাদুকরী পরিবেশনায় মুগ্ধ শ্রোতারা

৬২ পৃষ্ঠার পর

বকুল, কায়াদ সোলায়মান, সাইদুজ্জামান রিভ , সাজিদ মিয়া ও খায়রুল ইসলাম খোকন।

শুরুতে সংগীত পরিবেশন করেন কামরুজ্জামান বকুল, আফতাব জনি, তানিয়া হাসানসহ অন্যরা। তাদের পরিবেশনা মূল পর্বের আগে অনুষ্ঠানের আবহ তৈরি করে দেয়। রাত যত গভীর হয়, পরিবেশ ততই মোহময় হয়ে ওঠে। দর্শক-শ্রোতারা যেন হারিয়ে যান স্মৃতির সোনালি অধ্যায়ে। কনসার্টের মধ্যমণি নকীব খান তার অসাধারণ গায়কি ও পরিবেশনায় মুগ্ধতা উপহার দেন। তার সংগীত জীবনের ৫০ বছর পূর্তি উদযাপন করতে আয়োজকরা সম্মিলিতভাবে তার হাতে বিশেষ সম্মাননা তুলে দেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মিয়া মোহাম্মদ দুলাল। অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে সাজিদ মিয়ারের দক্ষ কারিগরি ব্যবস্থাপনায়। আর কিবোর্ডিস্ট নকিব খান ছিলেন যেন এক সংগীতের জাদুকর-যার সুরের মায়াজালে বুঁদ হয়ে ছিলেন দর্শক-শ্রোতারা। এছাড়া অনবদ্য ড্রাম বাজিয়ে মুগ্ধ করেন সাইদুজ্জামান রিভ।

## টেক্সাসে বন্দুকধারীর হামলায় শিশুসহ নিহত ৩

৩ পৃষ্ঠার পর

কিছুক্ষণ পর হামলাকারী একটি গাড়ির শোরুম থেকে আরেকটি গাড়ি ছিনতাই করে। এরপর শহরের দক্ষিণাঞ্চলে সন্দেহভাজনকে গাড়ি থেকে নেমে পালাতে দেখা যায়। এ সময় আরেক ব্যক্তি পুলিশকে ফোন করলে, ঘটনাস্থলে থেকে আটক করা হয়।

হামলার পর জরুরি সেবাদানকারী কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তিনজন ভুক্তভোগীকে দেখতে পান। তাদের মধ্যে দুইজন ঘটনাস্থলেই মারা যান এবং তৃতীয় জনকে হাসপাতালে নেয়ার পর মৃত ঘোষণা করা হয়। ঘটনাটি নিয়ে তদন্ত চলছে জানিয়ে পুলিশ বলছে, এখনো হামলার উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত কিছু জানা যায়নি।

## পত্তনে চেনা সেই মুলোই দেখছি

৬ পৃষ্ঠার পর

দেখানোর জন্য যদি বিচার হয়, তখন অনেক ধরনের নতুন অন্যায়-অবিচার হয়ে যায়। যাঁরা গুরুতর মানবাধিকার লঙ্ঘন করেছেন, অবশ্যই তাঁদের বিচারের আওতায় আনতে হবে। একই সঙ্গে নিশ্চিত করতে হবে যে বিচার যেন সুষ্ঠু ও ন্যায় হয়। তা না হলে এ বিচার টিকবে না। আর যাঁরা বিচার চাইবেন, তাঁরাও সন্তুষ্ট হবেন না। ৪ আগস্ট টিআইবি এক প্রতিবেদনে বলেছে, সুশাসনের আলোকে অপ্রাপ্তি, বিশেষ করে একদিকে আইনের শাসন ও স্বচ্ছতার ঘাটতি, স্বার্থের দ্বন্দ্ব ও আমলক ভিত্তিতে সরকার পরিচালনা এবং অন্যদিকে রাজনৈতিক দলের নেতা-কর্মীদের একাংশের দলবাজি, দখলবাজি, চাঁদাবাজি, মামলা-বাণিজ্য, গ্রেপ্তার ও জামিন-বাণিজ্যের স্বাভাবিকতার চাপে রাষ্ট্র সংস্কারের অভীষ্ট অর্জনের পথ কণ্টকাকীর্ণ হয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা সম্প্রতি অভিযোগ করে বলেছেন, জুলাই আন্দোলনকে মানি মেকিং মেশিনে পরিণত করা হয়েছে।

জুলাই আন্দোলনে বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের অন্যতম সংগঠক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সামিনা লুৎফা নিত্রা। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'আমি দেখেছিলাম, জুলাই প্রজন্মের ছেলেমেয়েরা সে সময় দেয়ালে যেসব কথাবার্তা লিখেছে বা ডিজিটাল কনটেন্ট বানিয়েছে, সেখানে একটা বৈষম্যহীন বাংলাদেশের আকাঙ্ক্ষা ছিল। তাদের কাছে ইনক্লুসিভনেসের (অন্তর্ভুক্তি) কথা ছিল। তারা বিভিন্ন জাতিসত্তার অধিকারের কথা বলেছে, অর্থনৈতিক বৈষম্যমুক্তির কথা বলেছে। আমরা আসলেই আন্দোলনকারীদের মধ্যে বৈষম্যহীন এবং ইনক্লুসিভনেসের স্বপ্ন দেখেছিলাম। সেই আকাঙ্ক্ষাটা হারিয়ে গেছে।'

অন্তর্ভুক্তিমূলক রাষ্ট্র ও সমাজ গড়তে হলে এগোতে হয় ট্রুথ অ্যান্ড রিকনসিলিয়েশন অর্থাৎ সত্য ও পুনর্মিলনের পথে। কিন্তু আমরা হাঁটছি বিরোধ ও প্রতিশোধের পথে। আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল গত মে মাসে এক মতবিনিময় সভায় বলেছিলেন বটে, জাতীয় ঐক্য গড়ে তোলার জন্য 'ট্রুথ অ্যান্ড রিকনসিলিয়েশন' কমিশন গঠন করা হবে। কিন্তু পরের মাসেই মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ট্রুথ অ্যান্ড রিকনসিলিয়েশন কমিশন গঠনের বিষয়ে এখন পর্যন্ত কোনো সরকারি সিদ্ধান্ত হয়নি।

জুলাই আন্দোলনে নির্দিষ্ট কোনো রাজনৈতিক অ্যাজেন্ডা প্রকাশ পায়নি। তবে আন্দোলনরত শিক্ষার্থীদের গানে-স্লোগানে এবং দেয়াললিখন ও গ্রাফিতিতে বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশের প্রত্যাশার প্রকাশ ঘটেছিল। মানুষের মধ্যে প্রত্যাশা জেগেছিল, স্বৈরাচারী সরকার আর আসবে না, গণতান্ত্রিক রূপান্তর হবে। কিন্তু বর্তমান প্রশাসনেও দলীয়করণ থেমে নেই। এক দলের জায়গায় অন্য দল এসে বসেছে। জাতীয় ঐকমত্যের কথা বলা হলেও বিশেষ মহলের ইচ্ছা সবার ওপর চাপিয়ে দেওয়ার প্রয়াস লক্ষণীয়। জাতি, ধর্ম, শ্রেণি বা জেন্ডারের নামে বৈষম্যবাদী রাজনীতি ও দর্শন যারা ধারণ করে, তাদের স্ফুরণ সাপট দেখা যাচ্ছে। মনে হচ্ছে, তারাই কেবল এই গণ-অভ্যুত্থান করেছে। পরিস্থিতি এমন দাঁড়িয়েছে যে বিএনপির মতো দলের শীর্ষস্থানীয় নেতাদেরও দক্ষিণপন্থার উত্থান নিয়ে উদ্বেগ প্রকাশ করতে দেখা যাচ্ছে।

বৈষম্যহীন সমাজ গড়তে হলে শ্রেণিবৈষম্য সৃষ্টিকারী অর্থনৈতিক নীতির পরিবর্তন করতে হবে, ধর্মীয় বৈষম্যের কোনো ব্যবস্থা রাষ্ট্রের থাকা যাবে না, জাতিগত বৈষম্য নিরসনে বাঙালি ছাড়া অন্যান্য জাতিরও স্বীকৃতি থাকতে হবে এবং জেন্ডারবৈষম্যও দূর করতে হবে। আর গণতান্ত্রিক রূপান্তরের পথে সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের পাশাপাশি সরকার আইনের শাসন নিশ্চিত করা। এ ক্ষেত্রে বিচার বিভাগের কার্যকর স্বাধীনতা ও জবাবদিহি নিশ্চিত করা জরুরি। কিন্তু এক বছরে সরকার বিচার বিভাগের জন্য আলাদা সচিবালয় প্রতিষ্ঠার সিদ্ধান্তই নিতে পারেনি। পারবে বলেও মনে হয় না।

লেখক: সাংবাদিক ও গবেষক।

## ভুয়া স্বামী-স্ত্রী হলেই ডিপোর্ট

১ পৃষ্ঠার পর

আবেদনে-বিশদ যাচাই-বাছাইয়ের মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে। নতুন নির্দেশনা অনুযায়ী, ভুয়া সম্পর্কের মাধ্যমে গ্রীনকার্ড পাওয়ার অপচেষ্টা রোধ করাই ইউএসসিআইএসের মূল লক্ষ্য। "শুধুমাত্র প্রকৃত দাম্পত্য সম্পর্ক রয়েছে এমন আবেদনকারীদেরই যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের অনুমতি দেওয়া হবে।" ২০২৫ সালের ২ আগস্ট ইউএসসিআইএস তাদের 'ফ্যামিলি বেইজড ইমিগ্রেশন' পলিসি ম্যানুয়ালে এই হালনাগাদ নিয়মাবলি প্রকাশ করে, যা তাৎক্ষণিকভাবে কার্যকর হয়। এখন থেকে নতুন আবেদন ছাড়াও আগে জমা পড়া কিন্তু এখনো নিষ্পত্তি না হওয়া আবেদনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। ইউএসসিআইএস জানিয়েছে, "প্রতারক, সুযোগসন্ধানী কিংবা অন্য কোনোভাবে অযোগ্য অভিবাসন আবেদনকারীদের মাধ্যমে যুক্তরাষ্ট্রের পারিবারিক ঐক্য ক্ষুণ্ণ হয় এবং নাগরিকদের নিরাপত্তা বিঘ্নিত হয় এমন সন্দেহজনক ব্যক্তিদের শনাক্ত করে তাদের বিতাড়নের ব্যবস্থা করাও আমাদের দায়িত্ব।" নতুন নীতিমালায় যে বিষয়গুলোতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে, তা হলো, বৈধ বিবাহের প্রমাণ: যেমন যৌথ ছবি, আর্থিক নথি, ব্যাংক হিসাব, বাসা ভাড়া বা বাড়ির মালিকানার কাগজ, এবং বন্ধু-আত্মীয়দের প্রত্যয়নপত্র। বাধ্যতামূলক সাক্ষাৎকার: আবেদনকারী ও তার জীবনসঙ্গীকে শারীরিকভাবে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশ নিতে হবে যাতে সম্পর্কের সত্যতা যাচাই করা যায়। আগের আবেদন পর্যালোচনা: একজন আবেদনকারী বা স্পন্সর পূর্বে আর কারও জন্য আবেদন করেছেন কিনা, তা খতিয়ে দেখা হবে। অভিবাসন ইতিহাস তদন্ত: যারা এইচ-ওয়ানবি বা অন্যান্য ভিসায় যুক্তরাষ্ট্রে থেকে বিয়ের মাধ্যমে গ্রীনকার্ডের আবেদন করছেন, তাদের অতীত অভিবাসন ইতিহাস পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখা হবে। বিতাড়নের নোটিশ: যদি দেখা যায় আবেদনকারী ভিসার জন্য অযোগ্য বা বিতাড়নযোগ্য, তাহলে এমনকি গ্রীনকার্ড অনুমোদিত হলেও তাকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়ার প্রক্রিয়া শুরু হতে পারে।

## আইস পুলিশে ১ লাখ আবেদন

১ পৃষ্ঠার পর

অংশ হিসেবে অধিক পরিমাণে নিয়োগ দেয়া হচ্ছে আইস পুলিশে। এতে যোগদানকারিদের দেয়া হবে ৫০ হাজার ডলার করে বোনাস। বয়সের সীমাবদ্ধতাও শিথিল করা হয়েছে। শক্তি সামর্থ্য প্রমান করতে পারলেই এ নিয়োগ। ট্রাম্প প্রশাসন নিউইয়র্ক সহ ডেমোক্র্যাট শাসিত বড় বড় শহরগুলোতে ইমিগ্র্যান্ট বিরোধী অভিযানের পরিকল্পনা নিয়ে এই আইস পুলিশ নিয়োগ বাড়াচ্ছে বলে অভিবাসন আইনজীবিরা মন্তব্য করছেন। আইস পুলিশ নিয়োগের ঘোষণার পর দুই সপ্তাহেই ১ লাখ আবেদন জমা পড়েছে হোমল্যান্ড সিকিউরিটি দাবি করেছে, আবেদনপত্রে ডিপার্টমেন্ট সয়লাব হয়ে গেছে। এই নিয়োগে বেশি সংখ্যক আবেদনকারিদের আকর্ষণ করার জন্য বয়সের বিধিনিষেধ তুলে নিয়েছে। আগে আবেদনকারীদের ন্যূনতম বয়স ছিল ২১ বছর। পদের উপর নির্ভর করে ৩৭ বা ৪০ বছরের বেশি হতে পারত না। এখন তা শিথিল করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তির ওয়েবসাইটটি কিংবদন্তি আঙ্কেল স্যাম চরিত্রের উপর ভিত্তি করে তৈরি, যেখানে দর্শকদের দিকে ইশারা করা বিখ্যাত ব্যক্তিত্ব এবং পৃষ্ঠার শীর্ষে বড় অক্ষরে লেখা 'আমেরিকা আপনার প্রয়োজন'।

হোমল্যান্ড সিকিউরিটি তিনটি প্রাথমিক পদের জন্য নিয়োগ করছে: নির্বাসন কর্মকর্তা, অপরাধ তদন্তকারী এবং সাধারণ আইনজীবী। হোমল্যান্ড সিকিউরিটি সচিব ক্রিস্টি নয়েমের মতে, নতুন নিয়োগপ্রাপ্তরা এককালীন ৫০ হাজার ডলার পর্যন্ত বোনাস, ছাত্র ঋণ পরিশোধে ৬০ হাজার ডলার পর্যন্ত ছাড় , ছুটি, অবসর এবং ওভারটাইম সম্পর্কিত অন্যান্য প্রণোদনা পাওয়ার যোগ্য হবেন। কংগ্রেস ওয়ান বিগ বিউটিফুল বিল আইন পাস করার কয়েক সপ্তাহ পরে এই আইনটি চালু করা হয়েছে। যা আইসকে মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অভিবাসন আইন প্রয়োগের জন্য কংগ্রেসের নির্দেশিত মিশন সম্পাদনের জন্য আরও ১০ হাজার ফেডারেল আইন প্রয়োগকারী কর্মকর্তা এবং এজেন্ট নিয়োগের অনুমতি দেবে।

## ওয়াশিংটনে ন্যাশনাল গার্ড মোতায়েন

১ পৃষ্ঠার পর

ভিডিওতে 'অপরাধ দমনে জরুরি অবস্থা' ঘোষণা করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফলে এখন সরাসরি ওয়াশিংটনের আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব নিতে পারবে বিচার বিভাগ। ১ হাজার সদস্যের ন্যাশনাল গার্ড সদস্যদের মোতায়েন করায় রাজধানীর সাড়ে ৭ লাখ বাসিন্দা তাদের ক্ষোভের কথা জানান। হোয়াইট হাউসের কাছে তারা জড়ো হয়ে ট্রাম্পকে দুয়োধ্বনি দেন। প্রেসিডেন্ট ট্রাম্প তার 'জরুরি অবস্থা' ঘোষণার পক্ষে যুক্তি দিয়ে বলেন, 'স্থানীয় সরকার আইনশৃঙ্খলা ও জননিরাপত্তা বজায় রাখতে ব্যর্থ হয়েছে।' তিনি বলেন, এখানকার অপরাধের হার ফেডারেল কার্যক্রমের জন্য 'অসহনীয় ঝুঁকি' তৈরি করছে। হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প বলেন, 'কুখ্যাত গ্যাং, মাদক ব্যবসায়ী ও অপরাধী চক্রের হাত থেকে রাজধানীকে বাঁচাতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।' কংগ্রেস ম্যারিল্যান্ড ও ভার্জিনিয়ার ভূমি নিয়ে ওয়াশিংটন ডিসি যখন ১৮৭০ সালে প্রতিষ্ঠা করে, তখন থেকেই এখানকার বাসিন্দাদের অধিকার নিয়ে বিতর্ক চলছে। শহরটি কখনোই পূর্ণ রাজ্যের মর্যাদা পায়নি এবং সরাসরি ফেডারেল সরকারের অধীনে থাকে। নাগরিক অধিকার নেতা রেভারেন্ড আল শার্পটন বলেন, ট্রাম্পের এই পদক্ষেপ 'ন্যায়বিচার ও নাগরিক অধিকারের ওপর চূড়ান্ত আঘাত'। তার মতে, ট্রাম্প শুধুমাত্র নিজের সুবিধার জন্য এই কাজটি করেছেন। জেফ্রি এপস্টেইন বিতর্ক থেকে মানুষের মনোযোগ সরাতেই এমন পদক্ষেপ নিলেন ট্রাম্প। অন্যদিকে, ওয়াশিংটনেরর মেয়র মুরিয়েল বাউজার বলেন, ন্যাশনাল গার্ড মোতায়েন করা 'অস্বস্তিকর' হলেও এমন ঘটনা আগে ঘটেনি তা নয়। তিনি বাসিন্দাদের উদ্দেশ্যে বলেন, 'আমাদের গণতন্ত্রের অধিকার কতটা দুর্বল, তা আমরা জানি। এই কারণেই আমি এবং আমার আগে অনেকেই পূর্ণ রাজ্যের মর্যাদার জন্য লড়াই করেছি।'

আমারি জ্যাক নামে এক কলেজ শিক্ষার্থী বলেন, এই ঘটনাটি ওয়াশিংটনের ক্ষমতা দখলের 'প্রথম ধাপ'। ওয়াশিংটনে জন্ম নেওয়া এবং বেড়ে ওঠা মানুষ হিসেবে আমাদের নিজেদের প্রতিনিধিত্ব করার সুযোগ থাকা উচিত। কোনো একজন প্রেসিডেন্ট এসে আমাদের শহর শাসন করবে, এটা মেনে নেওয়া যায় না।'


TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

• Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## ‘তাণ্ডব’ তালিকায় যুক্ত হলো আরেক ওটিটি

৪৬ পৃষ্ঠার পর

জানিয়ে মেগাস্টার শাকিব খান তার ফেসবুক পোস্টে বলেন, ‘প্রথমবারের মতো একটি বাংলা সিনেমা ইতিহাস গড়ছে একসাথে তিনটি বড় ওটিটি প্ল্যাটফর্মে গর্বের সঙ্গে স্ট্রিমিং হচ্ছে। এটি এক স্মরণীয় সিনেম্যাটিক মুহূর্ত। এই শো দেখতে ভুলে যেও না।’ কোরবানির ঈদে মুক্তিপ্রাপ্ত শাকিব খানের ‘তাণ্ডব’ সিনেমাটির পরিচালনায় আছেন রায়হান রাফী, আর প্রধান চরিত্রে রয়েছেন শাকিব খান। তার সঙ্গে রয়েছেন জয়া আহসান, সাবিলা নূর, আফজাল হোসেন, শহিদুজ্জামান সেলিমসহ আরও অনেকে। দুটি বিশেষ চরিত্রে দেখা যাচ্ছে আফরান নিশো ও সিয়ামকে।

## মুক্তির দিনেই পাইরেসির শিকার

৪৬ পৃষ্ঠার পর

আদভানি অভিনীত এই ছবিটি মুক্তির কয়েক ঘণ্টার মধ্যেই পাইরেসির কবলে পড়ে যায়। মুক্তির দিন ১৪ আগস্ট দুপুরেই সিনেমাটির এইচডি প্রিন্ট ফাঁস হয়ে যায় বিভিন্ন থার্ড পার্টি ওয়েবসাইট ও টেলিগ্রাম চ্যানেলে।

বিশেষ করে এইচডিহাবফোরইউ নামের একটি পাইরেসি সাইটে ছবিটি ৪৮০পি, ৭২০পি এবং ১০৮০পি কোয়ালিটিতে ডাউনলোডের জন্য পাওয়া যাচ্ছে। পাশাপাশি অনলাইন স্ট্রিমিংয়ের ব্যবস্থাও রাখা হয়েছে। ভারতীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, মুক্তির পরপরই ‘ওয়ার-২ ফ্রি ডাউনলোড’ সার্চ টার্ম সার্চ ইঞ্জিনে ট্রেন্ডিং হতে শুরু করে। পাইরেটেড বে, ফিল্মিজিলা, মুভিরুলজ, মুভিজলা, সিনেভিল্লাসহ একাধিক সাইটে দ্রুত ছড়িয়ে পড়ে ছবির অবৈধ কপি। এরপর মুহূর্তেই লিংক পৌঁছে যায় সোশ্যাল মিডিয়া ও বড় বড় টেলিগ্রাম চ্যানেলে।

এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি ছবির প্রথম দিনের বক্স অফিস আয়কে বড় ধরনের ঝুঁকিতে ফেলেছে। ‘ওয়ার-২’ এর টিম এবং ঋত্বিক, এনটিআর ও কিয়ারা ভক্তরা নেটদুনিয়ায় আহ্বান জানাচ্ছেন‘ থিয়েটারে গিয়ে ছবি দেখুন, অবৈধ ডাউনলোড এড়িয়ে চলুন। পাইরেসি সরাসরি বক্স অফিস আয়ে প্রভাব ফেলে।’

‘ওয়ার-২’ পরিচালনা করেছেন আয়ান মুখার্জি। যশরাজ ফিল্মসের স্পাই ইউনিভার্সের অংশ এই ছবিতে ভারত-পাক সংঘাতের পটভূমিতে এগিয়ে যায় কাহিনি। হিন্দি, তামিল ও তেলেগুতে তিন ভাষায় মুক্তি পেয়েছে ২০০ কোটি রুপি বাজেটের এই বিগ বাজেট সিনেমা।

ট্রেলারে ঋত্বিক রোশনের দুর্দান্ত অ্যাকশন, জুনিয়র এনটিআর-এর নতুন রূপ এবং কিয়ারার গ্ল্যামারাস উপস্থিতি ইতোমধ্যেই দর্শকদের মন কেড়েছে। বিশ্লেষকরা আশা করছেন, পাইরেসির ধাক্কা সামলেও ছবিটি প্রেক্ষাগৃহে ভালো ব্যবসা করবে।

## নিউইয়র্কে আটক অভিবাসিদের পক্ষে আদালতের নির্দেশ

৩ পৃষ্ঠার পর

সময় শিক্ষার্থীরা ফোন ব্যবহার করতে পারবে। গভর্নর ক্যাথি হোকুলের নেতৃত্বে এই বিধান পাস হয়। শিক্ষক ইউনিয়নের দাবি ছিল, ফোন শিক্ষার্থীদের মনোযোগ নষ্ট করছে এবং এটি মানসিক স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। সে পরিপ্রেক্ষিতে এ নীতিমালা গৃহীত হয়েছে। কিছু স্কুল ইতোমধ্যে একটি ম্যাগনেটিক পাউচ ব্যবহার করছে, যেখানে শিক্ষার্থীরা ফোন বন্ধ করে রাখে এবং দিনের শেষে একটি নির্দিষ্ট ডিভাইসের সাহায্যে তা খুলে নিতে পারে। অন্যকিছু স্কুল ফোন সংগ্রহ করে সুরক্ষিত লকার বা ড্রপবক্সে রাখার ব্যবস্থা থাকবে। ফোন বন্ধ করে সেগে রাখা যাবে না। অনেক অভিভাবক উদ্বেগ প্রকাশ করেছেন, সন্তানদের সঙ্গে জরুরি প্রয়োজনে যোগাযোগ নিয়ে। তবে রাজ্য আইন অনুযায়ী, প্রতিটি স্কুলকে এমন একটি ব্যবস্থা রাখতে হবে যেখানে অভিভাবকরা জরুরি পরিস্থিতিতে স্কুল অফিসের মাধ্যমে সন্তানের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

শিক্ষার্থীরা যদি এই নিয়ম ভঙ্গ করে, তাহলে প্রথমবার অভিভাবক ডেকে বৈঠক, সতর্কতা প্রদান বা ক্লাস থেকে সাময়িকভাবে সরিয়ে দেওয়ার মতো ব্যবস্থা নেওয়া হবে। স্টেট গভ: মোবাইল-সম্পর্কিত শৃঙ্খলাজনিত বিষয়গুলো নিয়ে প্রতি বছর তথ্য সংগ্রহ করবে এবং তা বিশ্লেষণ করে কোনো পক্ষপাতিত্ব হলে ব্যবস্থা গ্রহণ করবে।

## আত্মঘাতী জাতির লুটেরা চক্র

৫ পৃষ্ঠার পর

ধরেছে, যাদের মন লোভে গ্রাস করেছে-তারা জাতি ও জাতীয়তার শত্রু। আইন ও আদালতকে এদের ব্যাপারে চোখ খুলতে হবে। দেশটাকে বাসযোগ্য করতে হবে। প্রজন্মের অনেকেই এ দেশের বিদ্যমান ব্যবস্থাকে ঘৃণা করে বিদেশে পাড়ি জমাতে শুরু করেছে। যারা বাধ্য হয়ে এখানে আছে তারাও বারবার তাদেরকে উপহাস করছে। লুটেরা-বদমাশ শ্রেণি যাতে সমাজের কর্তৃত্ব না পায় তার ব্যবস্থা নিতে হবে। যে দেশে বিএ-মাস্টার্স পাশের অভাব নেই, সে দেশে এইট পাশ জনপ্রতিনিধি নির্বাচনের নিয়মই অনেক অনিয়মের সূতিকাগার। মৌলিক সংস্কার ছাড়া কোনো স্বপ্ন পূরণের আশা নেই। কেবল ভোটের অধিকার নিশ্চিত করার মাধ্যমে এ দেশ কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাবে না। জনতার বিক্রি করা রায়, স্বার্থান্ধ ও স্বার্থান্বেষী শ্রেণীর সম্পর্ক ও চাওয়া টাকায় দফারফা হওয়া-আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠার প্রধান অন্তরায়। এ থেকে যে-কোনো মূল্যে মুক্তি দরকার।










জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561

Starling Car Service LLC
Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ
ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ
24 Hours Open



TOYOTA LEXUS Mercedes-Benz Ford BMW LAND ROVER MITSUBISHI HYUNDAI SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM
Tel: 718-786-6677 / 718-361-6432
Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## জয়ার সিনেমার নতুন রেকর্ড

৪৬ পৃষ্ঠার পর

দিয়েছেন। ক্যামেরাওপ ফিল্মসের কর্ণধার রাজ হামিদ বলেন, 'ভালো গল্পের সিনেমা সব সময় দর্শকের মন জয় করে। 'ডিয়ার মা' সেই ধরনের একটি ছবি। দর্শকেরা দেখার পর মুগ্ধতার কথা জানাচ্ছেন। বাংলা ভাষার যে কোনো চলচ্চিত্রের সাফল্য মানে বাংলা নিয়ে কাজ করা সব শিল্পীর সাফল্য।'

জয়া আহসান বলেন, 'অনিরুদ্ধ রায় চৌধুরী সম্পর্কের গল্প বলতে ভালোবাসেন। তার সিনেমাগুলো তাই হয় পারিবারিক ও মনস্তাত্ত্বিক। পরিবার নিয়ে সিনেমা দেখতে আসুন এটা সব ছবির বেলায় বলা যায় না। কিন্তু 'ডিয়ার মা' পরিবারসহ দেখার মতো একটি সিনেমা।'

পারিবারিক ও সম্পর্কের গল্প নিয়ে নির্মিত এই সিনেমায় আরও অভিনয় করেছেন শাশ্বত চট্টোপাধ্যায়, নন্দিকা দাস, চন্দন রায় সান্যাল, ধৃতিমান চট্টোপাধ্যায়সহ অনেকে।

## যুক্তরাষ্ট্রে আসছেন আতিয়া আনিসা

৪৬ পৃষ্ঠার পর

আমাকে জীবনে অগণিত সুযোগ, অভিজ্ঞতা ও ভালোবাসা উপহার দিয়েছে। ইনশাআল্লাহ, এই পথ আরও দীর্ঘ হবে এবং সংগীতের মাধ্যমে আমি আরও অনেকদূর এগিয়ে যেতে পারব। ধন্যবাদ বনরুদ্দোজা সাগর ভাইকে।'

এর আগে তিনি ব্যাংকক, ভারত ও অস্ট্রেলিয়ায় সংগীত পরিবেশন করেছেন। আনিসা জানান, আগামী চার-পাঁচ দিনের মধ্যেই যুক্তরাষ্ট্রের উদ্দেশে রওনা হবেন। দেশে ফেরার কথা আগামী ২৯ অক্টোবর। যদি সেখানে গিয়ে শো আরও বেড়ে যায় তবে দেশে ফিরতে আরও কিছুদিন দেরি হতে পারে।

আনিসার কণ্ঠে সর্বশেষ প্রকাশিত জনপ্রিয় গান হচ্ছে ইমরানের সঙ্গে 'আমায় রাখিও পরাণে বান্ধিয়া'। গানটি লিখেছেন আরমান রিজভী। সুর করেছেন নাজির মাহমুদ, মিউজিক করেছেন সজীব দাস। উল্লেখ্য, 'পায়ের ছাপ' সিনেমায় 'এই শহরের পথে পথে' গানটির জন্য ২০২২ সালের শ্রেষ্ঠ গায়িকা হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছিলেন তিনি।

## জুলাই সনদ ও সংস্কারের নামে সন্ত্রাস ও লুটপাটের রাজত্ব

৫ পৃষ্ঠার পর

-আলমগীর গাজী, পরে হত্যা করে তাকে। ঢাকায় এক ব্যবসায়ীর কাছে ৪০ লক্ষ টাকা চাঁদা দাবি বিএনপি নেতার। ঢাকার নবাবগঞ্জের নয়নশ্রী ইউনিয়নের বিলপল্লী গ্রামের বিএনপির সন্ত্রাসী কেফায়েত ফকির বাংলাবাজারের আতুলাহের ছেলে মিরাজকে টাকার জন্য হাত-পা বেঁধে পিটাতে থাকে - একপর্যায়ে সে মারা যায়। রাজধানীর একটি হোটেলে মা, বাবা, ছেলেকে জবাই করে সর্বস্ব লুট করে নিয়ে যায় বিএনপি সন্ত্রাসীরা। আওয়ামীলীগের সোনার আখড়া দিয়ে নারায়ণগঞ্জের বন্দর উপজেলা চেয়ারম্যান যিনি বিএনপি করেন -তাকে দিগম্বর করে পেটানো হয়। আতাউর রহমান মুকুল নামে আওয়ামী লীগের একজন সাধারণ কর্মীকে হাত পা বেঁধে গাছে ঝুলিয়ে পিটিয়ে হত্যা করে বিএনপিন্থি সন্ত্রাসীরা। ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে এক জঙ্গিকে আটক করা হয় প্রকাশ্যে অস্ত্র বহন করার কারণে।

কক্সবাজারের রাস্তাতে জামাত ক্যাডারকে চাঁদা না দেয়ায় ভ্যান চালককে পিটিয়ে হত্যা। একজন বাচ্চা উপদেষ্টা আসিফ মাহমুদের লাগেজে এ কে ৪৭ রাইফেলের ম্যাগাজিন সহ বিমানবন্দরে ধরা পড়লে কোন বিচার হয়নি। নারায়ণগঞ্জের রূপগঞ্জে হাবলল নেতার নেতৃত্বে ব্যবসায়ীকে অপহরণ করে ৭০ লাখ টাকা চাঁদা আদায়। সিসি ক্যামেরা লাগিয়ে মহিলা দলের নেত্রীর মাদক বিক্রি।

কুমিল্লায় এক প্রবাসীর স্ত্রীকে ধর্ষণ করে ৪ জন বিএনপিন্থি গুন্ডা দলের ক্যাডার মিলে। ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে মুখে টেপ লাগিয়ে ইলেকট্রিক শক দিয়ে অমানব নির্যাতন করে হত্যা করে আওয়ামী লীগের এক কর্মীকে। যশোরের মনিরামপুরে আওয়ামী লীগ কর্মীকে জ্যান্ত কবর দেয় জামাত-বিএনপির সন্ত্রাসীরা। বাপ্পি নামে এক বিএনপির সন্ত্রাসী ডিবি পুলিশ কে গুলি করে আধিপত্যের ফুট ব্যবসার নিয়ন্ত্রণ নেয়ার জন্য। খুলনায় হিন্দু নাপিতের উপর হামলা চালিয়ে তার সর্বস্ব লুটপাট করে নিয়ে যায় বিএনপিন্থি নিকৃষ্ট দলের সন্ত্রাসীরা। পুরান ঢাকায় ফুট ব্যবসা নিয়ে মারামারি বিএনপি ও স্বেচ্ছাসেবক লীগের সন্ত্রাসীদের মধ্যে। শিবির কর্মীরা একাই ট্রেনের বগি দখল -সাথে কয়েকজন মহিলা শিবিরের কর্মী নিয়ে। চট্টগ্রামের পটিয়ায় থানার সামনেই পেট্রোল বোমা তৈরি করছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের এনসিপি নেতা। সাতক্ষীরা ও ফরিদপুরে জামাত নেতার বাড়ি থেকে স্নাইপার রাইফেল উদ্ধার -কাউকে গ্রেফতার করা হয়নি। চট্টগ্রামের সাতকানিয়ায় স্কুল শিক্ষককে মারধর - জোর করে পদত্যাগে বাধ্য করে শিবির ক্যাডাররা।

প্রধান শিক্ষককে গাছের সাথে বেঁধে মারধর ও নির্যাতন করে এনসিপির জঙ্গি সন্ত্রাসীরা। পটুয়াখালীর রাঙ্গাবালীতে উপজেলা যুবলীগ কর্মী কামাল গাজীর স্ত্রী কে হাত-পা বেঁধে প্রথমে ধর্ষণ করে পরে মারধর করে বিএনপিন্থি গুন্ডারা। কুমিল্লার মুরাদনগরে ঘর ভেঙে হিন্দু রমণীকে ধর্ষণ করে বিএনপিন্থি ধর্ষক দল। ভোলার এক গৃহবধূকে দল বেঁধে ধর্ষণ করে শ্রমিক দলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদ ও তার সাঙ্গোপাঙ্গরা, ধর্ষিতা নারীর আহাজারিতে আকাশ বাতাস ভারী হয়ে উঠেছিল - তবুও ধর্ষকদের ধর্ষণ পিপাসা থেকে নিজেকে রক্ষা করতে পারেনি এই অসহায় নারী। তিনি বলেছেন বাবা ডেকেছি, ভাই ডেকেছি, কেঁদে কেঁদে আত্মরক্ষা করতে চেয়েছি - থামেনি ধর্ষক দল, পায়ে ধরেছি, কান্নাকাটি করেছি আত্মরক্ষার জন্য, এরপর বাড়িতে এসে দুইবার আত্মহত্যার চেষ্টা করেছি - পরিবারের দিকে তাকিয়ে করতে পারিনি। এরপরও চাঁদা দিতে অপারগতা প্রকাশ করলে ফরিদ ও তার সাঙ্গোপাঙ্গরা লোহার রড দিয়ে পিটিয়ে রক্তাক্ত করে। এরপরও ধর্ষিতা তার আটক স্বামীকে ছাড়িয়ে আনতে গেলে আরেক জায়গায় আটকে রেখে পালাক্রমে ধর্ষণ করে বিএনপির গুন্ডা দলের সদস্য - ফরিদ উদ্দিন ও আলাউদ্দিন। এরপরও ঘটনা কাউকে না বলার শর্তে স্বামী স্ত্রীকে ছেড়ে দেয়া হয়। এই হল আমাদের বাংলাদেশের নিত্য দিনের চিত্র।

ড. ইউনূস জঙ্গি সন্ত্রাসীদের প্রতিনিধি হয়ে আজ বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় বসে - বাংলাদেশকে একটি ব্যর্থ রাষ্ট্র বানানোর পথে হাঁটছেন, জিয়া এবং খালেদা জিয়া এদেশের স্বাধীনতা সার্বভৌমত্ব বিলুপ্ত করার জন্য যে কাজগুলো করেছেন - ড. ইউনূস হুবহু একই কাজগুলো করছেন। জিয়া পাকিস্তানি নাগরিক গোলাম আজমকে বাংলাদেশের ফিরিয়ে এনে তাকে পাসপোর্ট দিয়েছে। বাংলাদেশের রাজনীতি করার সুযোগ করে দিয়েছে। জিয়া যুদ্ধাপরাধী-রাজাকারদের পুনর্বাসন করেছে, স্বাধীনতা বিরোধী রাজাকার শাহ আজিজ কে প্রধানমন্ত্রী বানিয়েছে। আর খালেদা জিয়া বঙ্গবন্ধুর খুনিদের পররাষ্ট্র মন্ত্রণালয় চাকুরী দিয়ে পুরস্কৃত করেছে এবং যুদ্ধাপরাধী-নিজামি, মুজাহেদী, কাদের মোল্লা, সাকা চৌধুরীর মত লোকদের মন্ত্রী বানিয়ে পাকিস্তান নামক পরাজিত শক্তিকে খুশি করেছে। আজ ড. ইউনূস ক্ষমতা দখল করে যুদ্ধাপরাধী রাজাকারদের রাষ্ট্রের গুরুত্বপূর্ণ জায়গায় বসিয়ে দিয়েছে, একইভাবে বিএনপি'র সব অপরাধীদের জেল থেকে মুক্ত করে দিয়ে খালেদা জিয়া ও তারেক জিয়াকে খুশি করেছে।

## সামাজিক মাধ্যমে রাজনীতি

৭ পৃষ্ঠার পর

বর্তমান যুগে এ মিথ্যা খবরগুলো আরও দ্রুত এবং অনেক বেশি মানুষের কাছে পৌঁছাচ্ছে। বারবার মিথ্যা খবর ছড়ানোর ফলে মানুষের মন অসাড় হয়ে যায়। সত্য-মিথ্যা যাচাই করার ক্ষমতা হারিয়ে ফেলে। ভুল তথ্যকেই সঠিক বলে বিশ্বাস করতে শুরু করে। সত্য কঠিন। সত্যকে জানতে হয়, বুঝতে হয়। এজন্য জ্ঞান, ধৈর্য ও সময় দরকার। এই যান্ত্রিক ব্যস্ততা ও লোকদেখানোর যুগে জিনিস তিনটির অভাব দিন দিন প্রকট হচ্ছে। জার্মান দার্শনিক আর্তুর শোপেনহাওয়ার বলেছেন, সব সত্যকেই তিনটি ধাপ পেরোতে হয়।

প্রথমটা হলো উপহাস। দ্বিতীয়ত প্রবল বিরোধিতা। তৃতীয় ধাপে গিয়ে এটি নিজগুণেই গ্রহণযোগ্যতা পায়। সত্য-মিথ্যা নিরূপণে সামাজিক যোগাযোগমাধ্যম এখন রীতিমতো কুরুক্ষেত্র। বিশেষ করে রাজনৈতিক ময়দান ঠেকে বলায়, জিনে চোখ রাখা কঠিন হয়ে পড়ছে দিনকে দিন। খোলা মাঠে জনসমক্ষে দেওয়া বক্তব্যে শালীনতা বজায় রাখার চেষ্টা করেন রাজনীতিবিদরা। কিন্তু তার অনুসারীরা ভার্চুয়াল দুনিয়ায় আঙুল দিয়ে বেলেল্লাপনা ও অশ্লীল আক্রমণের প্রতিযোগিতা করে। তাদের ব্যবহারে শিক্ষা-রুচি-বংশ প্রকাশ পায়। এই আপ্ত বাক্যের সত্যতা আজ প্রশ্নবিদ্ধ। কঠিন রাজনৈতিক বিশ্লেষণ থেকে যা তা লিখে বাহাদুরি করানোর মৌসুম চলছে। শিক্ষিত-অশিক্ষিত-অর্ধশিক্ষিতের মাঝে খুব একটা পার্থক্য নেই। তাদের মা-বাপ-ভাইবোন-আত্মীয়স্বজন যুক্ত থাকতে পারে সামাজিক যোগাযোগমাধ্যমে। সে ক্ষেত্রে তারা কী মনে করেন, এর কোনো উত্তর পাওয়া যায় না। 'ব্যবহারে বংশের পরিচয়'-এ প্রবাদের সঙ্গে মিলিয়ে বলা যায় 'স্ট্যাটাসে বংশের পরিচয়'। উন্নত জীবনযাপনের অগ্রগতির মাঝে মানুষের মননের ক্রমাবনতি ঘটছে। এ বিষয়ে গবেষণা জরুরি হয়ে পড়েছে। গত দেড় দশকে বাংলাদেশে কর্তৃত্ববাদী শাসন প্রতিষ্ঠায় শেখ হাসিনা মধ্যযুগীয় বর্বরতা প্রয়োগ করেছেন। তথ্যপ্রযুক্তির পাশাপাশি কপাটে রাজিবালীর মতো নিজের জিহ্বা ব্যবহার করেছেন। জ্ঞানী, প্রবীণ, জনপ্রিয় কোনো ব্যক্তিকেই ছাড় দেননি তিনি। নিজের মতের বাইরে গেলেই ধারালো জিহ্বা দিয়ে ফালা-ফালা করে ছেড়েছেন বিশিষ্টজনকে। মুখরা রমণীর বাক্যবাণে আতঙ্কিত ছিল ভদ্রসমাজ। বিএনপি ও সমমনা রাজনৈতিক দলগুলোর নিয়মতান্ত্রিক সরকারবিরোধী আন্দোলনকে সবসময় উপহাস করেছেন হাসিনা ও তার পারিষদবর্গ। নিজ বাহিনীর প্রযোজনায় আন্দোলনকে সহিংস তকমা দিয়েছেন। নাগরিক আন্দোলনের সর্বজনশ্রদ্ধেয় ব্যক্তিদের মানহানিকর মামলা দিয়ে হয়রানি করেছেন দিনের পর দিন। এরকম জগদ্দল পাথরের মতো চেপে বসা স্বৈরাচারীকে হটাতে বিভিন্ন পথ বেছে নিয়েছিলেন বিপ্লবীরা। এর মধ্যে অন্যতম প্ল্যাটফর্ম অনলাইন। দলীয় ও নির্দলীয় অ্যাকটিভিস্টরা দিন-রাত হাসিনা সরকারের দুর্নীতি, অনিয়ম তুলে ধরতেন। তীব্রভাবে সমালোচনা করতেন ভোটবিহীন সরকারের। এসব প্রচারণায় অনেক সময় একতরফা অশ্লীল শব্দমালাও থাকত।

প্রবাসী অ্যাকটিভিস্টরা এ ক্ষেত্রে স্বেচ্ছাচারীর মতো স্বাধীনতা উপভোগ করেছেন। কোনো কোনো সময় তাদের বয়ানে অশ্লীলতাও স্থান পেয়েছে। দেশের বিক্ষুব্ধ, হতাশ জনগণ এসব দেখে আমোদিত হয়েছে। ফ্যাসিস্টের পতন হবেই ভেবে আশায় বুক বেঁধেছে। মহান মুক্তিযুদ্ধের সময় শব্দসৈনিক এম আর আখতার মুকুলের চরমপত্রের মতো স্বাধীন ইউটিউবাররা হাসিনাবিরোধী কথিকা পাঠ করেছেন।

আওয়ামী লীগ সরকার পতনে ইউটিউবারদের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু 'বাণিজ্যে বসতি লক্ষ্মী' নীতি ধারণ করায় তারা এখন ফ্রাঙ্কেনস্টাইন। নিজের মতো প্রতিষ্ঠায় মন দিতেও কসুর করে না। নানান আপত্তিকর কর্মকাণ্ডে অনবরত উসকানি দিচ্ছে। সাধারণ মানুষের আবেগকে পুঁজি করে ভৌতিক জনমত বানাতে মাঠে পড়ছে সুযোগসন্ধানী একটি চক্র। কোনো কোনো ইউটিউবার পীরের মর্যাদায় পদিনশীন হয়েছেন সামাজিক যোগাযোগমাধ্যমে। কোনো কিছুতেই থামতে জানেন না তারা। অশ্লীল কথা ও অঙ্গভঙ্গি দিয়ে মাতিয়ে রেখেছেন জাতিকে। তাদের মুরিদরা স্বাভাবিক সামাজিক সম্পর্ক ভুলে অন্ধভক্ত আদর্শবাদী কর্মীর হয়ে উঠছেন দিনকে দিন। চার্লস পিকারিংয়ের মতে, একটি সুষ্ঠু গণতন্ত্রের জন্য দরকার একটি শালীন সমাজ। আমাদের ন্যায়সঙ্গত, উদার, সহনশীল এবং শ্রদ্ধাশীল হওয়াও দরকার। আদর্শ রাষ্ট্র গঠনে নাগরিকদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধাবোধের বিকল্প নেই। রক্তস্নাত বাংলাদেশকে ঘুরে দাঁড়াতে হলে মানুষকে ভালোবাসতে হবে। গণতন্ত্র, মানবাধিকার সবই জনগণের জন্য। মানুষ ভালো থাকলে দেশ ভালো থাকবে। বিদেশনির্ভর আর্থিক সচ্ছলতাই শেষ কথা নয়। আত্মসম্মান ও সার্বভৌমত্ব রক্ষায় মানুষ তার সর্বস্ব বাজি রাখতে পারে। স্বাধীনতা তার আজন্ম অধিকার। বাসযোগ্য নিরাপদ দেশ গঠন হোক প্রতিটি দেশপ্রেমিকের প্রথম অঙ্গীকার।

লেখক: হেড অব নিউজ, আরটিভি।






KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# নিউইয়র্ক সিটি শিক্ষার্থীদের টেস্ট স্কোরে সাফল্য




১ পৃষ্ঠার পর

এগিয়েছেন সিটির শিক্ষার্থীরা। ২০২৪-২০২৫ স্কুল শিক্ষাবর্ষে ৩ থেকে ৮ গ্রেডের পাবলিক স্কুল শিশুদের পড়ার এবং গণিতের স্কোরগুলিতে যথেষ্ট সফলতা দেখিয়েছে। নিউইয়র্ক স্টেটের তথ্য মোতাবেক রাজ্যের ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইএলএ) দক্ষতার জন্য নিউইয়র্ক সিটির শিক্ষার্থীদের সামগ্রিক শতাংশ ২০২৪ সাল থেকে ৭.২ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। ৪৯.১ শতাংশ থেকে ৫৬.৩ শতাংশে বেড়েছে। গণিতে, নিউইয়র্ক সিটিতে দক্ষ শিক্ষার্থীদের সামগ্রিক শতাংশ ২০২৪ সাল থেকে ৩.৫ পয়েন্ট বৃদ্ধি পেয়ে ৫৩.৪ শতাংশ থেকে ৫৬.৯ শতাংশে হয়েছে।

খান টিউটোরিয়েলের সিইও ইমন খান আজকালকে বলেন, সিটির ছাত্রছাত্রীদের এ সাফল্যে খুশি হয়েছি। বাংলাদেশি ছেলেমেয়েরাও অনেক ভালো করেছে। আরও ভালো করতে হবে। আগ থেকে প্রস্তুতি নিলে ভালো করা সম্ভব। খানস টিউটোরিয়াল কমিউনিটির ছেলেমেয়েদের এগিয়ে যেতে ৩ দশক ধরে কাজ করে যাচ্ছে।

# বাংলাদেশি মুসলিমদের মহাসম্মেলন

৬৪ পৃষ্ঠার পর

শেখ আবদুস সালাম আজ্জাদী, ড. মহসিন আনসারী, ইমাম সিরাজ ওয়াহহাজ, শেখ মোহাম্মদ এলশিনাভি, ডা: আলতাফ হোসেন, ইমাম রাগাব আবদেলমোনেইম, শেখ মিকাইল আহমেদ, সামী হামদী, মোহাম্মদ ইসলেওয়ে, ইমাম টম ফ্যাকন্টেন, হামজাহ আব্দুল মালিক, আসিফ হাইরানী, আব্দুল নাসির জাংদা সহ আরো অনেক আলেম-ওলামা সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। বয়স্ক মুসলিম নর-নারীর পাশাপাশি শিশু-কিশোর-কিশোরী আর যুবকদের উপস্থিতিও ব্যাপক পরিলক্ষিত হয়। তাইতো কনভেনশনে শিশু-কিশোর, ইয়ুথ ও নারীদের জন্য আলাদা অনুষ্ঠান রাখা হয়। আরো ছিলো নতুন প্রজন্মের তরুণদের জন্য রোবটিক্স এআই এর মত অনুষ্ঠান। এছাড়াও তরুণী সিস্টার ও অ্যাডাল্ট পুরুষ-মহিলাদের জন্যও ছিলো বিভিন্ন অনুষ্ঠান। 'মেট্রিমোনিয়াল' ভেন্যুতে তরুণ ছেলে-মেয়েদের মধ্যে যারা অবিবাহিত রয়েছেন তাদের 'ম্যাচ মেকিং' এর জন্য কিছু স্পেশাল পর্বও ছিলো। কলেজ পড়ুয়া বা বিভিন্ন চাকরিতে যুক্ত বিবাহযোগ্য ছেলে-মেয়েদের এই পর্বে যোগ দেন। খুবই সাজানো এবং গুছানো তাৎপর্যপূর্ণ এবারের কনভেনশনটি যেন আমেরিকায় জন্মগ্রহণ ও বেড়ে ওঠা পরবর্তী প্রজন্ম এবং বর্তমান প্রজন্মের সাথে ছিলো এক মিলন মেলা। অপরদিকে মুনা কনভেনশন ঘিরে সর্বস্তরের হাজার হাজার মুসলিম নর-নারীর উপস্থিতিতে মুখরিত হয়ে উঠেছে ফিলাডেলফিয়া শহর।

শুক্র দিন জুম্মার নামাজে ইমামতি করেন ইমাম সিরাজ ওয়াহহাজ। পরবর্তীতে মূল মঞ্চে উদ্বোধনী পর্বের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ক্বারী মোহাম্মদ জুনায়েদ হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মুনার ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী। এছাড়াও বক্তব্য রাখেন নিহাদ আওয়াদ, ইমাম মোহাম্মদ আলী, সাফাকাত জহুর, ড. ওসামা আবু আরশাদ, ড. আয়মান হামদুন, সালমান মুজাহিদ, ওসামা জামাল ও মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন। বিভিন্ন সেশনে 'ইসলামী পারিবারিক শিক্ষা ও পরিবার গঠনে স্বামী-স্ত্রীর দায়িত্ব ও কর্তব্য' নিয়ে আলোচনা করেন ব্যারিস্টার হামিদ হোসাইন আজাদ ও ড. আবুল কালাম আজাদ বাশার। প্রথম দিনে বিভিন্ন বিষয়ে মোট ১১টি সেশনে ইসলামের বিশ্বব্যাপী প্রসার থেকে শিক্ষা, বিশ্বজুড়ে দ্বীনের আলো ছড়ানো পথপ্রদর্শকরা, আলো ছড়িয়ে দিন, ঐক্য গড়ে তুলুন, সফলশীল মুসলিম যুবক, সিস্টার অনলি এন্টারটেইনমেন্ট সেশন, সংঘাতের ছায়া : মার্কিন ন্যায়বিচারের উপর কাশ্মীরের প্রতিফলন, সংগ্রামের প্রতিধ্বনি : আমেরিকান বিচারে কাশ্মীরের সমান্তরালতা প্রভৃতি বিষয়ে সেমিনার। সেমিনারে যুক্তরাষ্ট্র, কানাডা ও ইউরোপের ইসলামিক ১০টি সংগঠনের শীর্ষ নেতৃবৃন্দ অংশ নেন বলে মুনা'র ন্যাশনাল মিডিয়া ডিরেক্টর আনিসুর রহমান গাজী জানান।

কনভেনশনের দ্বিতীয় দিনে বিভিন্ন বিষয়ে ২৮টি সেশন অনুষ্ঠিত হয়। এদিনের কনভেনশনে আলোচিত সেশনের মধ্যে ছিল- ইসলামী মূল্যবোধের উন্নয়নে সম্প্রদায়ের ভূমিকা, আমাদের পূর্ণতার জন্য বিশুদ্ধ নিয়ত অপরিহার্য, ইসলামের বিশ্বব্যাপী প্রসারে বাংলা অধিবেশন- পরিবর্তন চাই? শুরু হোক আমার থেকেই! প্রাথমিক মুসলিমদের অবদান, ইয়ুথ বয় প্রোগ্রামের মধ্য ইসলামের মাধ্যমে সমাজকে সংযুক্ত করা, নৈতিক রূপান্তরের পথিকৃৎ মুসলিমরা, শক্তিশালী সম্পর্ক নির্মাণ। ইয়ুথ সিস্টার সেশনগুলোর মধ্য আলোকিত পথ বিশ্বাসকে শক্তিশালী করে, একজন মুসলিমের আধ্যাত্মিক যাত্রা, মুসলিম নারী নেত্রীদের আত্মবিশ্বাস ও করুণার সাথে নেতৃত্ব দেওয়া, যেকোনো জায়গায় অন্যায়, সর্বত্র ন্যায়বিচারের জন্য হুমকিস্বরূপ। প্যারালাল সেশনের মধ্য ছিল- আমেরিকান ইনস্টিটিউট অফ ইন্টিগ্রেটেড থট-টুওয়ার্ডস হোলিস্টিক ডেভেলপমেন্ট (এআইআইটি) এর বাংলাদেশের ভবিষ্যৎ গঠন, যত্ন এবং ঐক্যের মাধ্যমে সংকটের প্রতিক্রিয়া জানানো এবং 'আপ প্রচেষ্টা কীভাবে জীবনকে বদলে দেয়' নিয়ে সেমিনার করে জাকাত ফাউন্ডেশন।

এর মধ্যে ইয়ুথ সেশনে ইসলামী জীবন যাপনের উপর আলোচনা করেন তরুণ ইসলামিক স্কলার ক্যাথলিক (খ্রিষ্টান ধর্ম) পরিবারে জন্মগ্রহণ করা আমেরিকান বংশোদ্ভূত বর্তমানে মুসলিম ধর্ম গ্রহণকারী ইমাম টম ফ্যাসিন।

এদিন রাতে স্থানীয় সাংস্কৃতিক সংগঠন বিশেষ করে মুনা শিল্পী গোষ্ঠী ও শিশুদের ইসলামী সঙ্গীত পরিবেশনের পাশাপাশি স্ট্যান্ড আপ কমেডি ও কবিতা আবৃত্তি সহ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশের জুলাই বিপ্লবের ঘটনা প্রবাহ ফুটে ওঠে। উঠে আসে আয়না ঘরের ভয়াবহ চিত্র। যা দর্শক শ্রোতাদের আকৃষ্ট করে।

কনভেনশনের শেষ দিনে সকালে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন মুনা'র ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন এবং মুনা'র ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী। মুনা'র অন্যান্য কর্মকর্তাদের মধ্যে সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট হারুন অর রশীদ সহ আবু আহমেদ নূরুজ্জামান, এসিস্টেন্ট এক্সিকিউটিভ ডাইরেক্টর আব্দুল্লাহ আল আরিফ, ন্যাশনাল শুরা সদস্য মোশাররফ মাওলা সুজন, আশরাফ আকবর, নিউইয়র্ক নর্থ জোনের সেক্রেটারী মমিনুল ইসলাম মজুমদার, নিউইয়র্ক সাউথ জোন মিডিয়া পরিচালক আমিনুর রসুল জামশেদ প্রমুখ উপস্থিত ছিলেন। এসময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন মুনা'র ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন।

ইমাম দেলোয়ার হোসাইন বলেন, আমেরিকায় বেড়ে উঠা আমাদের নতুন প্রজন্ম নিয়ে চিন্তিত। বিভিন্ন অপরাধের সাথে নতুন প্রজন্ম থেকে শুরু করে অনেক বাংলাদেশী সম্পৃক্তার ঘটনা আমাদেরকে ভাবিয়ে তুলছে। প্রশাসনের অনেকেই এসব নিয়ে আমাদের প্রশ্ন করেন। তাই বিষয়টি সবার গুরুত্বদিয়ে ভাবতে হবে। আগামীতে পেনসিলভেনিয়ার বাইরে অন্য কোন সুবিধাজনক স্থানে কনভেনশন করার বিষয়টি দেখা হবে বলেও জানান তিনি।

এ দিনের প্রধান অধিবেশনে বিশ্বাসের তরঙ্গায়িত প্রভাব : বিভিন্ন সমাজে ইসলামের ক্রমবর্ধমান প্রভাব, বহুসংস্কৃতির সম্প্রদায়ের মধ্যে ইসলামের রূপান্তরকারী শক্তি, ঐক্যের ফলকে সংস্কৃতি জুড়ে ইসলামী শিক্ষা ছড়িয়ে দেয়া সহ বিভিন্ন সেশনে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এদিকে বেলা ১১টা থেকে শুরু হওয়া বিভিন্ন আলোচনার পাশাপাশি মুনা শিশুদের পুরস্কার বিতরণী ও অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ইমাম দেলোয়ার হোসাইন ও আরমান চৌধুরী সহ মুনার নেতৃবৃন্দ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এদিন ড. আতাউল ওসমানীর নেতৃত্বে মুনা'র সাংস্কৃতিক দল মনোজ্ঞ ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

বিভিন্ন সেশনে বক্তব্যকালে মুনার সাবেক প্রেসিডেন্ট হারুন অর রশিদ বলেন, যারা ইসলামের জন্য জীবন দিতে রাজি আল্লাহ তাদের হাতেই বিজয় দিবেন। জিহাদ ছাড়া আল্লাহ বিজয় দান করবেন না। প্রযুক্তি আজ আমাদের জন্য অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। মোবাইল ইন্টারনেটের হাত থেকে তাদের বাঁচতে হবে। আল্লাহ তায়ালা ইমানদারদের বিজয় দান করবেন।

ইমাম সিরাজ ওয়াহাজ বলেন, প্রতিটি মানুষকে মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। কেউ মৃত্যুর হাত থেকে রক্ষা পাবে না। আমাদের সম্পদ ইসলাম প্রচারে ব্যয় করতে হবে।

শেখ মিখাইল আহমেদ বলেন, আমাদের প্রজন্ম আজ ইসলামকে বুঝতে পারছে না। এটি আমাদের জন্য চিন্তার বিষয়। তিনি আরও বলেন, আমাদের সব সময় আল্লাহর জিকিরে থাকতে হবে। আমাদের হালাল - হারাম মেনে চলতে হবে। সাহাবারা আল্লাহর বিধান মানার কারণে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট ছিলেন।

শেখ মোহাম্মদ বেলাল বলেন, ব্যবসা বাণিজ্য সব কিছুতেই ইসলাম থাকতে হবে। আমাদের মানসিক সকল গুণাবলী অর্জন করতে হবে। এজন্য আমাদের অনেক পরীক্ষার সম্মুখীন হতে হবে। সততার গুণাবলী অর্জন করতে হবে। তাহলে অমুসলিমরা আকৃষ্ট হবে। মসজিদের সাথে আমাদের সম্পর্ক বাড়াতে হবে। ইউরোপ আমেরিকায় ইসলাম প্রচার করতে হলে ইংরেজি জানতে হবে, গুগল সম্পর্কে জ্ঞান অর্জন করতে হবে। ইংরেজি জানা সন্তানদের ইসলাম শিক্ষা দিতে হবে। হামিদ হোসাইন আজাদ বলেন, আল্লাহ মানুষকে পরিক্ষা করেন। পুরো জীবনই হলো পরিক্ষা। দুনিয়ার জীবনকে কাজে লাগাতে হবে। পরিক্ষা ছাড়া আল্লাহ মানুষকে জান্নাত দিবেন না। এটি তাকে অর্জন করতে হবে। সফলতা অর্জন করতে হলে পরিক্ষায় ভালো করতে হবে। তাহলেই জান্নাত পাওয়া যাবে। ড. আবুল কালাম আজাদ বাশার নিজেকে এবং পরিবারকে বাঁচানো এ বিষয়ে আলোচনা করতে গিয়ে বলেন, মানুষ খুবই দুর্বল, সে জন্মের পর হাটতে পারে না, নিজের হাতে খেতে পারে না। ভালো মন্দ জ্ঞান তার থাকে না। তারপরেও সে অহংকার করে। মানুষকে আল্লাহর রঙে রঙিন হতে হবে। আল্লাহর আদেশ নিষেধ মেনে চলতে হবে। শুধু ইবাদত করলে চলবে না, তার জমিনে তার দ্বিন প্রতিষ্ঠা করতে হবে। নিজের পরিবারকে যদি ইসলামের অনুসরণ না করানো যায় তাহলে হাশরে তার সন্তানরা মামলা করবে। নিজেকে অর্থ কামানোর মেশিন বানানো যাবে না। মনে রাখতে হবে দ্বিনের দাওয়াত ছাড়া অমুসলিম দেশে থাকা জায়েজ নেই। তাই দ্বিনের প্রচার করতে হবে।

ড. আলতাফ হোসেন বলেন, উত্তম চরিত্র এবং ভালো ব্যবহার দিয়েই মানুষের মন জয় করতে হবে, নতুন প্রজন্মকে আকৃষ্ট করতে হবে। ওয়াদা রক্ষা করতে হবে। যে দেশেরই হই না কেন আমাদের পরিচয় মুসলিম।

মুনার প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন বলেন, ইসলাম প্রচার করতে যোগ্যতা অর্জন করতে হবে। ইসলামকে সহজ করতে হবে। কঠিন করা যাবে না। মুনা আমেরিকার প্রতি ঘরে ঘরে দাওয়াত পৌঁছাতে চায়।

বিশাল এ কনভেনশন বাস্তবায়নের ৭ সদস্য বিশিষ্ট নীতি নির্ধারণ কমিটি ছাড়াও ২১টি সাব কমিটি করা হয়। মূল কমিটির সদস্যরা হলেন- আরমান চৌধুরী, জিয়াউল ইসলাম শামীম, আব্দুল্লাহ আল আরিফ, ড. প্রকৌশলী রুহুল আমিন, আহমেদ খালেদ হোসাইন, মোহাম্মদ নূরুল আনোয়ার।




# নিউইয়র্ক পাবনাবাসির বনভোজন কাল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসরত প্রবাসী পাবনাবাসীর বনভোজন 'প্রবাসি পাবনা অব ইউএসএ'-এর উদ্যোগে আগামীকাল শনিবার ১৬ আগষ্ট, ২০২৫ আয়োজন করা হয়েছে। বেলমোন্ট লেক স্টেট পার্কে আয়োজকরা সকলকে আমন্ত্রণ জানিয়েছেন। বনভোজন কমিটির আহবায়ক মো: সিরাজুল ইসলাম সবীর নেতৃত্বে আলমগীর হোসেন ব্যাপারীর প্রচারণায় কমিউনিটির মানুষ এতে অংশগ্রহণ করবেন বলে উদ্যোক্তারা আশাবাদ ব্যক্ত করেন। সকলকে এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে (৬৪৬-৩১৮-৬৮০৪)।

# নিউইয়র্কে আটক অভিবাসিদের পক্ষে আদালতের নির্দেশ

৩ পৃষ্ঠার পর

মানিকের পণ্য ব্যবহার করতে পারেননি। কারণ তার কক্ষে মহিলাদের ভাগ করে নেওয়ার জন্য মাত্র দুটি দেওয়া হয়েছিল'। বিচারক কাপলান অভিবাসন কর্মকর্তাদের প্রতি ব্যক্তি প্রতি ৫০ বর্গফুট (৪.৬ বর্গমিটার) বরাদ্দ করার নির্দেশ দিয়েছেন। আটককৃতরা ৪০ বা তার বেশি লোককে জ্যাম করার পরে বৃত্তের হোল্ড রুমের ধারণক্ষমতা প্রায় ১৫ জনের কাছে সঙ্কুচিত করে। অভিবাসন আদালত এবং এফবিআইয়ের নিউইয়র্ক ফিল্ড অফিসের আবাসস্থল এই ভবনটি অবৈধ অভিবাসনের বিরুদ্ধে প্রশাসনের ক্র্যাকডাউনের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে বলে সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়েছে।

বিচারক সরকারকে দিনে তিনবার সেলগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার করার এবং পর্যাপ্ত পরিমাণে স্বাস্থ্যকর পণ্য সরবরাহ করার নির্দেশ দেন। আটককৃতরা আইনজীবীদের সঙ্গে যোগাযোগ করতে না পারার উদ্বেগের কথা উল্লেখ করে বিচারক কাপলান সরকারকে গোপনীয় আইনি টেলিফোন কলের ব্যবস্থা করার নির্দেশ দেন।

গত মঙ্গলবার একটি শুনানিতে কাপলান বলেন, 'এখানে আমার উপসংহার হল যে, আমাকে যে শর্তগুলি সম্পর্কে বলা হয়েছে তার পরিপ্রেক্ষিতে অপরিবর্তনীয় আঘাত অব্যাহত রাখার একটি অত্যন্ত গুরুতর হুমকি রয়েছে, যেখানে একজন সরকারী আইনজীবী স্বীকার করেছেন যে কিছু অভিযোগ সঠিক ছিল। 'আমি মনে করি আমরা সবাই একমত যে ২৬ ফেডারেল প্লাজার পরিস্থিতি মানবিক হওয়া দরকার এবং আমরা স্পষ্টতই সেই বিশ্বাসের অংশীদার। সরকারী আইনজীবী জেফ্রি এস ওস্টেরিচার বলেন, তিনি সম্মত হয়েছেন যে 'অমানবিক পরিস্থিতি উপযুক্ত নয় এবং সহ্য করা উচিত নয়'।

অভিবাসী অধিকার সংস্থা মেক দ্য রোড নিউইয়র্ক, নিউইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়ন এবং আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন-এর দায়ের করা মামলাটি বাদী আইনজীবী ডিলান গ্রেগরিও যাকে 'অমানবিক এবং অবৈধ পরিস্থিতি' বলে অভিহিত করেছেন তার অবসান ঘটাতে আদালতের হস্তক্ষেপ চেয়েছে। গ্রেগরিও বলেন, কিছু বন্দীকে ২৬ ফেডারেল প্লাজায় ৭২ ঘন্টার নিয়মের চেয়ে অনেক বেশি সময় ধরে আটক রাখা হয়েছে'। আইস-এর নিউইয়র্ক সিটি ফিল্ড অফিস অফ এনফোর্সমেন্ট অ্যান্ড রিমুভাল অপারেশনের ম্যাসি জ্যানেলো একটি ঘোষণাপত্রে লিখেছেন যে, সোমবার পর্যন্ত, বিল্ডিংয়ের চারটি হোল্ড রুমে মোট ২৪ জনকে রাখা হয়েছিল। প্রতিটি কক্ষে কমপক্ষে একটি শৌচাগার এবং সিঙ্ক রয়েছে এবং সাবান, দাঁত পরিষ্কারের ওয়াইপ এবং মেয়েলি পণ্যসহ স্বাস্থ্যকর পণ্য পাওয়া যায় বলে তিনি জানিয়েছেন। মামলার বাদী সার্জিও বারকো মারকাডো আদালতে দায়ের করা একটি নথিতে বলেছেন যে, 'অভিবাসন আদালতের শুনানি ছেড়ে যাওয়ার সময় তাকে গ্রেপ্তার করার পর গত সপ্তাহে তাকে ২৬ ফেডারেল প্লাজায় দুই দিনের জন্য রাখা হয়েছিল'।




# অনুমোদন পেল বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়ন

৬৪ পৃষ্ঠার পর

প্রতিষ্ঠান। বুধবার নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে 'বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়ন'-এর নাম ঘোষণা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামে এ কথা জানানো হয়। এ অনুমোদন প্রাপ্তির মাধ্যমে বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হল।। যেখানে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের উদ্যোগে পূর্ণাঙ্গ ফেডারেল স্বীকৃত একটি আর্থিক প্রতিষ্ঠান গঠিত হতে যাচ্ছে।

জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম জাফর সেখের পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের সঞ্চালনার দায়িত্বে ছিলেন জনপ্রিয় উপস্থাপিকা সোনিয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির অন্যতম মূল উদ্যোক্তা অলকাউন্টি হোম কেয়ারের সিইও মুহাম্মদ কাদের, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, কমিউনিটি ব্যক্তিত্ব ও অন্যতম উদ্যোক্তা শাহ শহীদুল হক, জে মোল্লা সানি প্রমুখ।

অনুষ্ঠানে জানানো হয়, প্রায় দুই বছর আগে এই ক্রেডিট ইউনিয়নের জন্য আবেদন করা হয়। বিভিন্ন বিষয় যাচাইয়ের পর ন্যাশনাল ক্রেডিট ইউনিয়ন অ্যাডমিনিস্ট্রেশন ৪ আগস্ট আনুষ্ঠানিকভাবে বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়ন অনুমোদন দিয়েছে। যা গত ৬০ বছরের বাংলাদেশি অভিবাসী ইতিহাসে অন্যতম বড় অর্জন।

মূল উদ্যোক্তা ও 'বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়ন'-এর প্রতিষ্ঠাতা মুহাম্মদ কাদের বলেন, বাংলাদেশীরা দীর্ঘদিন ধরে আমেরিকায় বাস করলেও নিজস্ব কোনো পূর্ণাঙ্গ ফেডারেল আর্থিক প্রতিষ্ঠান ছিল না। অনেক কমিউনিটি বহু আগেই নিজেদের জন্য ব্যাংক বা ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠা করে ফেলেছে। অবশেষে আজ আমরা সেই দীর্ঘদিনের স্বপ্নকে বাস্তব রূপ পেতে যাচ্ছে। প্রতিষ্ঠানটি ইতোমধ্যেই ন্যাশনাল ক্রেডিট ইউনিয়ন অ্যাডমিনিস্ট্রেশন ক্লিয়ারেন্স এবং প্রি-অ্যাপ্রুভাল পেয়েছে। যা একটি আইনানুগ স্বীকৃত এবং ভবিষ্যতের জন্য সুসংহত আর্থিক ভিত্তি। এখন ৩০০ জন প্রতিষ্ঠাতা সদস্য বা ফাউন্ডিং মেম্বার সংগ্রহ করা হবে, যাদের কাছ থেকে প্রাপ্ত ৩ লাখ ডলার নিয়ে আনুষ্ঠানিক যাত্রা শুরু হবে। এটি একটি সদস্য-ভিত্তিক সমবায় ব্যাংক, যেখানে প্রতিটি সদস্যের সমান অধিকার থাকবে এবং মুনাফা সদস্যদের মাঝে বণ্টন করা হবে। এখানে ঋণপ্রাপ্তি হবে সহজ, স্বচ্ছ ও হালাল প্রক্রিয়ায়। সদস্যরা ৩ থেকে ৬ শতাংশ সুদে গাড়ি, ব্যবসা বা হোম লোন নিতে পারবেন, যা প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার তুলনায় অনেক বেশি সুবিধাজনক ও লাভজনক। জ্যামাইকা হিলসাইড অ্যাভিনিউতে হবে বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়নের প্রধান কার্যালয়। পরবর্তী এক বছরের মধ্যে নিউ ইয়র্ক সিটির পাঁচটি এলাকায় শাখা চালু করার পরিকল্পনা রয়েছে এবং পরবর্তী পাঁচ বছরে যুক্তরাষ্ট্র জুড়ে বাংলাদেশি-আমেরিকানদের আর্থিক সেবা প্রদান করার লক্ষ্যে একটি বিস্তৃত নেটওয়ার্ক গড়ে তোলার পরিকল্পনা রয়েছে।

অনুষ্ঠানে জানানো হয় প্রতিষ্ঠানটির ঘোষিত পরিচালনা পর্ষদের মধ্যে রয়েছেন- শাহ শহীদুল হক, লিজা আমিন, মিনারা মাহমুদিন, মাহফুজ আনিসুর রহমান, সালাউদ্দিন আহমেদ। প্রস্তাবিত কমিটির সদস্যদের মধ্যে রয়েছেন– জে মোল্লা সানি, আনায়েত মুনশি, আব্দুল মান্নান, রিমি ভূইয়া, বদরুল হক আজাদ, মো. সোলাইমান, জাহাঙ্গীর আলম জয়।

# টাইমস স্কয়ারে একদিনে ২টি দুর্গাপূজা

৬৪ পৃষ্ঠার পর

সম্প্রদায় যৌথভাবে থাকছেন। তারা বলছেন, এটি সর্বজনীন। ১০ আগস্ট সন্ধ্যায় নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসে আয়োজিত 'মিট দ্য প্রেস' থেকে এ ঘোষণা দেন আয়োজক সংগঠনের প্রধান উপদেষ্টা মৃদুল পাঠক।

সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন প্রধান উপদেষ্টা মৃদুল পাঠক ছাড়াও সভাপতি শশধর হাওলাদার, সহ-সভাপতি কল্যাণ বসু, সম্পাদক নিরুপমা সাহা, কোষাধ্যক্ষ সৌম্যব্রত দাসগুপ্ত, উপদেষ্টা সদস্য মিলন আওন ও নির্মল পাল। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শ্রীমাতা বসাক। উপস্থিত ছিলেন এই মেলার অন্যতম পৃষ্ঠপোষক মুক্তধারার বিশ্বজিৎ সাহা। এ সময় জানানো হয় যে, টাইমস স্কোয়ারের 'ফাদার ডাফি স্কোয়ারে' (লাল সিঁড়ির পাশে) পূজার থিম ও মণ্ডপ নির্মাণ করছেন কলকাতার থিম পূজার শিল্পীরা। আর টাইমস স্কোয়ারে গড়ে তোলা হবে কলকাতার ডালহৌসি স্কোয়ার ও ঢাকার ঢাকেশ্বরী মন্দিরের আদলে। কলকাতার কুমারটুলির খ্যাতনামা শিল্পী প্রদীপ রুদ্র পাল নির্মিত একটি নতুন প্রতিমা আনছে পূজার জন্য। এই উৎসবে সিঁদুর খেলা, ধুনুচি নাচ, এবং নবরাত্রির অন্যান্য রীতি-অনুষ্ঠানের পাশাপাশি কলকাতা ও ঢাকার শীর্ষস্থানীয় শিল্পীদের পরিবেশনা থাকবে। এই আন্তর্জাতিক দুর্গা উৎসবে অংশগ্রহণ করবেন বিশ্বের নানা প্রান্তের বাঙালিরা এবং অনুষ্ঠানটি বিশ্বব্যাপী সরাসরি সম্প্রচার করা হবে। সংবাদ সম্মেলনে ভারতীয় প্রবাসীদের প্রাচীনতম 'নর্থ আমেরিকা বঙ্গ সম্মেলন'র আয়োজক সংগঠন সিএবি এবং বাংলাদেশের বেলায় সোসাইটি সহ বিভিন্ন সংগঠন ও ব্যক্তি টাইমস স্কয়ার দুর্গোৎসবে সহযোগিতার ঘোষণা দেন। এদিকে আগামী ১ ও ২ অক্টোবর টাইমস স্কয়ারে বেঙ্গলী ক্লাব অব ইউএসএ'র দীনেশ মজুমদারের নেতৃত্বে 'টাইমস স্কয়ার দুর্গা উৎসব অ্যাসোসিয়েশন'র আয়োজন করা হয়েছে। একই দিন একই সময়ে অল্প দূরত্বে এ আয়োজনে হিন্দু সম্প্রদায়ের মধ্যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

# ট্রাম্প-পুতিন বৈঠকে ভারতের লাভক্ষতি

৬৪ পৃষ্ঠার পর

বৈঠকে ইউক্রেন যুদ্ধের অবসান কিভাবে হবে তা গুরুত্ব পাবে। মার্কিন ট্রেজারি মন্ত্রী স্কট বেসেন্ট বলেছেন, এ বিষয়টি পুরোটাই নির্ভর করছে শুক্রবারের আলাস্কায় ট্রাম্প-পুতিনের বৈঠকের ওপর। ইতিমধ্যেই ভারতীয় পণ্যে দ্বিতীয় দফায় শুল্ক বাড়িয়েছে যুক্তরাষ্ট্র। রাশিয়া থেকে তেল কেনার অভিযোগে এই শুল্কহার বৃদ্ধি করা হয়। এখন যদি পুতিনের সঙ্গে আলোচনা ব্যর্থ হয় তাহলে ভারতীয় পণ্যে নিষেধাজ্ঞা অথবা দ্বিতীয় ধাপের শুল্কহার আরও বৃদ্ধি করা হতে পারে বলে জানিয়েছেন স্কট। বুধবার ব্লুমবার্গ টেলিভিশনে দেয়া এক সাক্ষাৎকারে এমন কথা জানান তিনি। এদিকে অনলাইন বিবিসি জানায়, এ মাসের শুরুতে ভারতীয় পণ্যে পূর্বঘোষিত ২৫ ভাগ শুল্কের সঙ্গে সমপরিমাণ শুল্ক বৃদ্ধি করে ৫০ শতাংশ শুল্কের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র। যা এ মাসের শেষে কার্যকর হবে বলে জানিয়েছে ওয়াশিংটন। মূলত রাশিয়ার তেল এবং অস্ত্র আমদানি করায় নয়াদিল্লির ওপর এমন নিষ্ফল এসেছে। এদিকে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে মধ্যস্থতার ভূমিকায় আছেন মার্কিন প্রেসিডেন্ট। বুধবার ট্রাম্প সতর্ক করে বলেন, যদি মস্কো যুদ্ধবিরতিতে রাজি না হয় তাহলে তাদের গুরুতর পরিণতি ভোগ করতে হবে। ক্ষমতায় আসার পর থেকেই পুতিনের সঙ্গে আলোচনা শুরু করেন ট্রাম্প। এর আগে ফোনকলে কথা বলেন এ দুই নেতা। এছাড়া ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ একাধিকবার রুশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন। যার ধারাবাহিকতায় আজ আলাস্কায় বৈঠকে বসতে যাচ্ছেন এ দুই নেতা। কিভাবে এই যুদ্ধের অবসান হবে তা নিয়ে আলোচনা করবেন তারা।

# লেফটেন্যান্ট কমান্ডার হলেন সৈয়দ সুমন

৬৪ পৃষ্ঠার পর

আমেরিকান সৈয়দ সুমন মাহবুব। বৃহত্তর সিলেটের হবিগঞ্জ জেলার কৃতি সন্তান সৈয়দ সুমন মাহবুব নিউইয়র্কের বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) প্রতিষ্ঠাতা সভাপতি। সৈয়দ সুমন মাহবুব ১৯৯৯ সালে এনওয়াইপিডিতে অফিসার পদে যোগ দেন। পরে সার্জেন্ট এবং লেফটেন্যান্ট পদে পদোন্নতি পান। এবং সম্প্রতি লেফটেন্যান্ট কমান্ডার হয়েছেন। তাছাড়া তিনি ক্যাপ্টেন পদের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। যে কোনো সময় ক্যাপ্টেন হিসাবে পদোন্নতি পাবেন। জানা গেছে বর্তমানে নিউইয়র্ক পুলিশে বাংলাদেশি বংশোদ্ভূত অফিসারদের সংখ্যা এক হাজারেরও বেশী। তাদের মধ্যে একজন ইন্সপেক্টর, চারজন ক্যাপ্টেন, ১৫ জন লেফটেন্যান্ট, ৮২ জন সার্জেন্ট, কমপক্ষে ১০ জন ডিটেকটিভ পদে কর্মরত। এছাড়া ট্রাফিক বিভাগে কর্মরত আছেন আরো দুই সহস্রাধিক। এই বিভাগে ম্যানেজারসহ বহু সুপারভাইজার পদে বাংলাদেশিরা রয়েছেন।


আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS | EQUAL HOUSING LENDER





KAZI N JALAL
Licensed Sale Agent

ARA REALTY SERVICES INC
A full Service Real Estate Brokerage of Professional Company

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



ESTD 2017

Tribune Training Academy
Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# মুক্তির দিনেই পাইরেসির শিকার

## রজনীকান্তের 'কুলি' ও 'ওয়ার-২'

আজকাল বিনোদন




দক্ষিণী সুপারস্টার রজনীকান্তের নতুন অ্যাকশন-ড্রামা 'কুলি' মুক্তির দিনেই পাইরেসির কবলে পড়ল। ১৪ আগস্ট সকালে প্রেক্ষাগৃহে প্রদর্শন শুরুর কয়েক ঘণ্টার মধ্যেই ছবির এইচডি প্রিন্ট অনলাইনে ফাঁস হয়ে যায়। দুপুর গড়াতেই টেলিগ্রাম চ্যানেলসহ অসংখ্য থার্ড পার্টি ওয়েবসাইটে পুরো সিনেমাটি ছড়িয়ে পড়ে। ভারতীয় গণমাধ্যম জানায়, মুক্তির কিছুক্ষণের মধ্যেই 'কুলি ফ্রি ডাউনলোড' সার্চ টার্মটি সার্চ ইঞ্জিনে ট্রেন্ডিং হতে থাকে। কুখ্যাত পাইরেসি সাইট তামিলরকার্স, পাইরেটস বে, ফিল্মিজিলা, মুভিরুলজ, মুভিজওয়ালাসহ আরও অনেক সাইটে ছবিটি ৪৮০পি, ৭২০পি ও ১০৮০পি কোয়ালিটিতে ডাউনলোডের জন্য উপলব্ধ হয়ে যায়। এরপর অল্প সময়েই এসব লিঙ্ক সোশ্যাল মিডিয়া ও বড় বড় টেলিগ্রাম চ্যানেলে ভাইরাল হয়। এই ঘটনা ছবির প্রথম দিনের বক্স অফিস আয়কে বড় ধরনের হুমকির মুখে ফেলেছে। রজনীকান্ত ভক্ত এবং ছবির নির্মাতারা নেটদুনিয়ায় অনুরোধ জানাচ্ছেন, 'থিয়েটারে গিয়ে ছবি দেখুন, অবৈধ ডাউনলোড এড়িয়ে চলুন। পাইরেসি সরাসরি সিনেমার আয় ক্ষতিগ্রস্ত করে।'

'কুলি' পরিচালনা করেছেন জনপ্রিয় পরিচালক লোকেশ কনগরাজ। রজনীকান্তের সঙ্গে এই ছবিতে আছেন নাগার্জুন, আমির খান ও শ্রুতি হাসান। অ্যাকশন, ড্রামা ও তারকাবহুল কাস্টের কারণে মুক্তির আগে থেকেই ব্যাপক আলোচনায় ছিল ছবিটি। তবে মুক্তির কয়েক ঘণ্টার মধ্যেই পাইরেসির আঘাত শিল্পী ও প্রযোজকদের জন্য বড় ধাক্কা হয়ে এলো। এখন দেখার বিষয়, অনলাইন ফাঁসের ধাক্কা সামলে রজনীর 'কুলি' বক্স অফিসে কতটা বাজিমাত করতে পারে।

মুক্তির দিনেই পাইরেসির কবলে 'ওয়ার-২': বলিউডের বহুল প্রতীক্ষিত অ্যাকশন থ্রিলার 'ওয়ার-২' বৃহস্পতিবার সকালে প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে। হৃতিক রোশন, জুনিয়র এনটিআর ও কিয়ারা এরপর ৪০ পৃষ্ঠায়



## 'তাণ্ডব' তালিকায় যুক্ত হলো আরেক ওটিটি

আজকাল বিনোদন

বড় পর্দায় বাজিমাত করার পর দুটি ওটিটি প্ল্যাটফর্মেও চলছে 'তাণ্ডব'র জয়যাত্রা। আরও দর্শকদের কাছে সিনেমাটি পৌঁছে দিতে এবার যুক্ত হলো আরেক ওটিটি প্ল্যাটফর্ম। নাম তার দীপ্ত প্লে। ১৪ আগস্ট থেকে দীপ্ত প্লে'তে দেখা যাচ্ছে বছরের বহুল আকাঙ্ক্ষিত সিনেমা 'তাণ্ডব'। দর্শকদের এই তথ্য এরপর ৪০ পৃষ্ঠায়



## জয়ার সিনেমার নতুন রেকর্ড



আজকাল বিনোদন

কলকাতার সিনেমার আলোচিত নির্মাতা অনিরুদ্ধ রায় চৌধুরী। তার পরিচালিত 'ডিয়ার মা' সিনেমায় জয়া আহসান অভিনয় করে প্রশংসিত হয়েছেন। সিনেমাটি ভারতের পর চলছে উত্তর আমেরিকার প্রেক্ষাগৃহেও। সেখানে প্রথম দিনেই রেকর্ড গড়েছে।

যুক্তরাষ্ট্র ও কানাডার প্রায় অর্ধশত প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়া ছবিটি প্রথম দিনে আয় করেছে ১ লাখ ১ হাজার ১০০ মার্কিন ডলার। কলকাতার কোনো সিনেমার জন্য এখন পর্যন্ত এটিই সর্বোচ্চ প্রথম দিনের আয়ের রেকর্ড।

প্রথম সপ্তাহে ৫০টির মতো সিনেমা হলে মুক্তি পেলেও দ্বিতীয় সপ্তাহে প্রেক্ষাগৃহের সংখ্যা আরও বাড়বে বলে জানিয়েছে পরিবেশক প্রতিষ্ঠান বায়োস্কোপ ফিল্মস। সিনেমার আন্তর্জাতিক মুক্তি উপলক্ষে পরিচালক অনিরুদ্ধ রায় চৌধুরী ও প্রযোজক ইন্দ্রানী মুখার্জি যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্যে সরাসরি প্রচারণায় অংশ এরপর ৪২ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্রে আসছেন আতিয়া আনিসা

আজকাল বিনোদন

বিদ্যা সিনহা মিম ও শরিফুল রাজ অভিনীত রায়হান রাফী পরিচালিত 'পরাণ' সিনেমার 'চলো নিরালায়' গানের মাধ্যমে শ্রোতাদের মনে জায়গা করে নেন আতিয়া আনিসা। তবে তার গানের যাত্রা আরও আগে থেকেই। 'চ্যানেল আই সেরাকণ্ঠ'খ্যাত জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত শিল্পীর সবসময় মৌলিক গান দিয়েই এগিয়ে যেতে চেয়েছেন। নাটক, ওয়েবের গানেও আতিয়া আনিসার কণ্ঠের মাধুর্য মুগ্ধ করেছে শ্রোতা-দর্শককে। নতুন নতুন গান হিট হওয়ার পর ঢাকা, ঢাকার বাইরে স্টেজ শোতে মেতে ওঠেন আতিয়া আনিসা। এরই মধ্যে তিনি আরও একটি সুখবর দিলেন। তা হলো প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে আসছেন। সেখানকার বিভিন্ন স্টেটে ১৪টি শোয়ে তার গান গাওয়ার কথা রয়েছে। এরই মধ্যে নয়টি শো কনফার্ম বলেও নিশ্চিত করেছেন আনিসা।

প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে যাওয়া নিয়ে ভীষণ উচ্ছ্বসিত আতিয়া আনিসা। এই শিল্পী বলেন, নিজের গানের সুবাদেই প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে যাচ্ছি। সংগীতজীবনের শুরু থেকেই আমার একটি স্বপ্ন ছিল, নিজের গান নিয়ে বিশ্বের বিভিন্ন প্রান্তে ঘুরে বেড়ানো এবং দেশের সংগীতকে আন্তর্জাতিক মঞ্চে তুলে ধরা। আজ সেই স্বপ্নের একটি অংশ পূরণ হতে চলেছে, যা আমার জন্য গর্বের বিষয়। যদিও এটি আমার জীবনের প্রথম যুক্তরাষ্ট্র ভ্রমণ, তবে পেশাগতভাবে এটি আমার চতুর্থ আন্তর্জাতিক সফর। আমি যতবার দেশের বাইরে গিয়েছি, সবসময়ই গানের আমন্ত্রণেই গিয়েছি। গান এরপর ৪২ পৃষ্ঠায়

## ব্যক্তিগত মুহূর্তের ভিডিও ফাঁস, বিতর্কে পাকিস্তানি অভিনেত্রী

আজকাল বিনোদন




ব্যক্তিগত মুহূর্তের একটি সংক্ষিপ্ত ভিডিও ক্লিপ ইন্টারনেটে ছড়িয়ে পড়ার পর নতুন করে বিতর্কের মুখে পড়েছেন পাকিস্তানি মডেল-অভিনেত্রী আলিজে শাহ। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা বাথটাবে থাকা আলিজের কাঁধের ওপর রাখা খাবারের ছোট একটি অংশ কাঁটাচামচে তুলে রহস্যময় এক ব্যক্তি তাকে খাওয়াতে যাচ্ছেন; মুহূর্তেই হাসিতে ফেটে পড়েন আলিজে। কে সেই ব্যক্তি—এ নিয়ে জোর গুঞ্জন চলছে, যদিও এ ঘটনায় এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেননি তিনি।

ভিডিওটি ছড়িয়ে পড়ার পর নেটিজেনদের প্রতিক্রিয়া তীব্র ও দ্বিমুখী। একদল বলছেন, 'আলোচনায় থাকার জন্য আলিজের এটি নতুন কৌশল হতে পারে।' অন্যরা ক্লিপটিকে 'অশোভন' ও 'নোংরা' আখ্যা দিয়ে সমালোচনা করছেন। আবার অনেকের দাবি, ভিডিওতে দেখা রহস্যময় ব্যক্তি নাকি আলিজের প্রেমিক—তবে এ দাবি যাচাইযোগ্য কোনো সূত্রে নিশ্চিত হয়নি।

নাটক 'এস-এ-ওয়াফা'-তে 'দুয়া' চরিত্রে অভিনয় করে যে নিষ্পাপ ইমেজে দর্শকের হৃদয় জিতেছিলেন, সেই আলিজেকে ভিন্ন এক প্রেক্ষাপটে দেখে অবাক হয়েছেন তারই বহু অনুরাগী। সামাজিক যোগাযোগমাধ্যমে ভক্তদের একাংশ হতবাক ও হতাশা প্রকাশ করলেও, আরেক পক্ষ এই বিতর্ককে 'ব্যক্তিগত পছন্দ' ও 'প্রাইভেসির অধিকার'-এর আলোকে দেখার আহ্বান জানাচ্ছে। এটাই প্রথম নয়—২৫ বছর বয়সী আলিজে শাহকে ঘিরে আগে থেকেও এরপর ৩৬ পৃষ্ঠায়

## ফিরছে বিটিভির বিখ্যাত 'নতুন কুঁড়ি'

নতুন কুঁড়ি

আজকাল বিনোদন

শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বাংলাদেশের প্রথম রিয়েলিটি শো বলা হয় 'নতুনকুঁড়ি'কে। বিটিভির উদ্যোগে ১৯৭৬ সালে এটি শুরু হয়। ২০০৫ সালের পর থেকে এটি অলিখিত কারণে বন্ধ থাকে।

টানা দুই দশক পর সেই আয়োজনটি ফের হতে যাচ্ছে বাংলাদেশ টেলিভিশনের পর্দায়। আগামী ১৫ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিযোগিতার আবেদন গ্রহণ করা হবে। আবেদন করার নিয়ম জানা যাবে বিটিভির ওয়েবসাইটে।

বিটিভির ডিজি মাহবুবুল আলম জানান, পুরো দেশকে ১৬টি অঞ্চলে এরপর ২৮ পৃষ্ঠায়


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ATIF ASLAM
BORDERLESS
Live in New York
SATURDAY, SEPT 06, 2025 | 8.00PM
VENUE: NASSAU COLISEUM
1255 Hempstead Tpke, Uniondale, NY 11553
ticketmaster
Sulekha
SCAN FOR TICKETS:
$59 - $79 - $99 - $129 - $159 - $179 - $199 - VIP - VVIP
FOR MORE INFORMATION
BHARAT JOTWANI: 516-3301011 • SHAH NAWAZ: 646-591-8396
ORGANIZED BY: BHARAT JOTWANI
MEDIA PARTNER: আজকাল ইনকিলাব
Design & Print By: ihopeprint.com, (925) 538-7903


First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services,
Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

# Video & Photo PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432




# মেয়র প্রার্থী জোহরান মামদানীকে জীবনের এন্ডোসমেন্ট

৬২ পৃষ্ঠার পর

জোহরান মামদানি শুধু প্রথম প্রজন্মের ইমিগ্রান্ট এবং তাঁর ধর্মগত পরিচয়ের কারণে যতটা এই আলোচন তার চেয়ে অনেক বেশি তার দরিদ্র কেন্দ্রিক এবং পুঁজিবাদ বিরোধী নীতির কারণে। অনেক মেয়র প্রার্থী বা মেয়র নিউইয়র্ক সিটির দরিদ্র বা স্বল্প আয়ের মানুষদের পক্ষে দাঁড়িয়েছেন। তার দুটি উদাহরণ বর্তমান মেয়র এরিক এডামস এবং এর পূর্ববর্তী মেয়র বিল ডি ব্লাজিও। তাদের প্রধান কর্মসূচী হলো নিউইয়র্ক সিটিকে দরিদ্র মানুষদের জন্য এ্যাফোর্ডেবল করে তোলা। কিন্তু





প্রাইমারিতে মনোনয়ন পেয়ে ঝড় তোলা প্রার্থী জোহরান মামদানি ধনীদের ওপর অতিরিক্ত ট্যাক্স আরোপের ঘোষণা দিয়েছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবনের প্রেসিডেন্ট কারাম চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট এম ডি এ হালিম, সেক্রেটারি রাসেল মালিক, কোষাধ্যক্ষ পঙ্কজ রয়, সহকারী কোষাধ্যক্ষ অনিক ইসলাম, মিডিয়া লিয়াজন পাপিয়া শারমিন, ইভেন্ট কো-অর্ডিনেটর হাসান আহমেদ পলাশ, জীবনের ফাউন্ডার মেহেদী মামুন, মামুন সর্দার, রাজিব ঘোষ, এ্যাক্টভিস্ট সাজেদুর রহমান, ডক্টর সুজাত খান, এম ডি আলী, মনজুর রহমান, রিয়েল স্টেট ইনভেস্টর আতিক হোসেন, এম ডি এ মামুন, এজাজ হোসেন, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক মাহওয়াজেদ এ খান, বাপসনিউজ এডিটর ও আইবিএননিউজের প্রধান সম্পাদক সিনিয়র সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, এম ডি হক, এম ডি রহমান, অভিনেত্রী রিচি সোলাইমান, আক্তার ইসলাম, এম ডি হাসান, জে এম সির পরিচালক ইমাম নাসের আলী, প্রকৌশলী আব্দুল সোবহান, কমিউনিটি লিডার ফখরুল ইসলাম দেলওয়ার এবং কমিউনিটি এক্টিভিস্ট কায়ান সোলাইমান প্রমুখ।


WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


লং আইল্যান্ড বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক্
Long Island Bangladesh Society USA Inc.
বার্ষিক বনভোজন মিলনমেলা ২০২৫
তারিখ
২৩ আগস্ট ২০২৫ শনিবার সকাল ৯ টায়
স্থান
BELMONT LAKE STATE PARK
Long Island, Oak Pavilion
625 Belmont Ave, West Babylon, NY 11704
সবুজ, কৃষ্ণা তিথি, রাজিব
বিশেষ আকর্ষণ র‍্যাফেল ড্র
স্বর্ণালংকার সেট
টিভি, ল্যাপটপ সহ
মোট ১৫ টি আকর্ষণীয় পুরস্কার
BELMONT LAKE STATE PARK
এক্সিডেন্ট কেইসেস, মেডিক্যাল ম্যালফেক্টিস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ
প্রধান অতিথি: এটর্নী মঈন চৌধুরী
ডাইরেক্টর, আমেরিকান ইন্টারন্যাশনাল বার এসোসিয়েশন
Moin Choudhury
Attorney at Law
বিশেষ অতিথি:
আমির হোসেন কামাল
বিজনেস ডেভেলপমেন্ট ডাইরেক্টর, মার্কস হোম কেয়ার
মোঃ কামাল, সিপিএ
সিনিয়র লোন অফিসার
সুধী, আস্সালামু আলাইকুম
আগামী ২৩ আগস্ট ২০২৫ রোজ শনিবার লং আইল্যান্ড বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক্ এর উদ্যোগে প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি সবুজ ছায়াঘেরা মনোরম পরিবেশে বেলমন্ট লেক স্টেট পার্ক, লং আইল্যান্ড বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত বনভোজনে আপনি/আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।
আমন্ত্রণে
মোহাম্মদ কে আহাম্মদ (জসীম)
আহবায়ক, ৯১৭-৪১২-৭৭৩৯
যুগ্ম আহবায়ক
সনেট খান, ৩৪৭-৩৯৩-০৩৭৬
সুব্রত পল, ৬৪৬-২৫৮-৪৪১৮
আপ্যায়নেঃ
মোঃ শওকত আহাম্মদ, ৫১৬-৩৪৩-৯৩৫৫
মোহাম্মদ তুহিন-৬৪৬-৪২০-১৮০০
মোহাম্মদ রেজা, ৫১৬-৫২৮-৮৮৫২
দেবাশীষ বড়াল-৬৪৬-২৬৬-৫২২৩
সমন্বয়কারী
এ বি সিদ্দিকী, ৯১৭-৫১৯-১১৫১
শামসুজ্জামান, ৩৪৭-৬০৭-৬৮০০
এস এম বাহাদুর, ৭১৮-৯০২-৯৪৬১
অর্থ সচিব ঃ Zelle:
গৌরব সাহা, 646-643-7244
চাঁদার পরিমান:
পরিবার ১০০ ডলার (৪জন)
একক ৪০ ডলার
স্বামী-স্ত্রী ৭০ ডলার
শুভেচ্ছান্তে-
আজমল হোসেন
সদস্য সচিব, ৯২৯-৩৫০-৪২৭১
যুগ্ম সদস্য সচিব
আরজু আহমেদ -৬৩১-৬৩৯-৬০১২
রাজকুমার সাহা, ৬৪৬-২৬৯-১৮৭০
সাংস্কৃতিক ও খেলাধুলায়
সদানন্দ হালদার, ৩৪৭-৩৫০-৪৮৩৪
শাহীনুর শানু, ৯২৯-৩৫০-৬০৩৯
আনোয়ার ওসমানী ৫১৬-৭০৯-১৪৫৩
ডোনার
মোঃ সারফ রাজ
(সিইও, ক্রিসপি ফ্রাইডস চিকেন)
শাহনাজ হোসেন
এবি সিদ্দিকী
মোহাম্মদ কে আহাম্মদ
গৌরব সাহা
সাকির খান
স্পন্সর
স্বপ্না রশিদ
শাহীনুর রহমান সানী
গোল্ডেন এইজ হোম কেয়ার
টিডিএস ইন্সুরেন্স ব্রোকারেজ
সারোয়ার খান বাবু (রিয়েলেটর)
রাজকুমার সাহা
সনেট খান
শাহীনুর শানু
সার্বিক সহযোগিতা
ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা ইনক্
মোহাম্মদ সারফ রাজ
সভাপতি, ২৩৯-২৬৯-৩২৮৩
মোঃ সাকিরুল ইসলাম খান (সাকির)
সাধারণ সম্পাদক, ৬৩১-৫৫২-৯৫০২

# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE



WHY CHOOSE US?

**We Pay The Highest Rate**

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

**$23** Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com



ঈদ উপলক্ষে 10% DISCOUNT

# DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# প্রবাসী উল্লাপাড়া উপজেলা এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক
# Probashi Ullahpara Upazila Association of USA Inc.



## ২৪ আগস্ট
## রবিবার-২০২৫
# বনভোজন

খেলাধুলা
সাংস্কৃতিক অনুষ্ঠান
সুস্বাদু খাবার

নিজস্ব পরিবহন ব্যবহার করুন
গাড়ী ছাড়ার সময়
সকাল ৯:৩০টা

Place
**Ferry Point Park**
10 Hutchinson River Pkwy
Bronx, NY 10465

প্রধান অতিথি:
- **আতাউর রহমান সেলিম**
  সভাপতি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

বিশেষ অতিথি
- **মোহাম্মদ কামরুজ্জামান (কামরুল)**
  সহ সভাপতি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
- **মোহাম্মদ আলী**
  সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

সম্মানিত অতিথি
- **রাফেল তালুকদার**
  সভাপতি, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইন্‌ক
- **মো: আশরাফুজ্জামান আশরাফ**
  সাধারণ সম্পাদক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইন্‌ক
- **মো: আব্দুর রউফ লেবু**
  সভাপতি, প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইন্‌ক
- **এস এম নাদির উজ্জল**
  সাধারণ সম্পাদক, প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইন্‌ক
- **মনোয়ারুল ইসলাম**
  সভাপতি, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
- **শামিম আহমেদ**
  বিশিষ্ট শিল্পপতি

সম্মানিত সুধী,
আগামী ২৪ আগস্ট ২০২৫ইং রবিবার প্রবাসী উল্লাপাড়া উপজেলা এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক এর বনভোজন আয়োজন করা হয়েছে। পরিবার ও বন্ধুবান্ধবের সাথে একটি সুন্দর আনন্দময় দিন উপভোগের জন্য প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা 'ফেরিপয়েন্ট পার্ক'-এ আয়োজিত এই বনভোজনে আপনি ও আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

**তানজিল আহমেদ আরিফ**
আহ্বায়ক, ৬৪৬-৩০১-০৭৩৫

**মো: নাছিমুল গনি (টিপু)**
প্রধান পৃষ্ঠপোষক

**নুর মোহাম্মদ সরকার**
প্রধান সমন্বয়কারী

**মো: সামসুল আতিকিন**
সদস্য সচিব, ৩৪৭-২৬৪-০৪০৫

যুগ্ম আহ্বায়ক
এ কে এম হাসান শাহরিয়ার
মো: জাহিদুল ইসলাম
মো: নাজমুল হোসাইন

পৃষ্ঠপোষক
মো: নজরুল ইসলাম
মো: শফিকুল ইসলাম
ইঞ্জি. ফয়জুর রহমান (রাসেল)
মো: আকবর আলী

সমন্বয়কারী
মো: আবুল হোসেন
মো: তৌফিক ছারোয়ার পাপন
মাহবুব হোসেন রবিন

যুগ্ম সদস্য সচিব
মো: শাহ আলম
সোহেল রানা হাসিব
তারিন আহমেদ শান্ত

প্রধান উপদেষ্টা: **মোহাম্মদ আব্দুল খালেক** প্রধান ব্যবস্থাপক: **মো: রেজাউল খান**

ব্যবস্থাপক
মো: নুরে আলম সিদ্দিকী
ইঞ্জি. জামিল হোসেন
সারওয়ার জাহান সবুজ
মো: আবু আনসার সরকার

আপ্যায়নে
মো: জালাল উদ্দিন
মো: নুর উদ্দিন শাহাদ
ইঞ্জি: শিফাত হোসেন

ক্রীড়া পরিচালনায়
মো: কামরুল হাসান লাভলু
তানভির আহমেদ
মো: আইয়ুব আলী

## সার্বিক সহযোগিতায়

বিলকিস খাতুন, লাভলী পারভীন পাখি, রিনাত ফুজিয়া ইতি, রাবেয়া খাতুন, মো: মতিউর রহমান, মো: আবু আনছার সরকার মিঠু, মো: জামাল পাটোয়ারী, সাবিনা ইয়াসমিন, ফারজানা খাতুন, মো: কাসিক আহমেদ, মো: আব্দুল আলীম, সুরভী সুলতানা, মোসা: শিরিন আক্তার, তাহমিনা খাতুন, মুক্তা খানম প্রমুখ।

শুভেচ্ছান্তে

**এস এম হাসান আলী**
সভাপতি, ৯১৭-৬০৫-৩৯৬৮

**মো: আব্দুল হালিম**
সাধারণ সম্পাদক, ৬৪৬-৪৭৪-৫৮৭৬

প্রচারে: তাসিক আহমেদ, প্রচার সম্পাদক

Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City
CONTACT:
CELL: +1 (347) 294-9697

# বাংলাদেশ পরিস্থিতিতে উদ্বেগ বিদ্যমান

৬২ পৃষ্ঠার পর

বলপূর্বক অন্তর্ধান, নির্যাতন, নির্বিচারে আটক, আন্তঃদেশীয় দমন এবং মত প্রকাশের স্বাধীনতার উপর কঠোর বিধিনিষেধসহ ব্যাপক নির্যাতনের বিবরণ দেওয়া হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, শেখ হাসিনা প্রশাসনের অধীনে, মানবাধিকার গোষ্ঠী এবং গণমাধ্যম অপব্যবহারের জন্য 'ব্যাপক দায়মুক্তি' প্রতিবেদন করেছিল, বিরল মামলা এবং বেশিরভাগ ক্ষেত্রে নিরাপত্তা কর্মীদের দোষী সাব্যস্ত করার জন্য প্রশাসনিক শাস্তি দেওয়া হয়েছিল। সাংবাদিক এবং ব্লগাররা প্রায়শই সরকার বা ধর্মীয় মতাদর্শের সমালোচনা করার জন্য ডিজিটাল নিরাপত্তা আইন, সাইবার নিরাপত্তা আইন এবং আইসিটি আইনের অধীনে হয়রানি, ভীতিপ্রদর্শন এবং গ্রেপ্তারের সম্মুখীন হন। গত বছরের আগস্ট পর্যন্ত, ট্রাইব্যুনালে ৫,৮১৮টি সাইবার অপরাধের মামলা বিচারাধীন ছিল। যার মধ্যে ১,৩৪০টি 'বক্তৃতা-ভিত্তিক অপরাধ' হিসাবে শ্রেণীবদ্ধ ছিল। এমনকি কিশোর-কিশোরীদেরও বিচার করা হয়েছিল।

গত বছরের সেপ্টেম্বরে, অন্তর্বর্তীকালীন সরকার এই ধরনের এক হাজারেরও বেশি মামলা প্রত্যাহারের ঘোষণা করে এবং শুধুমাত্র বক্তৃতা-সম্পর্কিত অপরাধের জন্য অভিযুক্ত বন্দীদের মুক্তি দেওয়ার প্রতিশ্রুতি দেয়।

এটি প্রাক্তন ক্ষমতাসীন দলের সাথে যুক্ত ১৬৭ জন সাংবাদিকের প্রেস কার্ড বাতিল করে। সরকারী অনুষ্ঠানে তাদের প্রবেশাধিকার সীমাবদ্ধ করে। গত বছরের প্রথম আট মাসে, মানবাধিকার গোষ্ঠী আইন ও সালিশ কেন্দ্র ৩৮৪ জন সাংবাদিককে হয়রানি বা আক্রমণের নথিভুক্ত করেছে। যার মধ্যে বিক্ষোভের সময় পাঁচটি গুলি ছিল। হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির মতে, ১২০টি ঘটনায় দুই সাংবাদিক নিহত এবং ১২৮ জন আহত হয়েছেন।

প্রতিবেদনে আওয়ামী লীগের অধীনে জোরপূর্বক অন্তর্ধানের ক্রমাগত অভিযোগ তুলে ধরা হয়েছে, যার বেশিরভাগ শিকার হয়েছেন রাজনৈতিক বিরোধী বা কর্মী। জানুয়ারি থেকে জুনের মধ্যে, এইচ. আর. এস. এস ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে তিনটি নিখোঁজ এবং আটটি অবৈধ আটকের ঘটনা রেকর্ড করেছে।

সরকার পরিবর্তনের পর, দীর্ঘদিন ধরে নিখোঁজ অনেক ব্যক্তিকে গোপন আটক কেন্দ্র থেকে মুক্তি দেওয়া হয়েছিল, যেখানে কয়েকজনকে বছরের পর বছর ধরে কোনও অভিযোগ ছাড়াই রাখা হয়েছিল।

আদিবাসী অধিকার কর্মী মাইকেল চাকমা পাঁচ বছরেরও বেশি সময় গোপন হেফাজতে থাকার পর মুক্তি পান। হিউম্যান রাইটস ওয়াচ অনুমান করেছে যে প্রায় ১০০ জন নিখোঁজ ভুক্তভোগী নিখোঁজ রয়েছেন।

অন্তর্বর্তী সরকারের সময়ে জোরপূর্বক একটি গুমের অভিযোগ পাওয়া গেছে। আসলাম সেরনিয়াবাত নামে এক অটোমোবাইল অ্যাসোসিয়েশনের কর্মকর্তার স্বজনরা অভিযোগে বলেন, ২৯শে আগস্ট ঢাকা থেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ইউনিফর্ম পরা সদস্য ও সাদাপোশাকধারীরা মিলে তাকে অপহরণ করে।

২৫শে সেপ্টেম্বর পুলিশ তাকে একটি হত্যা মামলার আসামি হিসেবে আদালতে হাজির করে। সরকার পরিবর্তনের পরপরই বহু গুমের শিকার ব্যক্তিকে গোপন বন্দিশালা 'আয়নাঘর' থেকে মুক্তি দেয়া হয়। সেখানে কেউ কেউ টানা আট বছর পর্যন্ত আটক ছিলেন।

পাঁচ বছরেরও বেশি সময় গোপন আটক থাকার পর মুক্তি পান পার্বত্য চট্টগ্রামের আদিবাসী ও অধিকারকর্মী মাইকেল চাকমা। হিউম্যান রাইটস ওয়াচের হিসাবে আরও প্রায় ১০০ জন জোরপূর্বক গুমের শিকার ব্যক্তি এখনো নিখোঁজ রয়েছেন। ফ্রিডম হাউসের ফ্রিডম ইন দ্য ওয়ার্ল্ড ২০২৪ প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, 'আইনশৃঙ্খলা বাহিনীকে দীর্ঘদিন ধরে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, অপহরণ এবং অন্যান্য মানবাধিকার লঙ্ঘনের অভিযোগের মুখোমুখি হতে হয়েছে। এর মধ্যে মাদক ব্যবসা, সংগঠিত অপরাধ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে অভিযানও অন্তর্ভুক্ত।' অটোমোবাইল অ্যাসোসিয়েশনের কর্মকর্তা আসলাম সেরনিয়াবাতের আত্মীয়রা গত বছরের ২৯ আগস্ট আইন প্রয়োগকারীদের বিরুদ্ধে তাকে অপহরণের অভিযোগ আনেন। পরে একটি হত্যা মামলায় তাকে আদালতে হাজির করে পুলিশ।

BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




•Residential •Commercial •Investment
•Foreclosures •Auctions •Co-Op & Condo
•Short Sale •Hud •Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245

# ব্রাহ্মণবাড়ীয়া কমিউনিটির বনভোজন অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

ঘটে। এবারের বনভোজনের আহবায়ক ছিলেন প্রকৌশলী সোয়াব মিয়া। শুরুতে কোরআন তেলাওয়াত করেন মাওলানা ইব্রাহিম খলিল মাদানী। পরে ঢাকার মাইলস্টোন স্কুল ও কলেজে ভয়াবহ বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের এবং প্রবাসে ব্রাহ্মণবাড়ীয়ার যারা মৃত্যুবরণ করেছেন সকলের জন্য দোয়া পরিচালনা করেন তিনি।

এবারের বনভোজনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়র্কের অত্যন্ত পরিচিত মুখ এটর্নী মঈন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন সাবেক সাংসদ সফিকুর রহমান, হাজী আবু মুসা খান, বিশিষ্ট ব্যবসায়ী শফি উদ্দিন কামাল, গিয়াস উদ্দিন ভূইয়া, মোহাম্মদ আলী, গিয়াস উদ্দিন ভূইয়া (সিইও প্রেসিডেন্ট এস্টেট) এবং মো. আমির হোসেন কামাল (মার্কস হোম কেয়ার)। আরো উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়ীয়া সোসাইটি অব ইউএসএ ইনকের সভাপতি রানা মোহাম্মদ আয়েজ, সাবেক সভাপতি সেলিম পাঠান, রাজু আহমেদ মোবারক, এইচ এম ইকবাল, আহ হাকিম খান, সাধারন সম্পাদক বশির আহমেদ, ব্রাহ্মণবাড়ীয়া জেলা সমিতির নেতৃবৃন্দ ফখরুল ইসলাম ও মোহাম্মদ মোয়াজ্জেম, কসবা উপজেলা সমিতির সভাপতি মোঃ ফরহাদ উদ্দিন এবং সৈয়দ শওকত, নাদির আহমেদ আব্দুল এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক সাধারন সম্পাদক এস এম ইকবাল ফারুক।

তারপর প্রধান অতিথি এটর্নী মঈন চৌধুরী এবং বনভোজন উপ-কমিটির আহবায়ক প্রকৌশলী সোয়াব মিয়া এবং কমিউনিটির নেতৃবৃন্দ বেলুন উড়িয়ে বনভোজনের উদ্বোধন করেন। এরপর প্রধান অতিথি কমিউনিটির তথা প্রবাসী বাংলাদেশীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। তারপর বিশেষ অতিথিবৃন্দসহ বনভোজনের প্রধান সমন্বয়কারী আহিদুল চৌধুরী হারুন, সহ সমন্বয়কারী মোঃ রইজ উদ্দিন সমন্বয়কারী মোহাম্মদ শাহ মোয়াজ্জেম সহ অন্যান্য অতিথিবৃন্দ বক্তব্য রাখেন।

তারপর শুরু হয় বালক বালিকাদের খেলাধুলা প্রতিযোগিতা, খেলাধুলা পর্বে ছিল বালক/বালিকাদের দৌড় প্রতিযোগিতা, যেমন খুশি তেমন সাজো এবং মহিলাদের বালিশ প্রতিযোগিতা, খেলাধুলার মধ্যেই চলছিল নিউইয়র্কের অত্যন্ত পরিচিত ২ জন শিল্পী জহির টিপু ও লিপা জামানের সঙ্গীত পরিবেশন। তাদের সাথে আরো অতিথি শিল্পীরা ও সঙ্গীত পরিবেশন করেন। অতিথি শিল্পি হিসেবে ছিলেন হান্নান মাহমুদ ও রাজু আহমেদ মোবারক।

বনভোজনের সব শেষে হয় র‍্যাফেল ড্র প্রতিযোগিতা। র‍্যাফেল ড্র প্রতিযোগিতায় ১৩ টি পুরস্কার ছিল। প্রথম পুরস্কার ছিল স্বর্ণালংকার সেট। র‍্যাফেল ড্র ও বিভিন্ন প্রতিযোগীতার পুরস্কার বিতরণের পর সবশেষে সংগঠনের সভাপতি আনোয়ার হোসেন তালুকদার স্বপন সবাইকে ধন্যবাদ জানিয়ে বনভোজনের সমাপ্তি ঘোষণা করেন।

ঘরে বসে আয় করুন
আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?
তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।





যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

## Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR

## ক্রেডিট রিপেয়ার




**আমাদের সেবাসমূহঃ**

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেব্ট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, স্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।

(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

## Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* স্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



# ডাঃ গোবিন্দ পাল

মেডিসিন বিশেষজ্ঞ

**Attending Physician Wyckoff Heights Medical Center**

## Gobinda Paul M.D., F.A.C.P.

Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

## GOBINDA PAUL PHYSICIAN P.C.

An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

# মহিলা দাঁতের ডাক্তার

## NAEEMA BHUIYA, D.D.S

## নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
